সশস্ত্র বাহিনী দিবস জার্নাল ২০১৫

ARMED FORCES DAY JOURNAL 2015

With the Compliments of

Principal Staff Officer
Armed Forces Division

সশস্ত্র বাহিনী দিবস জার্নাল ২০১৫

ARMED FORCES DAY JOURNAL 2015



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

... বাংলাদেশের মালিক আজ বাংলাদেশের জনসাধারণ, সেজন্যই সম্ভব হয়েছে আজ আমাদের নিজের মাটিতে একাডেমি করার। আমি আশা করি, ইন্‌শাআল্লাহ্‌ এমন দিন আসবে, এই একাডেমির নাম শুধু দক্ষিণ-পূর্ব এশিয়াই নয়, সমস্ত দুনিয়াতে সম্মান অর্জন করবে। ...

... আজ এই একাডেমিতে আমাদের অনেক কিছুই নাই, আমরা সামান্য কিছু নিয়ে শুরু করেছিলাম, অনেক অসুবিধার মধ্যে তোমাদের ট্রেনিং নিতে হয়েছে। সবকিছু তোমাদের আমরা দিতে পারি নাই। তোমাদের কমান্ডাররা অনেক কষ্ট করে তোমাদের ট্রেনিং দিয়েছে। কিন্তু, আজ যা আমি দেখলাম তাতে আমি বিশ্বাস করতে পারি, যদি পূর্ণ সুযোগ সুবিধা দেওয়া যায়, তবে আমার ছেলেদের সেই শক্তি আছে, যে কোন দেশের, যে কোন সৈনিকের সঙ্গে তারা মোকাবেলা করতে পারে। ...

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

১৯৭৫ সালের ১১ জানুয়ারি কুমিল্লায় অবস্থিত বাংলাদেশ মিলিটারি একাডেমি (বিএমএ)-তে প্রথম প্রশিক্ষণ সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠানে ক্যাডেটদের উদ্দেশে প্রদত্ত ভাষণ থেকে উদ্ধৃত।

শিল্পীর চোখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের বাস্তবায়ন

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
ঢাকা।

০৭ অগ্রহায়ণ ১৪২২
২১ নভেম্বর ২০১৫

বাণী

একুশে নভেম্বর 'সশস্ত্র বাহিনী দিবস'। এ উপলক্ষে আমি সেনা, নৌ ও বিমান বাহিনীর সকল সদস্যকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

আমি এ দিনে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, যিনি জেল-জুলুম উপেক্ষা করে সমগ্র জাতিকে বাঙালি জাতীয়তাবাদে উদ্বুদ্ধ করে ১৯৭১ সালের ২৬ মার্চ স্বাধীনতার ঘোষণা দেন। তাঁরই নেতৃত্বে দীর্ঘ ন'মাস সশস্ত্র মুক্তিযুদ্ধের মাধ্যমে আমরা অর্জন করি কাঙ্ক্ষিত বিজয়। এ দিনে আমি শ্রদ্ধার সাথে স্মরণ করি বীরশ্রেষ্ঠ সিপাহী মোস্তফা কামাল, বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দীন জাহাঙ্গীর, বীরশ্রেষ্ঠ সিপাহী হামিদুর রহমান, বীরশ্রেষ্ঠ মোঃ রুহুল আমিন, ইআরএ-১, বীরশ্রেষ্ঠ ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান, বীরশ্রেষ্ঠ ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ, বীরশ্রেষ্ঠ ল্যান্স নায়েক মুন্সী আব্দুর রউফকে, যাঁরা মহান স্বাধীনতাযুদ্ধে অসামান্য অবদান রেখেছেন। সশস্ত্র বাহিনী দিবসে আমি দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বের জন্য শাহাদাত বরণকারী মুক্তিযোদ্ধাসহ সশস্ত্র বাহিনীর বীর শহীদদের আত্মার মাগফিরাত কামনা করি এবং যুদ্ধাহত ও শহীদ পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানাই।

মহান মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে গড়ে ওঠা বাংলাদেশের সশস্ত্র বাহিনী জাতির অহংকার। ১৯৭১ সালের এই দিনে সেনা, নৌ ও বিমান বাহিনী সম্মিলিতভাবে দখলদার বাহিনীর ওপর সর্বাত্মক আক্রমণ পরিচালনা করে। ফলশ্রুতিতে আমাদের কাঙ্ক্ষিত বিজয় অর্জন ত্বরান্বিত হয়। মহান স্বাধীনতা যুদ্ধে সশস্ত্র বাহিনীর অবদান ও বীরত্বগাথা জাতি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করে।

আমাদের সশস্ত্র বাহিনী একটি উঁচু পেশাদার, দক্ষ ও সুশৃঙ্খল বাহিনী। দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার মহান দায়িত্ব পালনের পাশাপাশি যেকোন প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা ও জাতিগঠনমূলক কর্মকাণ্ডে সশস্ত্র বাহিনীর সদস্যগণ প্রশংসনীয় ভূমিকা পালন করে যাচ্ছেন। কেবল দেশেই নয়, সশস্ত্র বাহিনীর সদস্যগণ জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে অংশ নিয়ে দক্ষতা, সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করে বহির্বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল করেছে। এ দায়িত্ব পালনকালে অনেক সদস্য শাহাদাত বরণ করেছেন। আমি তাঁদের আত্মার মাগফিরাত কামনা করি এবং তাঁদের পরিবারের প্রতি সমবেদনা জানাই।

সশস্ত্র বাহিনীর উন্নয়নে সরকার ফোর্সেস গোল-২০৩০ প্রণয়ন করেছে। এর ফলে সেনা, নৌ ও বিমান বাহিনীতে জনবল, স্থাপনা, আধুনিক যুদ্ধসরঞ্জাম বৃদ্ধিসহ বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। আমার বিশ্বাস এসব কর্মসূচি সশস্ত্র বাহিনীকে আরও আধুনিক, দক্ষ ও গতিশীল করবে। যেকোন বাহিনীর উন্নয়নের পূর্বশর্ত হলো নেতৃত্বের প্রতি গভীর আস্থা, পারস্পরিক বিশ্বাস, শ্রদ্ধাবোধ, সহমর্মিতা, ভ্রাতৃত্ববোধ, কর্তব্যপরায়ণতা, দক্ষতা এবং সর্বোপরি শৃঙ্খলা। আমার দৃঢ় বিশ্বাস, সশস্ত্র বাহিনীর সদস্যগণ নেতৃত্বের প্রতি পরিপূর্ণ অনুগত থেকে কঠোর অনুশীলন, পেশাগত দক্ষতা, কর্তব্যনিষ্ঠা ও দেশপ্রেমের সমন্বয়ে তাঁদের গৌরব সমুন্নত রাখতে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখবে।

আমি সশস্ত্র বাহিনী দিবস ২০১৫ উপলক্ষে সশস্ত্র বাহিনীর উত্তরোত্তর সমৃদ্ধি এবং বাহিনীসমূহের সকল সদস্য ও তাঁদের পরিবারবর্গের সুখ, শান্তি ও সমৃদ্ধি কামনা করি।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ আবদুল হামিদ
রাষ্ট্রপতি ও সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক

بِسۡمِ اللّٰہِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

০৭ অগ্রহায়ণ ১৪২২
২১ নভেম্বর ২০১৫

বাণী

সশস্ত্র বাহিনী দিবস ২০১৫ উপলক্ষে আমি সেনা, নৌ ও বিমান বাহিনীর সকল সদস্যকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি।

ঐতিহাসিক এই দিনে বাংলাদেশের স্বাধীনতা-সংগ্রাম ও মুক্তিযুদ্ধের সকল বীর শহীদের প্রতি গভীর শ্রদ্ধাঞ্জলী নিবেদন করছি। শ্রদ্ধা জানাচ্ছি সশস্ত্র সকল শহীদের প্রতি যারা দেশমাতৃকার জন্য জীবন উৎসর্গ করেছেন।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আহ্বানে সাড়া দিয়ে সমগ্র বাঙালি জাতি ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিল। তাঁর দূরদর্শী, সাহসী এবং ঐন্দ্রজালিক নেতৃত্বে বাঙালি জাতি পরাধীনতার শৃঙ্খল ভেঙে ছিনিয়ে এনেছিল স্বাধীনতার রক্তিম সূর্য।

আমাদের মহান স্বাধীনতা যুদ্ধের ইতিহাসে ২১শে নভেম্বর বিশেষ গৌরবময় স্থান দখল করে আছে। আওয়ামী লীগ সরকারের অধীনে পরিচালিত মুক্তিযুদ্ধ চলাকালীন ১৯৭১ সালের এই দিনে সেনা, নৌ ও বিমান বাহিনীর অকুতোভয় সদস্যরা সম্মিলিতভাবে দখলদার বাহিনীর বিরুদ্ধে সমন্বিত আক্রমণের সূচনা করেন। মুক্তিবাহিনী, বিভিন্ন আধাসামরিক বাহিনীর সদস্যগণ ও দেশপ্রেমিক জনতা এই সমন্বিত আক্রমণে একতাবদ্ধ হন। ঐক্যবদ্ধ এই আক্রমণের মুখে দখলদার বাহিনী আত্মসমর্পণে বাধ্য হয়। ১৬ই ডিসেম্বর হানাদার পাকিস্তানী বাহিনীকে পরাজিত করে আমরা চূড়ান্ত বিজয় অর্জন করি। আমরা পাই স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ; নিজস্ব পতাকা এবং জাতীয় সংগীত। মহান মুক্তিযুদ্ধে বাঙালি জাতির অগ্রযাত্রা ও বিজয়ের স্মারক হিসেবে প্রতি বছর ২১শে নভেম্বর 'সশস্ত্র বাহিনী দিবস' পালন করা হয়।

স্বাধীনতার পর যুদ্ধ-বিধ্বস্ত দেশ পুনর্গঠনের পাশাপাশি জাতির পিতা একটি আধুনিক ও চৌকস সশস্ত্র বাহিনী গড়ে তোলার কাজ শুরু করেন। সেনাবাহিনীর জন্য তিনি মিলিটারি একাডেমি, কম্বাইন্ড আর্মড স্কুল ও প্রতিটি কোরের জন্য ট্রেনিং স্কুলসহ আরও অনেক সামরিক প্রতিষ্ঠান এবং ইউনিট গঠন করেন। তিনি চট্টগ্রামে বাংলাদেশ নৌবাহিনী ঘাঁটি ঈসা খান উদ্বোধন করেন। বঙ্গবন্ধুর ব্যক্তিগত উদ্যোগে তৎকালীন যুগোশ্লাভিয়া থেকে নৌবাহিনীর জন্য দু'টি জাহাজ সংগ্রহ করা হয়। যেগুলো প্রায় ৪০ বছর পর আজও চালু আছে। একইভাবে বিমান বাহিনীর জন্য বঙ্গবন্ধু তৎকালীন সোভিয়েত ইউনিয়ন থেকে সুপারসনিক মিগ-২১ জঙ্গী বিমানসহ হেলিকপ্টার, পরিবহন বিমান ও র‍্যাডার সংগ্রহ করেন। তাঁর হাতে গড়া সশস্ত্র বাহিনী আজ পেশাদারিত্ব ও দক্ষতার স্বাক্ষর রাখছে দেশ ও বিদেশের সকল কর্মকাণ্ডে।

জাতির পিতার আদর্শ অনুসরণ করে আমাদের সরকার সশস্ত্র বাহিনীর আধুনিকায়নে সর্বাত্মকভাবে কাজ করে যাচ্ছে। পেশাগত দায়িত্ব পালনের পাশাপাশি সশস্ত্র বাহিনী দুর্যোগ মোকাবিলা, অবকাঠামো নির্মাণ, আর্তমানবতার সেবা, বেসামরিক প্রশাসনকে সহায়তা এবং বিভিন্ন জাতিগঠনমূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ করছে। জাতিসংঘের শান্তিরক্ষা কার্যক্রমে নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করে সশস্ত্র বাহিনীর সদস্যগণ আন্তর্জাতিক পরিমণ্ডলে দেশের ভাবমূর্তি উজ্জ্বল করছেন।

আমি আশা করি, সশস্ত্র বাহিনীর প্রতিটি সদস্য দেশপ্রেম, পেশাদারিত্ব এবং উন্নত নৈতিকতার আদর্শে স্ব স্ব দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করে যাবেন।

আমি সশস্ত্র বাহিনী দিবস ২০১৫ উপলক্ষে গৃহীত সকল কর্মসূচির সর্বাঙ্গীণ সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

শেখ হাসিনা

জাতীয় স্মৃতিসৌধ, সাভার

(৩০ লক্ষ প্রাণের বিনিময়ে অর্জিত বাংলাদেশের স্বাধীনতার মূর্ত প্রতীক)

শিখা অনির্বাণ, ঢাকা সেনানিবাস

(মহান স্বাধীনতা যুদ্ধে সশস্ত্র বাহিনীর সদস্যদের আত্মত্যাগের প্রতীক)

بسم الله الرحمن الرحيم

সেনাবাহিনী সদর দপ্তর
ঢাকা সেনানিবাস

★ ★ ★ ★

সেনাবাহিনী প্রধান

বাণী

একুশে নভেম্বর বাংলাদেশ সশস্ত্র বাহিনীর প্রতিটি সদস্যের নিকট একটি তাৎপর্যপূর্ণ দিন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ডাকে সাড়া দিয়ে ১৯৭১ সালের এই দিনে দেশ মাতৃকাকে পরাধীনতার শিকল থেকে মুক্ত করার লক্ষ্যে এ দেশের মুক্তিকামী আপামর জনতার সাথে কাঁধে কাঁধ মিলিয়ে সেনা, নৌ ও বিমান বাহিনীর অকুতোভয় বীর সেনানীরা পাক হানাদার বাহিনীর বিরুদ্ধে সম্মিলিত আক্রমনের সূচনা করেছিল। এই সম্মিলিত প্রয়াসে ত্বরান্বিত হয়েছিল আমাদের স্বাধীনতা অর্জন। সশস্ত্র বাহিনী দিবসের এই মহতী দিনে আমি বাংলাদেশ সশস্ত্র বাহিনীর সকল সদস্যকে জানাচ্ছি আমার আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে সীমাহীন ত্যাগ-তিতিক্ষা ও লাখো শহীদের আত্মোৎসর্গের বিনিময়েই আমরা অর্জন করেছি স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ। আজকের এই বিশেষ দিনে আমি সশ্রদ্ধচিত্তে স্মরণ করছি মুক্তিযুদ্ধের সেইসব অকুতোভয় শহীদদেরকে, যাঁদের সুমহান আত্মত্যাগে অর্জিত হয়েছিল আমাদের প্রাণপ্রিয় স্বাধীনতা। এই মহান দিনে আমি সকল শহীদের আত্মার মাগফেরাত কামনা করছি এবং তাঁদের শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি জানাচ্ছি গভীর সমবেদনা।

বাংলাদেশ সশস্ত্র বাহিনী আমাদের জাতীয় ঐক্য ও সংহতির প্রতীক। সশস্ত্র বাহিনী দিবসের আদর্শকে পাথেয় করে আমাদের সকলকে এই ঐক্য ও সংহতি সমুন্নত রাখতে হবে। দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার সাংবিধানিক ও পেশাগত দায়িত্ব পালনের পাশাপাশি বাংলাদেশ সেনাবাহিনী মুক্তিযুদ্ধোত্তর বাংলাদেশ গঠন এবং বিভিন্ন জাতীয় দুর্যোগ ও বিপর্যয় মোকাবেলায় বলিষ্ঠ ভূমিকা পালন করে ইতোমধ্যেই জাতীয় ও আন্তর্জাতিক পরিমণ্ডলে ভূয়সী প্রশংসা অর্জন করেছে। বিশ্বশান্তি প্রতিষ্ঠায় আন্তর্জাতিক পরিমণ্ডলেও আমাদের সেনাবাহিনী দেশের জন্য প্রভূত সম্মান বয়ে এনেছে। সেনাবাহিনীর সকল সদস্যের অকৃত্রিম দেশপ্রেম, অদম্য কর্মস্পৃহা, উন্নত পেশাগত দক্ষতা ও সামরিক শৃঙ্খলাবোধের জন্যই এই সম্মান অর্জন করা সম্ভব হয়েছে। অতীতের ন্যায় ভবিষ্যতেও বাংলাদেশ সেনাবাহিনী তাঁদের এই অর্জনকে অম্লান রেখে দৃপ্ত পদভারে সামনের দিকে এগিয়ে যাবে বলে আমার দৃঢ় বিশ্বাস।

সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে সশস্ত্র বাহিনী বিভাগ একটি জার্নাল প্রকাশ করছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। আমি এই উদ্যোগকে স্বাগত জানাই এবং এই প্রকাশনার সাথে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সংশ্লিষ্ট সকলকে জানাই আমার আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। আমার বিশ্বাস, আমাদের নতুন প্রজন্মকে উজ্জীবিত করতে এই প্রকাশনা বিশেষ ভূমিকা রাখবে। আমি বাংলাদেশ সশস্ত্র বাহিনীর উত্তরোত্তর উন্নতি, সমৃদ্ধি ও সর্বাঙ্গীণ সাফল্য কামনা করছি। সর্বশক্তিমান আল্লাহ্‌তায়ালা আমাদের সকলের সহায় হউন। আমিন।

আবু বেলাল মোহাম্মদ শফিউল হক
জেনারেল
সেনাবাহিনী প্রধান

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

নৌবাহিনী প্রধান

নৌবাহিনী সদর দপ্তর
বনানী, ঢাকা-১২১৩

বাণী

সশস্ত্র বাহিনী দিবস বাঙালি জাতির ইতিহাসে একটি গৌরবময় ও অবিস্মরণীয় দিন। একাত্তরের স্বাধীনতা সংগ্রামের এ দিনে দেশমাতৃকাকে রক্ষার মৃত্যুঞ্জয়ী চেতনায় সশস্ত্র বাহিনীর অকুতোভয় দামাল ছেলেরা শত্রুসেনার ওপর সম্মিলিত আক্রমণ সূচনা করে। এর ফলশ্রুতিতে ১৬ ডিসেম্বর ১৯৭১ পাকিস্তানি হানাদার বাহিনীর আত্মসমর্পণের মাধ্যমে চূড়ান্ত বিজয় অর্জিত হয়। তাই ২১ নভেম্বর সশস্ত্র বাহিনীর জন্য দেশমাতৃকাকে রক্ষার আজন্ম গৌরবগাঁথার এক উজ্জ্বল দৃষ্টান্ত।

স্বাধীনতা আমাদের সর্বকালের শ্রেষ্ঠ অর্জন এবং স্বাধীনতাযুদ্ধ বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে গৌরবোজ্জ্বল অধ্যায়। দেশমাতৃকাকে রক্ষার জন্য আপামর জনতা এবং সশস্ত্র বাহিনী ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়ে। অতঃপর নয় মাসের রক্তক্ষয়ী সশস্ত্র যুদ্ধের মাধ্যমে বিশ্ব মানচিত্রে স্বাধীন দেশ হিসেবে স্থান করে নেয় আমাদের দেশ 'বাংলাদেশ'। জাতির এই প্রাপ্তি অনেক রক্ত ও ত্যাগের বিনিময়ে অর্জিত। স্বাধীনতা ও সার্বভৌমত্বের প্রতীক সশস্ত্র বাহিনী দিবস তাই আমাদের অনেক গর্বের। এই বিশেষ দিনে আমি সশ্রদ্ধ চিত্তে স্মরণ করছি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, যাঁর নেতৃত্বে সূচিত হয়েছিল মহান স্বাধীনতা সংগ্রাম। পরম শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি সেইসব অকুতোভয় বীর শহীদদের, যাঁদের আত্মোৎসর্গে এবং সুমহান ত্যাগে অর্জিত হয়েছে আমাদের প্রাণপ্রিয় স্বাধীনতা।

সশস্ত্র বাহিনীর প্রতিটি সদস্য দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে নিজ কর্তব্য পালনের পাশাপাশি জাতির সেবায় নিয়োজিত। মাতৃভূমির স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় সশস্ত্র বাহিনী সাহসিকতার সাথে দায়িত্বপালনে আজ প্রতিশ্রুতিবদ্ধ এবং পেশাগত দক্ষতা ও দৃঢ় প্রত্যয়ে নিরলসভাবে জাতির জন্য কাজ করতে সদা প্রস্তুত। তাই ত্যাগ ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের মাধ্যমে দেশের সংকটকালে ও জাতিগঠনমূলক কাজে এবং বিশ্ব শান্তি রক্ষায় সশস্ত্র বাহিনী সর্বমহলে প্রশংসিত হয়েছে। অপার দেশপ্রেম আর মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে সমৃদ্ধ বাংলাদেশ গড়ার প্রত্যয়ে সশস্ত্র বাহিনীর অংশ হিসেবে নৌবাহিনী দৃঢ় পদক্ষেপে সামনে এগিয়ে চলেছে। দেশমাতৃকার স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষাকল্পে সশস্ত্র বাহিনীকে আরো শক্তিশালী করার জন্য বর্তমান বিশ্বে প্রযুক্তির প্রতিযোগিতায় নৌবাহিনী আজ ত্রিমাত্রিক নৌবাহিনী গঠনের দ্বারপ্রান্তে। সময়ের পরিক্রমায় নৌবাহিনী আজ অধিকতর সুগঠিত ও সম্প্রসারিত বাহিনী হিসেবে জাতীয় ও আন্তর্জাতিক পরিমণ্ডলে স্বীকৃত।

সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে জার্নাল প্রকাশের জন্য যাঁরা অক্লান্ত পরিশ্রম করেছেন, তাঁদেরকে জানাই আমার আন্তরিক অভিনন্দন ও মোবারকবাদ। একই সঙ্গে সশস্ত্র বাহিনীর সর্বস্তরের সামরিক ও বেসামরিক কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দকে জানাচ্ছি আন্তরিক শুভেচ্ছা। মহান আল্লাহ্ আমাদের সহায় হোন।

এম ফরিদ হাবিব
ভাইস এডমিরাল
নৌবাহিনী প্রধান

بسم الله الرحمن الرحيم

বিমান বাহিনী সদর দপ্তর
ঢাকা সেনানিবাস

বিমান বাহিনী প্রধান

বাণী

একুশে নভেম্বর বাংলাদেশের ইতিহাসে একটি বিশেষ তাৎপর্যপূর্ণ ও স্মরণীয় দিন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আহ্বানে সাড়া দিয়ে ১৯৭১ সালের এই দিনে সমগ্র জাতির সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে আমাদের সেনা, নৌ ও বিমান বাহিনীর অকুতোভয় সেনানীরা শুরু করে জল, স্থল ও আকাশপথে সম্মিলিত আক্রমণ। ফলশ্রুতিতে ত্বরান্বিত হয় কাঙ্ক্ষিত বিজয় এবং বিশ্ব মানচিত্রে আত্মপ্রকাশ করে আমাদের প্রাণপ্রিয় মাতৃভূমি বাংলাদেশ। সেদিনের সশস্ত্র বাহিনী তাদের মেধা-মনন, কর্মদক্ষতা ও পেশাগত নৈপুণ্যের জন্য আজ স্বদেশের সীমানা পেরিয়ে আন্তর্জাতিক পরিমণ্ডলে গর্বিত পদচারণার স্বাক্ষর রেখে চলেছে। সমগ্র জাতি আজ তাঁদের গৌরবে গৌরবান্বিত।

সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে এ মাহেন্দ্রক্ষণে আমি শ্রদ্ধাবনত চিত্তে স্মরণ করছি সশস্ত্র বাহিনীর আত্মোৎসর্গকারী মহান বীরদের এবং স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় শাহাদাতবরণকারী সকল শহীদকে; সেই সাথে পরম করুণাময়ের কাছে তাঁদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছি এবং শহীদ পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা প্রকাশ করছি। আমি বিশ্বাস করি, পূর্বসূরিদের মহান আত্মত্যাগের চেতনা আমাদের ভবিষ্যৎ চলার পথে পাথেয় হয়ে থাকবে।

আজকের এই গৌরবময় দিনে আমি সশস্ত্র বাহিনীর সকল সদস্য এবং তাঁদের পরিবারবর্গকে জানাই আমার আন্তরিক শুভেচ্ছা। দিবসটির গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরতে সশস্ত্র বাহিনী বিভাগ কর্তৃক জার্নাল প্রকাশের উদ্যোগকে স্বাগত জানাচ্ছি এবং সংশ্লিষ্ট সকলকে জানাই অভিনন্দন। পরিশেষে, বাংলাদেশ সশস্ত্র বাহিনীর উত্তরোত্তর উন্নতি, সমৃদ্ধি ও সর্বাঙ্গীণ সাফল্য কামনা করছি। মহান আল্লাহ আমাদের সহায় হোন। আল্লাহ হাফেজ।

আবু এসরার
এয়ার মার্শাল
বিমান বাহিনী প্রধান

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

সশস্ত্র বাহিনী বিভাগ
ঢাকা সেনানিবাস

মুখবন্ধ

আজ ২১ নভেম্বর, সশস্ত্র বাহিনী দিবসের গৌরবোজ্জ্বল ক্ষণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মহান স্বাধীনতা যুদ্ধের সকল শহীদ এবং বীর মুক্তিযোদ্ধাগণকে পরম শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি। মহান স্বাধীনতা-সংগ্রামে তাঁদের অবিস্মরণীয় ভূমিকার জন্যই আজ আমরা আল্লাহ্‌র রহমতে বিশ্বের বুকে মাথা উঁচু করে নির্ভীকচিত্তে দাঁড়াতে সক্ষম হয়েছি। তাঁদের এই আত্মত্যাগ এবং অবদান বাংলাদেশের অস্তিত্বের সঙ্গে অবিচ্ছেদ্যভাবে সম্পর্কযুক্ত, যা কখনো বিস্মৃত হওয়ার নয়।

জাতির জনকের উদাত্ত আহ্বানে সাড়া দিয়ে দেশের আপামর জনগণের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে হানাদার বাহিনীর বিরুদ্ধে মহান মুক্তিযুদ্ধে আমাদের সশস্ত্র বাহিনীর সদস্যগণ অংশগ্রহণ করেছিলেন। ১৯৭১ সালের এই দিনে সেনা, নৌ ও বিমান বাহিনীসহ সর্বস্তরের মুক্তিযোদ্ধাগণ একাত্ম হয়ে দখলদার পাকিস্তানি বাহিনী ও তাদের এদেশীয় দোসরদের বিরুদ্ধে সম্মিলিত অভিযানের সূচনা করেন, যা আমাদের চূড়ান্ত বিজয়কে ত্বরান্বিত করে। তাই মহান স্বাধীনতা যুদ্ধের চেতনাকে বুকে ধারণ করে সশস্ত্র বাহিনীর সকল সদস্যের কাছে এই মহতী দিবস, দেশ রক্ষায় আত্মোৎসর্গের জন্য দৃপ্ত শপথ গ্রহণের দিন।

সময়ের পরিক্রমায় স্বাধীন বাংলাদেশের উন্নয়ন ও অগ্রযাত্রার সঙ্গে তাল মিলিয়ে সশস্ত্র বাহিনী একটি আধুনিক ও যুগোপযোগী সংগঠন হিসেবে ক্রমব্যাপ্তি পাচ্ছে। বঙ্গবন্ধুর আদর্শে অনুপ্রাণিত হয়ে দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার পাশাপাশি বাংলাদেশ সশস্ত্র বাহিনী জাতি গঠনে নানা উন্নয়নমূলক কর্মকাণ্ড, যেমন– দুর্যোগ ব্যবস্থাপনা, আর্তমানবতার সেবা, জরুরি প্রয়োজনে দায়িত্ব পালন ইত্যাদিতে বিশেষ অবদান রেখে চলেছে। জাতিসংঘের শান্তিরক্ষা মিশন ও অন্যান্য দেশের সশস্ত্র বাহিনীর সঙ্গে সম্মিলিত প্রশিক্ষণে পেশাদারিত্বের পরিচয় দিয়ে বাংলাদেশ সশস্ত্র বাহিনী বিশ্ব পরিমণ্ডলে ভূয়সী প্রশংসা অর্জন করে বাংলাদেশের ভাবমূর্তিকে প্রতিনিয়ত উজ্জ্বলতর করে চলেছে।

সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে সেনা, নৌ ও বিমান বাহিনীর অংশগ্রহণে অন্যান্য বছরের ন্যায় এ বছরও একটি জার্নাল প্রকাশিত হলো। জার্নালে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী ও বাহিনীত্রয়ের প্রধানগণ তাঁদের মূল্যবান বাণী প্রদান করে আমাদের অনুপ্রাণিত করেছেন। তাঁদের সবাইকে আমার সশ্রদ্ধ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। এই প্রকাশনাটি সংশ্লিষ্ট সকলের মেধা, মনন ও শ্রমের সম্মিলিত বহিঃপ্রকাশ। সশস্ত্র বাহিনীর সদস্যগণের লেখা ও ছবিসংবলিত এ স্মরণিকাটি পাঠকমহলে সমাদৃত হলেই আমাদের পরিশ্রম সার্থক হবে। আমি সৃজনশীল এ প্রকাশনার সঙ্গে সম্পৃক্ত সকলকে ধন্যবাদ ও আন্তরিক অভিনন্দন জানাই।

মহান আল্লাহতায়ালা আমাদের সহায় হোন।

মোঃ মইনুল ইসলাম
লেফটেন্যান্ট জেনারেল
প্রিন্সিপাল স্টাফ অফিসার

আমাদের বীরশ্রেষ্ঠরা যেভাবে শহীদ হয়েছেন

বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দীন জাহাঙ্গীর (সেনাবাহিনী)

১৯৭১ সালের ১৪ অক্টোবর ৭ নম্বর সেক্টরের মাহাদীপুর সাব-সেক্টরে যুদ্ধকালীন অবস্থায় চাঁপাইনবাবগঞ্জ শত্রুমুক্ত করার অভিযানে নেতৃত্ব দেন। শত্রুর প্রভূত ক্ষতিসাধন করেন এবং শত্রুর গুলিতে শাহাদত বরণ করেন।



বীরশ্রেষ্ঠ সিপাহী হামিদুর রহমান (সেনাবাহিনী)

১৯৭১ সালের ২৮ অক্টোবর ১ নম্বর সেক্টরের ১ ইস্ট বেঙ্গল রেজিমেন্টের অধীনে যুদ্ধকালীন অবস্থায় চট্টগ্রাম জেলার ধলই এলাকায় শত্রুর মেশিনগান পোস্ট ধ্বংস করে সহযোদ্ধাদের আক্রমণ ত্বরান্বিত করেন এবং শত্রুর গুলিতে শাহাদত বরণ করেন।

বীরশ্রেষ্ঠ সিপাহী মোস্তফা কামাল (সেনাবাহিনী)

১৯৭১ সালের ১৮ এপ্রিল ৩ নম্বর সেক্টরের ৪ ইস্ট বেঙ্গল রেজিমেন্টের অধীনে যুদ্ধকালীন অবস্থায় ব্রাহ্মণবাড়িয়া জেলার গঙ্গাসাগর এলাকায় শত্রুর আক্রমণ ও ভারী কামানের গোলাবর্ষণের মুখে লাইট মেশিনগানের গুলি ফুরিয়ে যাওয়া পর্যন্ত নিজ অবস্থান থেকে একা শত্রুর মোকাবিলা করেন। পরে শত্রুর গুলিতে ও কেয়ানেটের আঘাতে শাহাদত বরণ করেন।



বীরশ্রেষ্ঠ ইঞ্জিনরুম আর্টিফিসার রুহুল আমিন (নৌবাহিনী)

১৯৭১ সালের ১০ ডিসেম্বর খুলনার রূপসা নদীতে যুদ্ধরত বাংলাদেশের রণতরী বাংলাদেশ নৌবাহিনী জাহাজ পলাশে জঙ্গিবিমান থেকে গোলাবর্ষণে আগুন ধরে যায়। ইঞ্জিনরুম আর্টিফিসার রুহুল আমিন রণতরী পলাশকে রক্ষা করার আপ্রাণ চেষ্টা করেন এবং শহীদ হন।

বীরশ্রেষ্ঠ ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান (বিমান বাহিনী)

১৯৭১ সালের ২০ আগস্ট পাকিস্তানের মশরুর বিমানঘাঁটি থেকে পাকিস্তানি পাইলট দুই আসনবিশিষ্ট একটি টি-৩৩ প্রশিক্ষণ বিমান চালানোর সময় ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান পাকিস্তানি পাইলটের কাছ থেকে বিমানের নিয়ন্ত্রণ ছিনিয়ে নিয়ে মুক্তিযুদ্ধে অংশগ্রহণের উদ্দেশ্যে রওনা করেন এবং ভারতের সীমান্তের কাছে চলে আসেন। বিমানটি আকাশে অবস্থানকালীন পাকিস্তানি পাইলটের সাথে বিমান নিয়ন্ত্রণ নিয়ে শারীরিক সংঘর্ষকালে বিমানটি বিধ্বস্ত হয় এবং ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান শাহাদত বরণ করেন।

বীরশ্রেষ্ঠ ল্যান্স নায়েক মুন্সি আবদুর রউফ (বিজিবি)

১৯৭১ সালের ২০ এপ্রিল ১ নম্বর সেক্টরে যুদ্ধরত অবস্থায় রাঙামাটি জেলার বুড়িঘাট এলাকার প্রতিরক্ষা অবস্থানে থাকাকালীন ল্যান্স নায়েক মুন্সি আবদুর রউফের কোম্পানির ওপর শত্রুর অবিরাম গোলাবর্ষণ শুরু হয়। এ সময় কোম্পানির প্রতিরক্ষা অবস্থান পরিবর্তনের জন্য মুন্সি আবদুর রউফ কভারিং ফায়ার প্রদানের দায়িত্ব নেন এবং শত্রুর ওপর অবিরাম গুলিবর্ষণ করে শত্রু বাহিনীর প্রভূত ক্ষতিসাধন করেন। যুদ্ধরত অবস্থায় শত্রুর একটি শেলের বিস্ফোরণে তিনি শাহাদত বরণ করেন।

বীরশ্রেষ্ঠ ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ (বিজিবি)

১৯৭১ সালের ৫ সেপ্টেম্বর ৮ নম্বর সেক্টরের বয়রা সাব-সেক্টরে যুদ্ধকালীন যশোর জেলার চৌগাছা থানার সুতিপুর প্রতিরক্ষা এলাকার সামনে গোয়ালহাটি গ্রামের কাছে স্ট্যান্ডিং প্যাট্রোল অধিনায়ক হিসেবে দায়িত্ব পালনকালে ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ শত্রু দ্বারা পরিবেষ্টিত হন। তিনি শত্রুকে প্রতিহত করার চেষ্টা অব্যাহত রাখেন এবং সহাযোদ্ধা সিপাহী নান্টু মিয়া গুলিবিদ্ধ হলে নূর মোহাম্মদ শেখ তাঁকে কাঁধে নিয়ে মূল প্রতিরক্ষা অবস্থানে যেতে থাকেন এবং এসএলআরের মাধ্যমে গুলি করে শত্রুর অগ্রসর বাধাগ্রস্ত করেন এবং সহযোদ্ধাদের মূল প্রতিরক্ষা অবস্থানে ফিরতে সাহায্য করেন। এ সময় তিনি কাঁধে শত্রুর গুলি এবং হাঁটুতে শত্রুর শেলের আঘাতপ্রাপ্ত হন এবং যুদ্ধরত অবস্থায় শাহাদত বরণ করেন।

দেশমাতৃকার অমর সন্তান
আমরা তোমাদের ভুলব না

সশস্ত্র বাহিনী বিভাগ

সম্পাদনা পর্ষদ

কমডোর এম নাজমুল হাসান, এনপিপি, এনসিসি, পিএসসি, বিএন
প্রধান সম্পাদক, এএফডি

কর্নেল আবদুল্লাহ্-আল-মামুন, পিএসসি
সহকারী প্রধান সম্পাদক, এএফডি

জার্নাল সম্পাদনা উপপর্ষদ (বাংলা)

কমান্ডার এম ইমাম হাসান আজাদ, (সি), পিএসসি, বিএন
সম্পাদক, এএফডি

মেজর রোজিনা খন্দকার, এইসি
সহযোগী সম্পাদক, সেনাবাহিনী

ই. লে. কমান্ডার এম জসিম উদ্দিন, বিএন
সহযোগী সম্পাদক, নৌবাহিনী

স্কোয়াড্রন লীডার মো. আসাদুজ্জামান
সহযোগী সম্পাদক, বিমান বাহিনী

জার্নাল সম্পাদনা উপপর্ষদ (ইংরেজি)

লে. কর্নেল মো. তৌহিদুল ইসলাম, পিএসসি
সম্পাদক, এএফডি

মেজর সিনথিয়া সারমিন, এইসি
সহযোগী সম্পাদক, সেনাবাহিনী

ই. লে. কমান্ডার এ এইচ এম মশিয়ুর রহমান
সহযোগী সম্পাদক, নৌবাহিনী

স্কোয়াড্রন লীডার শেখ মোহাম্মদ আলী
সহযোগী সম্পাদক, বিমান বাহিনী

ক্রোড়পত্র সম্পাদনা উপপর্ষদ (বাংলা ও ইংরেজি)

উইং কমান্ডার মো. রফিকুর রহমান, পিএসসি
সম্পাদক, এএফডি

মেজর এস এম শামীম ইবনে মঈন
সহযোগী সম্পাদক, এএফডি

লে. কমান্ডার লুৎফুন্নাহার, বিএন
সহযোগী সম্পাদক, এএফডি

স্কোয়াড্রন লীডার মো. মিজানুর রহমান, পিএসসি
সহযোগী সম্পাদক, এএফডি

জার্নাল ও ক্রোড়পত্রের ছবি বাছাই কমিটি

লে. কর্নেল মো. কবির উদ্দিন সিকদার, পিএসসি
সম্পাদক, এএফডি

ই. লেফটেন্যান্ট এস এম বাদিউজ্জামান, বিএন
সহযোগী সম্পাদক, নৌবাহিনী

উইং কমান্ডার এ কে এম রহমত উল্লাহ, পিএসসি
সহযোগী সম্পাদক, বিমান বাহিনী

EDITORIAL

The 21st November is the day to commemorate the significance and glories of our great War of Independence in 1971. The spirit of the day gives us a deep sense of pride and honour and is ever imprinted in the mind of every member of our Armed Forces. We gratefully acknowledge the supreme sacrifice made by our bravest sons of the soil and pay our homage to the martyrs of great Liberation War.

The Day marks immense significance in the history of our Liberation War. On this historic day, the valiant soldiers of Bangladesh Army, Navy and Air Force joined hands with the freedomfighters from all walks of life and launched an all-out attack on the occupation forces. The fierce attack coordinated from all sectors accelerated our victory and annihilated the occupation forces on 16 December 1971. Since then, 21st November is observed in the Armed Forces every year with a renewed pledge for safeguarding sovereignty of our beloved Nation. On this day, Nation along with the members of the Armed Forces solemnly pay homage to the martyrs and heroes of the Liberation War and express heartfelt gratitude to all the freedom fighters and their family members.

We feel a deep sense of satisfaction for being able to bring out a tributary journal among other commemorative events of 21st November organised by Armed Forces Division. The Armed Forces members contributed in publishing this Journal through their scholarly write-ups highlighting the spirit and ideals of Liberation War and other contemporary issues of military and strategic interests. We believe that, the readers' satisfaction would inspire the potential intellectuals of Armed Forces to contemplate and present their thoughts in future publications.

I am deeply indebted to the Principal Staff Officer, Armed Forces Division, whose vision, valuable guidance and overall patronage were indispensable for the publication of this Journal. He consistently encouraged us to review our ideas, refine our thought process and publish it as per plan. I would like to express my sincere appreciation to all members of the Editorial Committee for their insights and commitment. We are thankful to all three services of Bangladesh Armed Forces for extending their cooperation and accomplishment of the exhaustive task of printing the Journal. We hope and believe that the esteemed readers will sympathetically consider our shortcomings.

We pray to the Almighty for the salvation of the departed souls of the martyrs of our War of Independence. Let the spirit of Liberation War always be echoed in our hearts and minds in every step of our actions.

May Allah bless us all.

Chief Editor

বিভিন্ন সেনানিবাসে মুক্তিযুদ্ধের স্থাপনাসমূহ

সমুন্নত স্বাধীনতা
ঢাকা সেনানিবাস

বিজয়কেতন
ঢাকা সেনানিবাস

মুক্তি সেনা
ঘাটাইল সেনানিবাস

স্মৃতি অম্লান
চট্টগ্রাম সেনানিবাস

যাদের রক্তে মুক্ত স্বদেশ
কুমিল্লা সেনানিবাস

বিজয়গাঁথা
যশোর সেনানিবাস

সশস্ত্র বাহিনীর গুরুত্বপূর্ণ তথ্যকণিকা



উন্নয়নের ধারায় সশস্ত্র বাহিনী

সাম্প্রতিককালে সশস্ত্র বাহিনীতে গুণগত ও অবকাঠামোগত প্রভূত উন্নতি সাধিত হয়েছে, যা নিম্নে তুলে ধরা হলো :

বাংলাদেশ সেনাবাহিনী

১। মার্চ ২০১৫-এ কক্সবাজার জেলার রামুতে ১০ পদাতিক ডিভিশন উদ্বোধন ও পতাকা উত্তোলন। একই সঙ্গে ডিভিশনের অধীন ১০ আর্টিলারি ব্রিগেড, ৯৭ পদাতিক ব্রিগেড, ২৩ ফিল্ড রেজিমেন্ট আর্টিলারি, ৬০ ইস্ট বেঙ্গল রেজিমেন্ট ও ৩৬ বাংলাদেশ ইনফ্যান্ট্রি রেজিমেন্টের পতাকা উত্তোলন।

২। ২৯ জানুয়ারি ২০১৫ তারিখে টাঙ্গাইলের ভূঞাপুরে আধুনিক ও দৃষ্টিনন্দন বঙ্গবন্ধু সেনানিবাস উদ্বোধন।

৩।সেনাবাহিনীর আধুনিকায়নের ধারাবাহিকতায় অন্তর্ভুক্ত হয়েছে মেইন ব্যাটল ট্যাংক ২০০০ (MBT 2000), ওয়েপন লোকেটিং র‍্যাডার (WLR) এবং সেলফ প্রোপেলড গান-এর মতো অত্যাধুনিক সমরাস্ত্র।

৪। সেনাবাহিনীতে প্রথমবারের মতো নারী সৈনিকদের অন্তর্ভুক্তি।

৫। চিকিৎসাসেবার মান উন্নয়নের লক্ষ্যে সিএমএইচসমূহে উন্নততর সেবা প্রদানের জন্য অত্যাধুনিক যন্ত্রপাতি স্থাপন, নতুন ডিপার্টমেন্ট ও ওয়ার্ড সংযোজন, অবকাঠামোগত উন্নয়ন ছাড়াও ক্যানসার চিকিৎসার জন্য সিএমএইচ ঢাকায় Bone Marrow Transplantation Centre বা অস্থিমজ্জা প্রতিস্থাপন কেন্দ্র স্থাপন।

৬। সেনাবাহিনী সদর দপ্তরে সেনাসদর কনফারেন্স ও অডিটরিয়াম কমপ্লেক্স 'হেলমেট', আর্মি মাল্টিপারপাস কমপ্লেক্স এবং ঢাকা সেনানিবাসে ৫৭ ইস্ট বেঙ্গল রেজিমেন্টের আধুনিক সৈনিক লাইন ও কার্যালয় প্রতিষ্ঠাকরণ।

৭। সেনাবাহিনীর অবকাঠামোগত উন্নয়নের অংশ হিসেবে ঢাকা সেনানিবাসের মোস্তফা কামাল লাইন এলাকায় জেসিও এবং অন্যান্য পদবির সৈনিকের জন্য বেশ কয়েকটি বহুতল আবাসিক ভবন, একটি লেক, পায়ে চলা রাস্তাসহ আধুনিক রেস্টুরেন্ট ও একটি উন্মুক্ত এমফিথিয়েটার নিয়ে গড়ে ওঠা নয়নাভিরাম আবাসিক এলাকা 'নিসর্গ'।

৮। অফিসার, জেসিও ও অন্যান্য পদবির সৈনিকের জন্য ধামালকোট এলাকায় নির্মিত নয়নাভিরাম আধুনিক আবাসিক এলাকা 'নির্ঝর'।

বাংলাদেশ নৌবাহিনী

১। নৌবাহিনীর অত্যাবশ্যকীয় সম্প্রসারণের লক্ষ্যে ১৯ নভেম্বর ২০১৩ নৌবাহিনীর জন্য পটুয়াখালী জেলার কলাপাড়ার রাবনাবাদে এভিয়েশন সুবিধাসংবলিত নৌঘাঁটি 'বানৌজা শের-ই-বাংলা'র ভিত্তিপ্রস্তর স্থাপন।

২। নৌবাহিনীর আধুনিকায়নের ধারাবাহিকতায় যুক্তরাষ্ট্র থেকে সংগৃহীত নৌবাহিনীর সর্ববৃহৎ যুদ্ধজাহাজ সমুদ্রজয়সহ বিভিন্ন যুদ্ধজাহাজ, দুটি হেলিকপ্টার ও দুটি মেরিটাইম প্যাট্রোল এয়ারক্রাফট (এমপিএ) বাংলাদেশ নৌবাহিনীর বহরে যুক্তকরণ।

৩। অতিসম্প্রতি বাংলাদেশে আনন্দ শিপইয়ার্ড লিমিটেড কর্তৃক নির্মিত অয়েল ট্যাংকার বানৌজা কে জে আলী, খুলনা শিপইয়ার্ড কর্তৃক নির্মিত দুটি এলসিইউ বানৌজা সন্দ্বীপ ও বানৌজা হাতিয়া এবং ডিইডব্লিউ নারায়ণগঞ্জ কর্তৃক নির্মিত দুটি এলসিটি LCT-১০৩ ও LCT-১০৫ কমিশনিং/সংযোজন।

৪। বাংলাদেশ নৌবাহিনী United Kingdom Hydrographic Office (UKHO) সংস্থার সঙ্গে চুক্তিবদ্ধ হয়ে আন্তর্জাতিক মানের হাইড্রোগ্রাফি চার্ট তৈরি, মুদ্রণ ও বিপণনে অংশীদারিত্ব অর্জন।

৫। ২০১৪ সালের মার্চে অস্ট্রেলিয়ার ক্রাউন পার্থে 'চতুর্থ ইন্ডিয়ান ওশান নেভাল সিম্পোজিয়াম' উপলক্ষে অনুষ্ঠিত সভায় ভারত মহাসাগরীয় অঞ্চলের দেশসহ বিশ্বের বিভিন্ন দেশের নৌপ্রধান ও প্রতিনিধিদের সর্বসম্মতিক্রমে আগামী ২০১৬ থেকে ২০১৮ সাল পর্যন্ত বাংলাদেশ নৌবাহিনীকে দুই বছরের জন্য 'ইন্ডিয়ান ওশান নেভাল সিম্পোজিয়াম'-এর চেয়ারম্যানশিপ প্রদান।

বাংলাদেশ বিমান বাহিনী

১। বিমান বাহিনীর আধুনিকায়ন ও বিমান বাহিনীকে আরও শক্তিশালী করার লক্ষ্যে সম্প্রতি ঢাকায় পূর্ণাঙ্গ ঘাঁটি 'বঙ্গবন্ধু' স্থাপন।

২। বিমান বাহিনীকে আরও শক্তিশালী করার জন্য আধুনিক F-7BG1 যুদ্ধবিমান, Mi-171SH হেলিকপ্টার, K-8W জেট প্রশিক্ষণ বিমান, সর্বাধুনিক এভিওনিক্স ও আধুনিক প্রযুক্তির L-410 পরিবহন প্রশিক্ষণ বিমান এবং Fly-by-Wire নিয়ন্ত্রিত অত্যাধুনিক Advanced Jet Trainer YAK-130 অন্তর্ভুক্তকরণ।

৩। দেশের আকাশ প্রতিরক্ষা ক্ষমতা বৃদ্ধি ও সম্ভাব্য শত্রুর গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ ধ্বংস করার কাজে স্বল্পপাল্লার PL-9C মিসাইল এবং স্বল্পপাল্লার R-73 এবং দূরপাল্লার R-27 মিসাইল এবং অত্যাধুনিক ক্ষেপণাস্ত্র Surface to Air Missile (SAM) এফএম-৯০ সংযোজন।

৪। বিমান বাহিনীর ফ্লাইট লেফটেন্যান্ট নাইমা হক ও ফ্লাইং অফিসার তামান্না-ই-লুৎফির বিমান বাহিনীর ও বাংলাদেশের ইতিহাসে প্রথমবারের মতো নারী সামরিক বৈমানিক হওয়ার সৌভাগ্য অর্জন।

৫। বাংলাদেশ বিমান বাহিনীর PT-6 প্রশিক্ষণ বিমানের ওভারহলিংয়ের জন্য ওভারহলিং প্ল্যান্ট (২১০ রক্ষণাবেক্ষণ ইউনিট) স্থাপন।

৬। ২১৪ মেইনটেন্যান্স, রিপেয়ার অ্যান্ড ওভারহল ইউনিট গঠনের মাধ্যমে বাংলাদেশ বিমান বাহিনীতে ব্যবহৃত সকল F-7 সিরিজ যুদ্ধবিমানের ওভারহলিংয়ের কার্যাদি সম্পাদন।

দেশ গঠনে
সশস্ত্র বাহিনী

বাংলাদেশ সশস্ত্র বাহিনীর দেশ গঠনের ধারাবাহিকতায় গত এক বছরে সংগঠিত হয়েছে নানাবিধ কার্যক্রম, যা নিচে উদ্ধৃত হলো :

বাংলাদেশ সেনাবাহিনী

১। আশ্রয়ণ প্রকল্পের আওতায় ভূমিহীন জনগণের জন্য সারা দেশে ১০৬টি ব্যারাক হাউস নির্মাণ।

২। শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের উন্নয়ন প্রকল্পের কার্যক্রম সম্পাদন।

৩। রায়েরবাজার এলাকায় ৭৯.৬৫ একর ভূমিতে কবরস্থান উন্নয়ন প্রকল্প সম্পাদন।

৪। থানচি-আলীকদম ৩৩ কিলোমিটার সড়ক নির্মাণ প্রকল্পের কার্যক্রম সম্পাদন।

৫। কক্সবাজার-টেকনাফ ৮০ কিলোমিটার মেরিন ড্রাইভ প্রকল্পের কার্যক্রম সম্পাদন।

৬। রাঙামাটি (ঘাগড়া)-চন্দ্রঘোনা-বাংগালহালিয়া-বান্দরবান (জেসিবিবি) ৫৮.৯২ কিলোমিটার সড়ক নির্মাণ প্রকল্প গ্রহণ।

৭। বাংগালহালিয়া-রাজস্থলী (বিআর) ২১.০০ কিলোমিটার দীর্ঘ সড়ক নির্মাণ প্রকল্প গ্রহণ।

৮। চিম্বুক-(ওয়াইজংশন)-রুমা ২৯.০০ কিলোমিটার দীর্ঘ সড়ক নির্মাণ।

৯। জয়দেবপুর-ময়মনসিংহ সড়ক উন্নয়ন প্রকল্পের আওতায় ৩০ কিলোমিটার সড়ক উন্নয়ন।

১০। জয়দেবপুর-ময়মনসিংহ সড়কে মাওনা ফ্লাইওভার নির্মাণ।

১১। শিমুলিয়া-মাওয়া সড়ক উন্নয়ন কার্যক্রম সম্পাদন।

১২। ঢাকা শহর রক্ষা বেড়িবাঁধ থেকে মোহাম্মদপুর বাসস্ট্যান্ড পর্যন্ত ৭৫% সড়ক নির্মাণ প্রকল্প সম্পাদন।

১৩। লক্ষ্মীপুর জেলার রামগতি ও মৌলভীবাজার জেলার কমলনগর উপজেলার মেঘনা নদীর তীর সংরক্ষণ প্রকল্প গ্রহণ।

১৪। ঘাঘট নদীতে ৫,১৪৫ ফুট দৈর্ঘ্য, ৩২ ফুট প্রস্থ এবং ১২ ফুট উচ্চতার বাঁধ নির্মাণ প্রকল্প সম্পাদন।

১৫। পদ্মা বহুমুখী সেতু প্রকল্পে বালু ভরাট কার্যক্রম সম্পাদন।

১৬। মেঘনা সেতু ও গোমতী সেতুর রক্ষণাবেক্ষণ প্রকল্প গ্রহণ।

১৭। আর্মি ইনস্টিটিউট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (এআইবিএ), পাঁচটি আর্মি মেডিকেল কলেজ, তিনটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং একটি বাংলা ও একটি ইংরেজি মাধ্যম ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল প্রতিষ্ঠা।

১৮। রংপুর সেনানিবাসে বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের জন্য প্রয়াস স্কুল নির্মাণ কার্যক্রম সম্পাদন।

১৯। যশোরে ৮৮ ফুট দীর্ঘ ও ২২ ফুট প্রস্থবিশিষ্ট প্রাথমিক বিদ্যালয় ভবন নির্মাণ।

বাংলাদেশ নৌবাহিনী

১। নৌবাহিনী কর্তৃক ভূমিহীন, গৃহহীন, ছিন্নমূল অসহায় দরিদ্র পরিবারকে পুনর্বাসনের লক্ষ্যে আশ্রয়ণ-২ নামে প্রকল্প গ্রহণ।

২। মৎস্যসম্পদ রক্ষা অভিযানে ৪৮,০৬,৫৬,৬৬৫/- টাকা মূল্যমানের সম্পদ আটক।

৩। জাটকাবিরোধী অপারেশন পরিচালনায় ৩৩,৪১,৮৩,২৫১ মিটার জাল, ৫৫টি বোট ও ৪২,৯১৮ কেজি জাটকা আটক।

৪। মিরপুর সেনানিবাসে 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়' প্রতিষ্ঠাকরণ।

৫। চোরাচালানবিরোধী অভিযানে ৩৫৬ জন চোরাকারবারি ও ডাকাত আটক।

৬। দুর্ঘটনায় উদ্ধার অভিযান পরিচালনাকরণ, যেমন– মেঘনা নদীতে দুর্ঘটনাকবলিত যাত্রীবাহী ট্রলার ও নিখোঁজ যাত্রীদের উদ্ধার, মংলা হারবারিয়ায় ডুবন্ত জাহাজ উদ্ধার, সেন্টমার্টিনের অদূরে ডুবন্ত ফিশিং ট্রলার ও নিখোঁজ জেলেদের উদ্ধার, খুলনা সুন্দরবন এলাকায় শ্যালা নদীতে ডুবন্ত অয়েল ট্যাংকার উদ্ধার ও ফার্নেস অয়েল অপসারণ, মানিকগঞ্জে ডুবন্ত যাত্রীবাহী লঞ্চ ও নিখোঁজ যাত্রী উদ্ধার এবং চট্টগ্রাম বহির্নোঙরে বাংলাদেশ বিমান বাহিনীর ট্রেনিং এয়ারক্রাফট F-7 এবং নিখোঁজ পাইলটের উদ্ধার অভিযান।

৭। মানবপাচার প্রতিরোধ অভিযান পরিচালনায় ৬টি বোট ও ৭৯৪ জন মানুষ উদ্ধার।

৮। চট্টগ্রাম নাবিক কলোনি-২-এ বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের জন্য 'আশার আলো স্কুল' নামে পুনর্বাসন কেন্দ্র নির্মাণ।

৯। খুলনা শিপইয়ার্ডে এমভি নৌ কল্যাণ-১ ও এমভি নৌ কল্যাণ-২ নামে দুটি কনটেইনার ভেসেল নির্মাণ।

১০। বাংলাদেশ নৌবাহিনীর প্রকাশিত আন্তর্জাতিক সিরিজের চার্ট (INT Series Chart) সমূহ United Kingdom Hydrographic Organisation (UKHO) কর্তৃক মুদ্রণ ও বিশ্বব্যাপী বিপণন।

বাংলাদেশ বিমান বাহিনী

১। পার্বত্য চট্টগ্রামের দুর্গম পাহাড়ি অঞ্চলে বিভিন্ন অপারেশনাল, জরুরি পরিবহন কার্যক্রমে অংশগ্রহণ।

২। সমুদ্রসীমা নির্ধারণ ও জলসীমা পর্যবেক্ষণে বালাদেশ নৌবাহিনীকে প্রয়োজনীয় সহায়তা প্রদান।

৩। অতি সম্প্রতি প্রতিবেশী দেশ নেপালে ঘটে যাওয়া ভয়াবহ ভূমিকম্প-পরবর্তী সরকারি ত্রাণ ও মেডিকেল টিম পরিবহন এবং নেপালে আটকে পড়া বাংলাদেশি ক্রীড়াবিদ, শিল্পী ও বিশিষ্ট ব্যক্তিদের বিমান বাহিনীর সি-১৩০ পরিবহন বিমানযোগে ফিরিয়ে আনা।

৪। বাংলাদেশে বিমান বাহিনী পরিচালিত বিএএফ শাহীন স্কুল ও কলেজসমূহে বিমান বাহিনীর সদস্যদের সন্তান ছাড়াও স্থানীয় জনসাধারণের সন্তানদের অধ্যয়নের সুযোগ প্রদান।

বাংলা প্রবন্ধসমূহের সূচিপত্র

১। বেসামরিক ও সামরিক সংযোগের গুরুত্ব : বাংলাদেশের সাফল্য ও সম্ভাবনা ৯
কর্নেল আবদুল্লাহ্-আল-মামুন, পিএসসি

২। জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশ সশস্ত্র বাহিনী : বিশ্বসভায় নেতৃত্ব ও ভবিষ্যৎ চ্যালেঞ্জ ১৭
স্কোয়াড্রন লীডার মো. মোস্তফা কামাল, ফিন্যান্স

৩। সামরিক বাহিনী ও গণমাধ্যমের কার্যকরী সম্পর্কের গুরুত্ব ২৩
কমান্ডার এম ইমাম হাসান আজাদ, (সি), পিএসসি, বিএন

৪। মুক্তিযুদ্ধের চেতনায় শাণিত আমাদের শান্তিরক্ষীরা ৩১
উইং কমান্ডার আ ন ম আব্দুল হান্নান, শিক্ষা

৫। পার্বত্যাঞ্চলে শান্তিচুক্তি-পরবর্তী আর্থসামাজিক উন্নয়নে সেনাবাহিনীর ভূমিকা ৩৪
কর্নেল মো. আব্দুল বাতেন খান, পিএসসি, জি

৬। রানা প্লাজা ভবন ধস : বাংলাদেশের দুর্যোগ ব্যবস্থাপনার নতুন মাত্রা ৪৬
লেফটেন্যান্ট কর্নেল মো. আমিরুল ইসলাম, পিএসসি, আর্টিলারি

৭। সহজ ভাষায় বাংলাদেশের সমুদ্রজয় ৫৭
লেফটেন্যান্ট কর্নেল কাজী নাদির হোসেন, পিএসসি, জি, আর্টিলারি

Content of English Articles

1. **Promoting Joint Training Environment for Coastal Defence in Bangladesh** 70
Lieutenant Colonel Humayun Quyum, afwc, psc

2. **Pursuing Blue Economy and Maritime Security** 78
Commodore M Musa, (G), NPP, rcds, afwc, psc, BN

3. **Air Space Management of Bangladesh : Challenges and Prospects in Becoming a Middle Income Country** 91
Group Captain Md Mamunur Rashid, afwc, psc, ADWC

4. **Untold Success of Bangladesh Diesel Plant** 103
Brigadier General Asif Ahmed Ansari, afwc, psc

5. **Features Helping Bangladesh to become Top Ranking Troop Contributing Country in Global Peacekeeping and Corresponding Challenges** 112
Lieutenant Colonel Ali Reza Mohammad Ashaduzzaman, psc, Arty

6. **Maritime Cooperation in the Bay of Bengal RIM Countries** 119
Commander S M Maniruzzaman, (L), psc, BN

7. **Inspiring Young Generation with True Spirit of Glorious Tradition, Ethos and Values of Our Heroic Liberation War** 130
Major Dilip Kumar Roy, AEC & Major Sinthia Sarmin, AEC

8. **Chemical Warfare and Implementation of Chemical Weapons Convention in Bangladesh : Challenges and Way Forward** 136
Lieutenant Colonel Md Zakaria Hossain, psc, G, Arty

বেসামরিক ও সামরিক সংযোগের গুরুত্ব ঃ বাংলাদেশের সাফল্য ও সম্ভাবনা

কর্নেল আবদুল্লাহ্-আল-মামুন, পিএসসি

ভূমিকা/প্রেক্ষাপট

একটি পরিবার যেমন সম্পর্কের ভিত্তিতে গড়ে ওঠে, তেমনি একটি রাষ্ট্রের সুষম পরিচালনা নির্ভর করে এর অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানগুলোর পারস্পরিক সমঝোতা ও সহাবস্থানের ওপর। যেকোনো রাষ্ট্রের বেসামরিক ও সামরিক পরিমণ্ডলের গঠনগত মৌলিক পার্থক্য থাকে। সামরিক শক্তিকে যদি রক্ষণশীল বলা হয়, তবে বেসামরিক পরিমণ্ডলকে কিছুটা সংবেদনশীল ও পরিবর্তনশীল বলাই যায়। রাষ্ট্রের সুষ্ঠু পরিচালনা ও প্রগতির জন্য এই রক্ষণশীল ও সংবেদনশীল ধারা দুটির সহপ্রবাহ গুরুত্বপূর্ণ। আর এই প্রবাহের স্বাভাবিকতার জন্য বেসামরিক ও সামরিক সংযোগ বা সম্পর্কের ভিত শক্তিশালী হওয়া বাঞ্ছনীয়।

ইংরেজিতে 'Civil Military Relations', সংক্ষেপে CMR বাচ্যটি বিশ্বব্যাপী গুরুত্ব পেয়ে আসছে, যার বাংলা অর্থ দাঁড়াবে 'বেসামরিক ও সামরিক সংযোগ'। 'Relations' শব্দটির বাংলা অর্থে 'সম্পর্কের' পরিবর্তে 'সংযোগ' শব্দটি গতিময়তা আনে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর রাষ্ট্রবিজ্ঞানী ও সমাজবিজ্ঞানীগণ বেসামরিক ও সামরিক সংযোগ বিষয়ে গুরুত্বপূর্ণ বিশ্লেষণধর্মী তত্ত্ব প্রণয়ন করেছেন। বিভিন্ন তত্ত্বের ভিত্তিতে রাষ্ট্রীয় কর্তৃপক্ষ সামরিক শক্তির ওপর কীভাবে নিয়ন্ত্রণ রাখবে তা যেমন গুরুত্ব পেয়েছে, তেমনি কোন ধরনের রূপরেখা রাষ্ট্র পরিচালনায় সবচেয়ে সহায়ক হবে, তা-ও উঠে এসেছে। বাংলাদেশের রাষ্ট্রীয় কাঠামোতে সামরিক বাহিনীর অবস্থান বেসামরিক ও সামরিক সংযোগ উন্নয়নে কতটা উপযোগী, তার বিশ্লেষণ ও প্রণিধান অপরিহার্য। বাংলাদেশ সামরিক বাহিনী দেশে এবং আন্তর্জাতিক পরিমণ্ডলে নিজেদের উজ্জ্বল ভাবমূর্তি তৈরি করেছে। এই প্রেক্ষাপটে বেসামরিক ও সামরিক সংযোগের বিষয়টি সামাজিক এবং রাষ্ট্রীয় পরিমণ্ডলে তাৎপর্য বহন করে। এই রচনাটিতে বেসামরিক ও সামরিক সংযোগের তত্ত্বভিত্তিক বিশ্লেষণের পাশাপাশি বাংলাদেশের রাষ্ট্রীয় কাঠামোতে এই সংযোগ ও সম্পর্কের উন্নয়নের সম্ভাবনাগুলো তুলে ধরার প্রচেষ্টা করা হয়েছে।

বেসামরিক ও সামরিক সংযোগের সংজ্ঞা ও ইতিবৃত্ত

'বেসামরিক ও সামরিক সংযোগ' বলতে একটি রাষ্ট্রের সামরিক বাহিনীর সঙ্গে সরকারের বেসামরিক সংগঠন এবং অন্যান্য বেসরকারি সংগঠনের সম্পর্ক ও সংযোগকে বোঝায়। যেকোনো রাষ্ট্রের সুষ্ঠু পরিচালনার জন্য বেসামরিক ও সামরিক সংগঠনগুলোর সহযোগিতামূলক সংযোগ প্রয়োজন। ইংরেজিতে 'Civil Military Relations' সংক্ষেপে CMR (সিএমআর) বিশ্বব্যাপী একটি বহুল ব্যবহৃত বাচ্য।

'সিএমআর'-এর মূল ধারণার সূত্র খ্রিস্টপূর্ব পঞ্চম শতাব্দীর প্রখ্যাত চীনা সমরবিশারদ সান জু-এর বিশ্লেষণে খুঁজে পাওয়া যায়। তিনি বলেন, 'সামরিক বাহিনী গঠনগতভাবে রাষ্ট্রের আজ্ঞাবহ।' ১৮ শতাব্দীতে জার্মান সমর-বিশ্লেষক ক্লসউইজ-ও সামরিক বাহিনীকে রাষ্ট্রের অধীন একটি শক্তি হিসেবে চিহ্নিত করেন। সামরিক বাহিনী সম্পর্কে এই চলমান ধারণার ভিত নড়ে ওঠে বিংশ শতাব্দীর প্রথমার্ধে। এই সময় প্রথম

ও দ্বিতীয় মহাযুদ্ধে ক্রমে বিশ্বের পরাশক্তিগুলোর সামরিক বাহিনীর সম্প্রসারণ সংঘটিত হয় এবং আন্তর্জাতিক রাজনীতিতে সামরিক শক্তির প্রভাব সামরিক বাহিনীর ওপর গণতন্ত্রের পরীক্ষিত নিয়ন্ত্রণকে প্রশ্নবিদ্ধ করে। এই পটভূমিতে বিশ্বের প্রখ্যাত মার্কিন রাষ্ট্রবিজ্ঞানী, সমাজবিজ্ঞানী ও বিশ্লেষক স্যামুয়েল পি হান্টিংটন এবং জার্মান সমাজবিজ্ঞানী মরিস জানোউইজসহ বেশ কিছু শিক্ষাবিদ 'সিএমআর'কে রাষ্ট্রবিজ্ঞান ও সমাজবিজ্ঞানের একটি গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে আনুষ্ঠানিক রূপ দেন।

সিএমআর-এর উদ্দেশ্য

সিএমআর-এর উদ্দেশ্য মহৎ এবং সুদূরপ্রসারী। যেকোনো রাষ্ট্রের পরিচালনায় সুদৃঢ় বেসামরিক ও সামরিক সম্পর্ক নিম্নলিখিতভাবে কার্যকরী হয়ে থাকে :

- দেশের সার্বভৌমত্ব রক্ষায় বেসামরিক সরকারি কর্তৃপক্ষের পাশাপাশি সামরিক কর্তৃপক্ষের দায়িত্বের পরিধি নিশ্চিতকরণ।
- জাতীয় প্রতিরক্ষায় সামরিক বাহিনীকে সবচেয়ে কার্যকরীভাবে নিয়োগ।
- বেসামরিক ও সামরিক কর্তৃপক্ষের মধ্যে পারস্পরিক বিশ্বস্ততা ও স্বচ্ছতাভিত্তিক সম্পর্ক অব্যাহত রাখা।

বেসামরিক ও সামরিক সংযোগের তত্ত্বসমূহ

বিশ্বের প্রখ্যাত রাষ্ট্রবিজ্ঞানী ও সমাজবিজ্ঞানীগণ বেসামরিক ও সামরিক সংযোগ বা সম্পর্ককে গভীরভাবে বিশ্লেষণ করেছেন এবং বিভিন্ন কার্যকরী তত্ত্ব বর্ণনা করেছেন :

ইনস্টিটিউশনাল থিওরি বা প্রতিষ্ঠানগত তত্ত্ব। মার্কিন রাষ্ট্রবিজ্ঞানী স্যামুয়েল পি হান্টিংটন 'বেসামরিক' ও 'সামরিক' বলতে দুটি পৃথক প্রতিষ্ঠানকে চিহ্নিত করেছেন, যে প্রতিষ্ঠান দুটি স্বতন্ত্র নীতিমালা ও শিষ্টাচার অনুসরণ করে। তিনি সামরিক চিন্তাচেতনাকে রক্ষণশীল এবং বেসামরিক কার্যধারাকে সংবেদনশীল ও পরিস্থিতি সাপেক্ষে পরিবর্তনশীল হিসেবে চিহ্নিত করেছেন। হান্টিংটন রাষ্ট্রের স্বার্থে বেসামরিক রাষ্ট্রীয় নেতৃত্বের দ্বারা জাতীয় সামরিক বাহিনীকে নিয়ন্ত্রণের প্রয়োজনীয়তা বর্ণনা করেছেন। এ ক্ষেত্রে তিনি কার্যকরী নিয়ন্ত্রণের জন্য বেসামরিক রাষ্ট্রীয় নেতৃত্বের দ্বারা সামরিক শক্তির ওপর 'Subjective Control' বা 'বিস্তারিত বিষয়গত নিয়ন্ত্রণ'-এর পরিবর্তে 'Objective Control' বা 'লক্ষ্য নির্দেশক নিয়ন্ত্রণ' প্রয়োগ করার উপদেশ দিয়েছেন। লক্ষ্য নির্দেশক নিয়ন্ত্রণের মাধ্যমে রাষ্ট্রীয় বেসামরিক কর্তৃপক্ষ সামরিক বাহিনীর লক্ষ্য নির্ধারণ করে দিবে এবং সামরিক কর্তৃপক্ষ স্বাধীনভাবে সে লক্ষ্য অর্জনে কার্যকর পদক্ষেপ নিবে।

'Convergence Theory' বা সম্মিলন তত্ত্ব। রাষ্ট্রবিজ্ঞানী মরিস জানোউইজ বর্ণনা করেন যে, বেসামরিক ও সামরিক শক্তি সম্পূর্ণ ভিন্ন মাত্রার হওয়া সত্ত্বেও দেশের বৃহত্তর স্বার্থে নিজস্ব স্বতন্ত্র বজায় রেখে এ দুই শক্তিকে কোন বিন্দুতে সম্মিলিত হতে হবে। তিনি এই সম্মিলন অর্জনে বিভিন্ন যৌথ প্রশিক্ষণ ও আনুষ্ঠানিকতার মাধ্যমে বেসামরিক নেতৃত্বকে সামরিক নেতৃত্বের সঙ্গে অন্তরঙ্গভাবে মেলামেশা করার উপদেশ দিয়েছেন।

● **'Agency Theory'**। রাষ্ট্রবিজ্ঞানী পিটার ডি ফিবার মাইক্রো ইকোনমিকসের গঠনের আদলে বেসামরিক নেতৃত্বকে নীতিমালা নির্ধারণের দায়িত্ব এবং সামরিক কর্তৃপক্ষকে সেই প্রণীত নীতিমালা অনুসরণ করে রাষ্ট্রীয় দায়িত্ব পালনের কথা বলেছেন।

বেসামরিক ও সামরিক সংযোগের বিভিন্ন দিক

বেসামরিক ও সামরিক সংযোগ বা 'সিএমআর' জাতীয় নিরাপত্তা নীতিমালার একটি গুরুত্বপূর্ণ অংশ। যুদ্ধে কিংবা শান্তিতে উভয় পরিস্থিতিতেই এই সম্পর্ক বা সংযোগ রাষ্ট্রীয় কর্মপরিচালনায় অমিত তাৎপর্য বহন করে। সাধারণত যুদ্ধকালীন বেসামরিক ও সামরিক কর্তৃপক্ষ অন্তরঙ্গভাবে কাজ করে থাকে। কিন্তু শান্তিকালীন এই সংযোগ বা সম্পর্কের রূপরেখা কী হওয়া উচিত, তা নিয়ে আলোচনার অবকাশ থেকে যায়। শান্তিকালীন আদর্শ বেসামরিক ও সামরিক সংযোগ বাস্তবায়নের প্রধান চ্যালেঞ্জ হচ্ছে বেসামরিক ও সামরিক জগতের মৌলিক ভিন্নতা। যেকোনো প্রগতিশীল রাষ্ট্রেরই সামরিক শিষ্টাচার ও চিন্তাচেতনা মূলত রক্ষণশীল। অন্যদিকে রাষ্ট্রের বেসামরিক কার্যধারা সংবেদনশীল এবং পরিস্থিতির সঙ্গে খাপ খাওয়ানোর মতো পরিবর্তনশীল। যেকোনো রাষ্ট্রের প্রগতির জন্য রক্ষণশীল ও পরিবর্তনশীল এ দুটি ধারার দ্বন্দ্বহীন সহপ্রবাহ প্রয়োজন। গণতন্ত্রের ধারা অব্যাহত রাখতে শান্তিকালীন এ প্রবাহ বহমান রাখার জন্য দুটি বিষয় গুরুত্বপূর্ণ :

নিয়ন্ত্রণ। স্যামুয়েল পি হান্টিংটনের তত্ত্ব অনুযায়ী লক্ষ্য নির্দেশনার মাধ্যমে বেসামরিক নেতৃত্ব সামরিক শক্তিকে নিয়ন্ত্রণ করতে পারে। হান্টিংটনের মতে, বিস্তারিত বিষয়গত নিয়ন্ত্রণ সামরিক শক্তির স্বকীয়তা নষ্ট করে। অন্যদিকে লক্ষ্য নির্দেশক নিয়ন্ত্রণ সামরিক শক্তির স্বতঃস্ফূর্ত কার্যকারিতার অনুকূল পরিবেশ সৃষ্টি করে।

কার্যকারিতা। আদর্শ বেসামরিক ও সামরিক সংযোগের ক্ষেত্রে বেসামরিক কর্তৃপক্ষ নীতিমালা নির্ধারণ করবে এবং সামরিক শক্তি কার্যকরভাবে তা প্রয়োগ করবে। এ ক্ষেত্রে তিনটি ধাপ অনুসরণ প্রয়োজন :

● জাতীয় নিরাপত্তা পরিকল্পনা থাকতে হবে, যার সূত্রে রাষ্ট্রীয় রণকৌশল নির্ধারণ করা হবে।

● রাষ্ট্রীয় রণকৌশল বাস্তবায়নের জন্য শক্তিশালী সামরিক কাঠামো থাকতে হবে।

● রাষ্ট্রীয় নেতৃত্ব প্রয়োজনীয় সামরিক সরঞ্জামাদি ও প্রশিক্ষণের জন্য অর্থ জোগান করতে হবে এবং সুযোগ সৃষ্টির ব্যাপারে সচেষ্ট থাকবে।

বেসামরিক ও সামরিক সংযোগের আন্তর্জাতিক প্রেক্ষাপট

বেসামরিক ও সামরিক সংযোগ আন্তর্জাতিকভাবে বিশ্বে বিভিন্ন সময়ে বিভিন্ন স্থানে পরীক্ষিত হয়েছে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর আন্তর্জাতিক রাজনীতিতে সাফল্যের পেছনে মার্কিন যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যের আদর্শ বেসামরিক ও সামরিক সংযোগকে চিহ্নিত

করা হয়। ভারতে স্বচ্ছ বেসামরিক ও সামরিক সংযোগ ভারতীয় গণতন্ত্রকে বেগবান রেখেছে। রাষ্ট্রীয় নেতৃত্বের সামরিক শক্তির ওপর সঠিক নিয়ন্ত্রণ কতটা জরুরি, তার প্রমাণ মিলেছে দক্ষিণ আমেরিকার গুয়াতেমালার গত দশকের রাজনৈতিক পরিস্থিতিতে। ২০০৪ সালে গুয়াতেমালার প্রেসিডেন্ট বার্জার দায়িত্ব গ্রহণ করার পর সামরিক শক্তির সঙ্গে কোনো আলোচনা না করেই ৫০ শতাংশ সামরিক শক্তি কমিয়ে আনেন। এতে পুরো দেশটির নিরাপত্তা হুমকির মুখে পড়ে এবং রাজনৈতিক অস্থিতিশীলতা দেখা দেয়, এমনকি অভ্যন্তরীণ আইনশৃঙ্খলা পরিস্থিতি ভঙ্গুর হয়ে পড়ে। পরে প্রেসিডেন্ট আলতারো কোলোব ২০০৮ সালে বেসামরিক কর্তৃপক্ষের পরামর্শ সাপেক্ষে সামরিক বাহিনীকে সংখ্যায় দ্বিগুণ করেন এবং এর গুণগত মান বৃদ্ধি করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন।

ভিয়েতনাম যুদ্ধের তাত্ত্বিক বিশ্লেষণে মার্কিন সাফল্য অর্জিত না হওয়ার পেছনে যে কারণগুলোকে চিহ্নিত করা হয় তার মধ্যে অন্যতম তৎকালীন মার্কিন বেসামরিক নেতৃত্বের সামরিক বাহিনীর ওপর বিস্তারিত নিয়ন্ত্রণ। ভিয়েতনাম যুদ্ধে ভিয়েতনামের জেনারেল গিয়াপের সামরিক বাহিনী গতানুগতিক প্রথাগত সামরিক কৌশল ব্যবহার করেনি। তাই যুদ্ধে মার্কিন সামরিক জেনারেলরা পরিস্থিতি বিবেচনা সাপেক্ষে সামঞ্জস্যপূর্ণ যুদ্ধনীতি প্রয়োগের পক্ষপাতী ছিলেন। কিন্তু বেসামরিক মার্কিন নেতৃত্ব যুদ্ধনীতির বিস্তারিত নির্দেশনা দেওয়াতে সামরিক বাহিনীকে তা অনুসরণ করতে হয়। এই যুদ্ধের ফলাফল যে মার্কিনিদের পক্ষে যায়নি তা আজ বিশ্ব জানে। মার্কিনিরা তাদের নিজেদের অভিজ্ঞতা থেকে শিক্ষা গ্রহণ করে উপসাগরীয় যুদ্ধ সামরিক বাহিনীর ওপর লক্ষ্য নির্ধারণমূলক নিয়ন্ত্রণ বা Objective Control প্রয়োগ করে, যা মার্কিন সামরিক বাহিনীকে স্বকীয়ভাবে এবং সাফল্যের সঙ্গে সামরিক অপারেশন পরিচালনার সুযোগ দেয়। হান্টিংটনের নিয়ন্ত্রণের এই উপদেশ যুদ্ধ কিংবা শান্তি উভয় ক্ষেত্রেই বারবার বিশ্বব্যাপী উপযোগী প্রমাণিত হয়েছে।

বাংলাদেশে বেসামরিক ও সামরিক সংযোগ পরিস্থিতি

১৯৭১ সালে সংঘটিত বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধ আদর্শ বেসামরিক ও সামরিক সংযোগের এক অনন্য দৃষ্টান্ত। মুক্তিযুদ্ধে বাংলাদেশ ১১টি সেক্টরে বিভক্ত হয় এবং এই সেক্টরগুলো বাঙালি সামরিক ও বেসামরিক মুক্তিযোদ্ধাদের সম্মিলিত অংশগ্রহণে কার্যকর হয়ে ওঠে। সেক্টরগুলোর নেতৃত্ব দেন পাকিস্তান সামরিক বাহিনীতে কমিশনপ্রাপ্ত বাঙালি জ্যেষ্ঠ অফিসাররা। তখন থেকে সামরিক বাহিনী বাংলাদেশের সামাজিক ও সাংস্কৃতিক পরিমণ্ডলের এক অবিচ্ছেদ্য অংশ হয়ে দাঁড়ায়। বাংলাদেশের রাষ্ট্রীয় পরিমণ্ডলে সামরিক বাহিনী নিম্নলিখিত কারণে সম্মানের আসনে অধিষ্ঠিত রয়েছে :

- সামরিক বাহিনী সব সময় জাতীয় প্রয়োজনে, যেমন: প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা, পার্বত্য চট্টগ্রামে কাউন্টার ইন্সারজেন্সি অপারেশন, জাতীয় নির্বাচন, জাতীয় ভোটার আইডি কার্ড তৈরি, গণতন্ত্র বাস্তবায়নে সহযোগিতা, সন্ত্রাস দমন, রাস্তাঘাট নির্মাণসহ দেশ গঠনমূলক কাজে অংশগ্রহণ, বঙ্গবন্ধু ব্রিজ, পাওয়ার স্টেশন, কি পয়েন্ট ইনস্টলেশনের নিরাপত্তা বিধান ইত্যাদি দায়িত্ব নিরলসভাবে পালন করে আসছে।

- আন্তর্জাতিকভাবে জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে সর্বাধিক সৈন্য প্রেরণকারী দেশ হিসেবে পরিগণিত হয়ে বাংলাদেশ সামরিক বাহিনী বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তিকে সমুন্নত রেখেছে।

হান্টিংটনের জনপ্রিয় তত্ত্বের ভিত্তিতে বাংলাদেশের বেসামরিক ও সামরিক সংযোগ

প্রখ্যাত মার্কিন রাষ্ট্রবিজ্ঞানী স্যামুয়েল পি হান্টিংটন যে 'Objective Control' বা লক্ষ্য নির্দেশক নিয়ন্ত্রণের মডেলকে কার্যকরী হিসেবে চিহ্নিত করেছেন, তার এক আদর্শ রূপরেখা বাংলাদেশের রাষ্ট্রীয় কাঠামোতে বিদ্যমান। বাংলাদেশের সামরিক বাহিনীর যাবতীয় কার্যাবলি নিয়ন্ত্রিত হয় দুটো মন্ত্রণালয় বা বিভাগের মাধ্যমে। প্রথমত, সশস্ত্র বাহিনী বিভাগ যা মন্ত্রণালয়ের ক্ষমতা ধারণ করে এবং সামরিক বাহিনীর অপারেশন, প্রশিক্ষণ, প্রশাসন, বেসামরিক ও সামরিক সংযোগ ও গোয়েন্দা কার্যক্রম নিয়ন্ত্রণ করে। অন্যদিকে প্রতিরক্ষা মন্ত্রণালয় যা সামরিক বাহিনীর বাজেট ও আইনি বিষয়সমূহ নিয়ন্ত্রণ করে। এই দুটো মন্ত্রণালয়ের কর্তৃত্ব মাননীয় প্রধানমন্ত্রীর ওপর ন্যস্ত। মাননীয় প্রধানমন্ত্রী সশস্ত্র বাহিনী বিভাগ ও প্রতিরক্ষা মন্ত্রণালয়কে যথাক্রমে একজন প্রিন্সিপাল স্টাফ অফিসার (লে. জেনারেল পদবির) এবং একজন সিনিয়র সচিবের মাধ্যমে নির্দেশনা প্রদান করেন। সশস্ত্র বাহিনী বিভাগ এবং প্রতিরক্ষা মন্ত্রণালয় এভাবেই সরকারের কাছ থেকে সামরিক বাহিনীর জন্য লক্ষ্য নির্ধারণমূলক নির্দেশনা গ্রহণ করে এবং সেনাবাহিনী, নৌবাহিনী এবং বিমান বাহিনী সেই নির্দেশনা অনুসরণ করে স্বতন্ত্রভাবে নিজস্ব কার্যক্রম পরিচালনা করে। বাংলাদেশের রাষ্ট্রীয় কাঠামোতে বেসামরিক সরকার কর্তৃক সামরিক বাহিনীর এই নিয়ন্ত্রণ প্রক্রিয়াটি আদর্শ এবং স্বতন্ত্র একটি মডেল যা সুপরীক্ষিত, কার্যকরী এবং আন্তর্জাতিকভাবে প্রশংসিত।

বাংলাদেশের বেসামরিক ও সামরিক সংযোগের সাফল্য ও সম্ভাবনা

দৃঢ়কণ্ঠে এবং আত্মবিশ্বাস নিয়ে বলা যায় যে, বাংলাদেশ বিশ্বের কাছে বেসামরিক ও সামরিক সংযোগের একটি সফল রূপরেখা উপস্থাপনের দাবি করতে পারে। বাংলাদেশে সফল বেসামরিক ও সামরিক সংযোগের আদর্শ উদাহরণ তৈরি হয়েছে বর্তমানের তিনটি বৃহৎ প্রেক্ষাপটে। এগুলো হচ্ছে দুর্যোগ ব্যবস্থাপনা, রাষ্ট্রীয় প্রয়োজনে বেসামরিক প্রশাসনকে সহায়তা প্রদান এবং দেশ গঠনমূলক কার্যক্রম :

দুর্যোগ ব্যবস্থাপনায় বেসামরিক ও সামরিক সংযোগের সাফল্য। দেশ যখনই দুর্যোগের মুখোমুখি হয়েছে, সামরিক শক্তি সার্বভৌমত্ব রক্ষার মূল দায়িত্বেও পাশাপাশি দুর্যোগ ব্যবস্থাপনায় বেসামরিক জনগণের সহায়তায় নিবেদিত হয়েছে। ২০০৭ সালে বন্যা, সিডর, আইলা প্রভৃতি প্রাকৃতিক দুর্যোগে সামরিক বাহিনীর সদস্যরা সেনানিবাস ছেড়ে বের হয়ে এসেছে বেসামরিক জনগণের সহায়তার উদ্দেশ্যে। বহিঃশত্রুর আকস্মিক আক্রমণে নিজেদের অল্প সময়ে সংঘটিত করে যুদ্ধে ঝাঁপিয়ে পড়ার যে প্রশিক্ষণ সামরিক বাহিনীর সদস্যরা নিয়ে থাকেন, সেই জ্ঞান, সেই কৌশল বাস্তবায়ন করে আকস্মিক দুর্যোগে নিজেদের সংঘটিত করে ন্যূনতম সময়ে পৌঁছে গেছে দুর্যোগ আক্রান্ত দুর্গত এলাকায়। যে পানি বিশুদ্ধকরণ যন্ত্র ব্যবহার করে শত্রুর আক্রমণের মুখে কঠিন পরিস্থিতিতে সেনা ছাউনিতে পানি সরবরাহ করার জন্য সেনাবাহিনীর ইঞ্জিনিয়ারিং কোরের সদস্যরা প্রশিক্ষিত হন, আইলা ও সিডরে সেই শোধনযন্ত্র সৈনিকরা দক্ষিণাঞ্চলের ঘূর্ণিঝড়কবলিত সুপেয় পানিবিহীন এলাকায় স্থাপন করেছেন, বিপুল জনগোষ্ঠীকে খাবার পানি সরবরাহ করেছেন, রক্ষা করেছেন পানিবাহিত রোগের ঝুঁকি থেকে। বিমান বাহিনীর হেলিকপ্টার অল্প সময়ে পৌঁছে দিয়েছে জরুরি ত্রাণ, নৌবাহিনীর সদস্যরা নৌযান

রাষ্ট্রীয়ভাবে বেসামরিক ও সামরিক সংযোগের উন্নয়নের বিষয়টি বাংলাদেশে বিশেষ গুরুত্ব পেয়ে আসছে। সশস্ত্র বাহিনী বিভাগে বেসামরিক ও সামরিক সংযোগ পরিদপ্তর নামে একটি পরিপূর্ণ এবং কার্যকরী পরিদপ্তর মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় কাজ করে আসছে। একজন ব্রিগেডিয়ার জেনারেল সমপদবির কর্মকর্তা (বর্তমানে নৌবাহিনীর কমডোর) এই পরিদপ্তরের মহাপরিচালকের দায়িত্ব পালন করছেন। এই পরিদপ্তরে প্রটোকল ও সেরিমনি, সিভিল লিয়াজোঁ এবং মিডিয়া সেকশন নামে তিনটি সেকশন আছে। বাংলাদেশে বেসামরিক ও সামরিক সম্পর্কের উন্নয়নের জন্য এই পরিদপ্তরের সদস্যরা সার্বক্ষণিকভাবে কাজ করে চলেছেন। এই পরিদপ্তরের নির্দেশনায় সেনাবাহিনী, নৌবাহিনী এবং বিমান বাহিনী স্বতন্ত্রভাবে বেসামরিক ও সামরিক সম্পর্ক উন্নয়নে কাজ করে থাকে। বেসামরিক ও সামরিক সম্পর্ক উন্নয়নে সামরিক বাহিনীর এই মহতী কার্যক্রমের পাশাপাশি বাংলাদেশের বেসামরিক কর্তৃপক্ষ এবং বিভিন্ন বেসামরিক সংগঠন বছরব্যাপী সামরিক বাহিনীর সদস্যদের সঙ্গে যৌথ অংশগ্রহণের ভিত্তিতে সভা, সেমিনার, প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে থাকে, যা বেসামরিক ও সামরিক সংযোগ ও সম্পর্ক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বাংলাদেশ সশস্ত্র বাহিনী প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়াতে তাদের কার্যক্রম সম্পর্কে জনসাধারণকে নিয়মিত ভাবে অবহিত করছে। প্রতিবছর সামরিক বাহিনীর তত্ত্বাবধানে বাংলাদেশ সিভিল সার্ভিসের সদস্যদের জন্য সামরিক বাহিনীর সাথে পরিচিতিমূলক প্রশিক্ষণ অনুষ্ঠিত হচ্ছে। অন্যদিকে বাংলাদেশ লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে জ্যেষ্ঠ ও কনিষ্ঠ কর্মকর্তাদের জন্য পরিচালিত বিভিন্ন প্রশিক্ষণে বাংলাদেশ সামরিক বাহিনীর সদস্যরা নিয়মিত অংশগ্রহণ করছেন। এই প্রশিক্ষণগুলো বেসামরিক ও সামরিক কর্মকর্তাদের মধ্যে সমঝোতা তৈরিতে ইতিবাচক ভূমিকা রাখছে। বিভিন্ন যৌথ কার্যক্রমের মাধ্যমে ভবিষ্যতে এই সম্পর্ক উন্নয়নের অনেক সুযোগ রয়েছে।

উপসংহার/অনুপ্রেরণা

যেকোনো রাষ্ট্রের সুষ্ঠু পরিচালনার জন্য বেসামরিক ও সামরিক সংগঠনগুলোর সহযোগিতামূলক সংযোগ প্রয়োজন। এ জন্যই ইংরেজি 'Civil Military Relations' বা 'CMR' বাচ্যটি বিশ্বব্যাপী গুরুত্ব পেয়ে আসছে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর রাষ্ট্রবিজ্ঞানী ও সমাজবিজ্ঞানীগণ বেসামরিক ও সামরিক সংযোগ বিষয়ে গুরুত্বপূর্ণ বিশ্লেষণধর্মী তত্ত্ব প্রকাশ করেছেন। প্রখ্যাত মার্কিন রাষ্ট্রবিজ্ঞানী স্যামুয়েল পি হান্টিংটনের প্রসিদ্ধ Institutional Theory-তে বেসামরিক কর্তৃপক্ষ কর্তৃক সামরিক শক্তির ওপর 'Objective Control' তথা লক্ষ্য নির্দেশক নিয়ন্ত্রণের যে মডেলকে কার্যকরী বলা হয়েছে তার আদর্শ প্রয়োগ বাংলাদেশের রাষ্ট্রীয় কাঠামোর আওতায় সামরিক বাহিনীর গঠনগত বিন্যাসে লক্ষ করা যায়।

১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশের বেসামরিক ও সামরিক সংযোগের যে ভিত্তি স্থাপিত হয়েছে, সময়ের পরিক্রমায় তা অভিজ্ঞতালব্ধ ও উন্নততর হয়েছে। বাংলাদেশের সামরিক বাহিনী পেশাদারিত্বের পাশাপাশি বেসামরিক কর্তৃপক্ষকে সহযোগিতা করার জন্য বিভিন্ন কল্যাণমূলক ভূমিকা পালন করে আসছে। এ ছাড়া জাতিসংঘের শান্তিরক্ষা কার্যক্রমে শীর্ষস্থানীয় দেশ হিসেবে অংশগ্রহণের মাধ্যমে বাংলাদেশ সামরিক বাহিনী আন্তর্জাতিক পরিসরেও বেসামরিক ও সামরিক সংযোগ চর্চার সুযোগ পাচ্ছে। আন্তর্জাতিক পরিমণ্ডলে এই অংশগ্রহণ বাংলাদেশের ভাবমূর্তিকে উজ্জ্বল করছে। বেসামরিক ও সামরিক সংযোগের এই ক্রমোন্নয়ণ অব্যাহত রাখার মাধ্যমে রাষ্ট্রীয় কার্যক্রম সুচারুভাবে পরিচালনার ধারাকে আরও বেগবান করা সম্ভব। সেই অমিত সম্ভাবনার বাস্তবায়নই আমাদের লক্ষ্য।

নিয়ে পৌঁছে গেছে নদীর ধারের দুর্গত মানুষের সহযোগিতায়। সামরিক চিকিৎসকরা মাসের পর মাস সেনানিবাস ছেড়ে তাঁবু গেড়ে থেকেছে সাধারণ জনগণের কাছাকাছি। তাদের দিয়েছে সুচিকিৎসা, সরবরাহ করেছে প্রয়োজনীয় ঔষধ। সামরিক ইঞ্জিনিয়াররা নদীভাঙন রোধে মিলিটারি ডোজার, লোডার নিয়ে বালু, পাথর ফেলে রক্ষা করেছে নদীভাঙন। বন্যা পরিস্থিতি সার্বক্ষণিক পর্যবেক্ষণ এবং বন্যার্তদের সহায়তার জন্য তৈরি হয়েছে সামরিক বাহিনীর কেন্দ্রীয় পর্যবেক্ষণ সেল। ঘূর্ণিঝড়, বন্যা, ভূমিধসে চলেছে সামরিক বাহিনীর দিনে-রাতে অক্লান্ত উদ্ধার অভিযান। ২০১৩ সালে রানা প্লাজার উদ্ধার অভিযানে দেশের সামরিক-বেসামরিক জনগণ যখন একীভূত হয়ে একটি ধ্বংসস্তূপের ইট-সিমেন্ট সরিয়ে উদ্ধার করছে জীবিত ও মৃত মানুষকে, তখন আমরা বিশ্বাস করলাম প্রাকৃতিক দুর্যোগ শুধু নয়, মানবসৃষ্ট দুর্যোগেও বেসামরিক ও সামরিক সংযোগে বাংলাদেশ অনন্য।

বেসামরিক প্রশাসনকে সহায়তায় সামরিক বাহিনী। রাষ্ট্রীয় প্রয়োজনে সামরিক বাহিনী বেসামরিক প্রশাসনকে সহায়তার জন্য প্রস্তুত থাকে। জাতীয় নির্বাচনে সামরিক বাহিনী বেসামরিক প্রশাসনকে সহায়তা করে আসছে অবাধ ও সুষ্ঠু নির্বাচন পরিচালনার জন্য। 'ওয়াসা'কে পানি সরবরাহের জন্য সহযোগিতা প্রদান, সিটি করপোরেশনকে বিশেষ রাষ্ট্রীয় প্রয়োজনে সহযোগিতা প্রদান, এই গুরুত্বপূর্ণ কাজগুলো সামরিক বাহিনী কৃতিত্বের সাথে করে আসছে। দেশের গুরুত্বপূর্ণ স্থাপনা বা কি পয়েন্ট ইনস্টলেশনগুলোতে নিরাপত্তা সহায়তা প্রদানের কাজ সামরিক বাহিনীর সদস্যরা চৌকসভাবে করে আসছে। ভোটার আইডি এবং জাতীয় পরিচয়পত্র প্রণয়নে সামরিক বাহিনীর সহযোগিতা বিশ্বের বুকে বাংলাদেশের বেসামরিক ও সামরিক সংযোগের এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে। বঙ্গবন্ধু ব্রিজের যাতায়াত নিয়ন্ত্রণ কিংবা ডিজিটাল পাসপোর্ট তৈরির ব্যবস্থাপনায় সামরিক বাহিনীর অংশগ্রহণ বাংলাদেশ সামরিক ও বেসামরিক সংযোগকে দিয়েছে নতুন মাত্রা।

দেশ গঠনে সামরিক ও বেসামরিক সংযোগ। দেশ গঠনের বিভিন্ন ক্ষেত্রের মধ্যে সড়ক ও পরিবহন ক্ষেত্রে বাংলাদেশের সামরিক ও বেসামরিক সংযোগের সাফল্য প্রশংসনীয় ও অনুকরণীয়। পার্বত্য চট্টগ্রামে কয়েক হাজার কিলোমিটার রাস্তা নির্মাণ, হাতিরঝিল উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন, মিরপুর এয়ারপোর্ট ফ্লাইওভার নির্মাণ, মিরপুর এয়ারপোর্ট সংযোগ সড়ক নির্মাণ, বনানী ওভারপাস নির্মাণ, ঢাকা-ময়মনসিংহ রাস্তা চার লেনে উন্নীতকরণ, মাওনা ফ্লাইওভার নির্মাণ, মেঘনা গোমতী ব্রিজ মেরামত, পদ্মা ব্রিজ প্রকল্পে সহায়তাসহ বাংলাদেশের গুরুত্বপূর্ণ প্রকল্পগুলোর সফল বাস্তবায়নে সহায়তা সামরিক বাহিনীর সদস্যদের নিরলস পরিশ্রম এবং বেসামরিক ও সামরিক সংযোগের উজ্জ্বল দৃষ্টান্ত বহন করছে।

বাংলাদেশের ইতিহাসের পাতায় উজ্জ্বল অধ্যায় মহান মুক্তিযুদ্ধে রয়েছে বেসামরিক ও সামরিক সংযোগের মজবুত ভিত্তিপ্রস্তর। আমাদের সামরিক অবকাঠামোতে রয়েছে বেসামরিক ও সামরিক সংযোগের তত্ত্বের আদর্শ বাস্তবায়নের চিত্র। আর আমাদের অভিজ্ঞতার সঞ্চয়-পাত্রে রয়েছে রাষ্ট্রীয় প্রয়োজনে বেসামরিক ও সামরিক সংযোগের অনন্য দৃষ্টান্তসমূহ। এই সফল চিত্রটিই বাংলাদেশের বেসামরিক ও সামরিক সংযোগের ক্রমবিকাশের উজ্জ্বল সম্ভাবনার ভিত্তি তৈরি করেছে।

তথ্যসূত্র

১। ওয়েবসাইট : www.afd.gov.bd
২। ওয়েবসাইট : www.wikipedia.org
৩। স্যামুয়েল পি হানটিংটন, দ্য সোলজার এ্যান্ড দ্য স্টেট
৪। স্যামুয়েল পি হানটিংটন, দ্য ক্ল্যাশ অব সিভিলাইজেশনস্

কর্নেল আবদুল্লাহ্-আল-মামুন, পিএসসি, ২১ ডিসেম্বর ১৯৯০ সালে ২৩ বিএমএ লং কোর্সের সঙ্গে সেনাবাহিনীর কোর অব ইঞ্জিনিয়ার্সে কমিশন লাভ করেন। তিনি মিরপুর ডিফেন্স সার্ভিসেস কমান্ড অ্যান্ড স্টাফ কলেজের একজন গ্র্যাজুয়েট। তিনি জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ডিফেন্স স্টাডিজের ওপর মাস্টার্স ডিগ্রি অর্জন করেন। কর্নেল মামুন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে সিভিল ইঞ্জিনিয়ারিং পাস করেন এবং সাউথইস্ট ইউনিভার্সিটি থেকে এমবিএ ডিগ্রি অর্জন করেন।

কর্নেল মামুন বাংলাদেশ সেনাবাহিনীতে প্রশিক্ষক, স্টাফ এবং ইউনিট কমান্ডার হিসেবে বিভিন্ন দায়িত্বে নিয়োজিত ছিলেন। তিনি মোজাম্বিক ও সুদানে জাতিসংঘ মিশনে অংশগ্রহণ করেন।

কর্নেল মামুন দেশে-বিদেশে বিভিন্ন প্রশিক্ষণ অর্জন করেন। তিনি সশস্ত্র বাহিনী বিভাগের গ্রেড-১ স্টাফ অফিসার হিসেবে প্রায় সাড়ে তিন বছর জাতিসংঘ মিশন সমন্বয়ের দায়িত্ব পালন করেন। তিনি সশস্ত্র বাহিনীর মুখপাত্র হিসেবে বিভিন্ন ইলেকট্রনিক মিডিয়ায় অনুষ্ঠিত আলোচনায় অংশগ্রহণ করেন। বর্তমানে কর্নেল মামুন সশস্ত্র বাহিনী বিভাগের বেসামরিক ও সামরিক সংযোগ পরিদপ্তরে কর্নেল স্টাফ হিসেবে দায়িত্ব পালন করছেন।

জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশ সশস্ত্র বাহিনী : বিশ্বসভায় নেতৃত্ব ও ভবিষ্যৎ চ্যালেঞ্জ

স্কোয়াড্রন লীডার মো. মোস্তফা কামাল, ফিন্যান্স

ভূমিকা

দ্বিতীয় বিশ্বযুদ্ধ-পরবর্তী ১৯৪৫ সালে প্রতিষ্ঠালগ্ন থেকেই জাতিসংঘ বিশ্বব্যাপী শান্তি ও নিরাপত্তা রক্ষায় অগ্রণী ভূমিকা পালন করে আসছে। জাতিসংঘ সনদের অধ্যায় ৬ ও ৭-এর ক্ষমতাবলে সংস্থাটি বিশ্বের শান্তি ও নিরাপত্তা রক্ষায় প্রতিনিয়ত অবদান রেখে চলেছে। বিশ্বশান্তি ও নিরাপত্তা রক্ষায় ১৯৪৮ সাল থেকে নিয়োজিত শান্তিরক্ষী বাহিনীর ভূমিকা বর্তমান প্রেক্ষাপটে পূর্বের যেকোনো সময়ের তুলনায় গুরুত্বপূর্ণ এবং একই সঙ্গে ঝুঁকিপূর্ণ। বিশ্বশান্তি ও নিরাপত্তা রক্ষায় এই মহান ও ঝুঁকিপূর্ণ দায়িত্বে জাতিসংঘের অংশীদার হিসেবে বাংলাদেশ সশস্ত্র বাহিনী ১৯৮৮ সাল থেকে অত্যন্ত সুনাম, দক্ষতা ও পেশাদারিত্বের সঙ্গে নিরবচ্ছিন্নভাবে দায়িত্ব পালন করে আসছে। সুদীর্ঘ এ পথ পাড়ি দিয়ে বাংলাদেশ এ ক্ষেত্রে বিশ্বসভায় নেতৃত্ব দিচ্ছে। বর্তমান ভূ-রাজনৈতিক ও পরিবর্তিত প্রেক্ষাপটে শান্তিরক্ষা মিশনের চ্যালেঞ্জ পূর্বের তুলনায় অনেকাংশে বৃদ্ধি পেয়েছে।

বাংলাদেশ সশস্ত্র বাহিনীর গৌরবময় অর্জন

এটি অত্যন্ত গর্বের বিষয়, জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে সৈন্য প্রেরণকারী দেশগুলোর তালিকায় বাংলাদেশ শীর্ষস্থান লাভ করেছে। বাংলাদেশ সশস্ত্র বাহিনীর এই গৌরবময় অর্জন একদিনে বা হঠাৎ করে আসেনি; বরং গত তিন দশক বিশ্বের বিভিন্ন প্রান্তে সংঘাতময় অঞ্চলে শান্তি প্রতিষ্ঠায় আমাদের সশস্ত্র বাহিনীর সদস্যদের অসামান্য ত্যাগের বিনিময়ে এ অর্জন সম্ভব হয়েছে। ১৯৮৮ সালে প্রথম শান্তিরক্ষা মিশন থেকে শুরু করে অদ্যাবধি বাংলাদেশ সশস্ত্র বাহিনীর প্রায় ১,৩৬,০০০ সদস্য মোট ৩৪টি দেশে ৪৭টি শান্তিরক্ষা মিশনে অত্যন্ত সাফল্যের সঙ্গে দায়িত্ব পালন করেছেন। বর্তমানে বাংলাদেশের সর্বমোট প্রায় ৯,৬০০ সদস্য বিশ্বের বিভিন্ন প্রান্তে শান্তিরক্ষা মিশনে অংশগ্রহণ করে ১১৬টি সৈন্য প্রেরণকারী দেশের মধ্যে শীর্ষে অবস্থান করছে। উল্লেখ্য, এ পর্যন্ত বাংলাদেশ কর্তৃক সম্পন্ন মোট ৫৪টি শান্তিরক্ষা মিশনের মধ্যে ২৩টি সম্পন্ন হয়েছে আফ্রিকা মহাদেশের বিভিন্ন দেশে। বর্তমানে সারা বিশ্বে জাতিসংঘ মোট ১৭টি শান্তিরক্ষা মিশন পরিচালনা করছে, তার মধ্যে ৯টি আফ্রিকার বিভিন্ন দেশে। আর আফ্রিকা মহাদেশের এই ৯টি শান্তিরক্ষা মিশনের সবক'টিতেই বাংলাদেশ সশস্ত্র বাহিনীর সদস্যরা প্রত্যক্ষভাবে অংশগ্রহণ করছেন।



সূত্র : জাতিসংঘ শান্তিরক্ষা দিবস-২০১৫ উপলক্ষে সশস্ত্র বাহিনী বিভাগ কর্তৃক প্রকাশিত বুকলেট

জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশের সদস্যরা বিশ্বের বিভিন্ন প্রান্তে

স্থানীয় অধিবাসীদের মন জয় করে তিন দশক ধরে শান্তি পুনঃস্থাপনে জাতিসংঘের অধীনে কাজ করে চলেছেন। বাংলাদেশের শান্তিরক্ষীরা বিশ্বের সকল দেশ ও বিবদমান দল/উপদলের কাছে গ্রহণযোগ্য হিসেবে নিজেকে প্রতিষ্ঠা করেছে। আন্তর্জাতিক পরিমণ্ডলে তাদের এই গ্রহণযোগ্যতা এমনিতে আসেনি, বরং এর পেছনে রয়েছে সুনির্দিষ্ট কিছু কারণ। নিচে তাদের কয়েকটি সংক্ষিপ্তভাবে তুলে ধরা হলো :

- বাংলাদেশের শান্তিরক্ষী কর্তৃক সুশৃঙ্খলভাবে পেশাগত উৎকর্ষের সঙ্গে শান্তিরক্ষা মিশনে দায়িত্ব পালন করা।
- শান্তিরক্ষা মিশনে দায়িত্ব পালনে আন্তর্জাতিক মানদণ্ড বজায় রাখা।
- সব পরিস্থিতিতে ও সব পক্ষের কাছে নিরপেক্ষ অবস্থান বজায় রাখা।
- জাতিসংঘ কর্তৃক নির্ধারিত ম্যান্ডেটের অধীনে কার্যক্রম পরিচালনা ও ন্যায়সংগতভাবে অভিযান পরিচালনা করা।
- স্থানীয় অধিবাসী ও সব পক্ষের সঙ্গে সুসম্পর্ক বজায় রাখা ও বন্ধুভাবাপন্ন আচরণ, বিশেষ করে তাদের ইতিহাস-ঐতিহ্য, কৃষ্টি ও সংস্কৃতিকে সম্মান করা।
- জাতিসংঘ কর্তৃক নির্ধারিত সকল প্রকার আচরণবিধি কঠোরভাবে অনুসরণ করা।
- স্থানীয় অধিবাসীদের উন্নয়ন, বিশেষ করে বিদ্যালয় স্থাপন, রাস্তাঘাট নির্মাণ, চিকিৎসা, কম্পিউটার প্রশিক্ষণ, চাষাবাদে সহায়তা, প্রাকৃতিক দুর্যোগে উদ্ধার, রিলিফ কার্যক্রম ইত্যাদি পরিচালনা করা।

ভবিষ্যৎ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশ সশস্ত্র বাহিনীর জন্য চ্যালেঞ্জ

আফ্রিকা মহাদেশে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনসমূহ বিশাল ভৌগোলিক এলাকাজুড়ে বিস্তৃত। আর এ বিস্তৃত ভৌগোলিক এলাকার রুক্ষ/দুর্গম ভূ-প্রকৃতি, ইবোলা ভাইরাস বর্তমানে শান্তিরক্ষীদের জন্য একটি বড় চ্যালেঞ্জ হিসেবে দাঁড়িয়েছে। শান্তিরক্ষীরা তাদের সক্ষমতাসহ এসব এলাকায় নিয়োজিত হওয়া ও টিকে থাকা একটি বড় চ্যালেঞ্জ। এ ছাড়া বিবদমান দল/উপদলসমূহ কর্তৃক অত্যাধুনিক অস্ত্র ও প্রযুক্তি ব্যবহার শান্তিরক্ষীদের জন্য নতুন চ্যালেঞ্জ হিসেবে দেখা দিয়েছে। উদাহরণস্বরূপ বলা যায়, মালিতে জাতিসংঘ শান্তিরক্ষা মিশন MINUSMA, যেখানে তীব্র তাপদাহ, ধূলিঝড়, খাবার পানির অপ্রতুলতা এবং বিবদমান দলগুলো কর্তৃক আত্মঘাতী হামলা জাতিসংঘ শান্তিরক্ষীদের এক অসম যুদ্ধের দিকে ঠেলে দিয়েছে। আর এ কারণে জাতিসংঘ মিশন-সংক্রান্ত আন্ডার সেক্রেটারি Harve` Ladsouse বলেন, 'The UN Cannot continue just using tools of 50 or 100 years ago.'

বিশ্বের বিভিন্ন প্রান্তে শান্তিরক্ষার কাজে অদূর ভবিষ্যতে বাংলাদেশকে সম্ভাব্য যে চ্যালেঞ্জসমূহ মোকাবিলা করতে হতে পারে, সেগুলো নিচে সংক্ষিপ্তভাবে আলোচনা করা হলো :

অত্যাধুনিক প্রযুক্তি ও স্বয়ংক্রিয় অস্ত্রের ব্যবহার। তথ্যপ্রযুক্তির এই যুগে বিশ্বের সশস্ত্র বাহিনীগুলো পূর্বের যেকোনো সময়ের চেয়ে অনেক বেশি প্রযুক্তিনির্ভর ও স্বয়ংক্রিয় অস্ত্রের ব্যবহারে অভ্যস্ত। জাতিসংঘ শান্তিরক্ষা মিশনও এর ব্যতিক্রম নয়। জাতিসংঘ নিরাপত্তা পরিষদ কর্তৃক ২০১৩ সালে Department of PeaceKeeping Operation (DPKO)-কে ডেমোক্রেটিক

রিপাবলিক অব কঙ্গো-এর পূর্বাঞ্চল কিভু প্রদেশে মানববিহীন আকাশযান (যা ড্রোন নামে বিশেষ পরিচিত) ব্যবহারের অনুমতি প্রদান করেছে। এতে করে কিভু প্রদেশের দুর্গম ও পাহাড়ি অঞ্চলে নজরদারি আরও সহজ হচ্ছে। MONUSCO মিশনে ড্রোন (Drone) ব্যবহারের সাফল্যের ধারাবাহিকতায় অতি সম্প্রতি মালিতে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে ড্রোনের ব্যবহার শুরু হয়েছে। প্রাকৃতিক ও মানবসৃষ্ট হুমকি মোকাবিলা বা নজরদারি কাজে মিশন এলাকায় এয়ারবর্ন ফরোয়ার্ড লুকিং ইনফ্রারেড র‍্যাডার (FLIR), Ground Radar ইত্যাদি ব্যবহার শুরু হয়েছে। ড্রোন ছাড়াও জাতিসংঘ GPS ও GIS প্রযুক্তি ব্যবহার করে মালি মিশনে খাবার পানির উৎস সন্ধান করছে। এ ছাড়া বিভিন্ন প্রযুক্তি, যেমন– GIS, Long Range Counter Battery Radar, গোলন্দাজ বাহিনী কর্তৃক গোলাবর্ষণের অবস্থান শনাক্ত করতে Radar, Motion Sensitive Perimeter Lighting for UN Base, Handheld Biometric Devices, Weapon Locating System, Thermal Imaging Equipment ইত্যাদি অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহারের ফলে শুধু শান্তিরক্ষীদের নিরাপত্তা বৃদ্ধি করছে না, সঙ্গে সঙ্গে বেসামরিক জনগণকে নিরাপত্তা প্রদানে প্রত্যক্ষ ভূমিকা রাখছে। অর্থাৎ একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় ড্রোন থেকে শুরু করে অত্যাধুনিক সব ধরনের প্রযুক্তির সবই জাতিসংঘ তার শান্তিরক্ষী বাহিনীতে অন্তর্ভুক্ত করেছে এবং এ প্রক্রিয়া চলমান রয়েছে। বাংলাদেশের জন্য এসব প্রযুক্তি সংগ্রহ ও এ ধরনের প্রযুক্তিসহ শান্তিরক্ষা মিশনে নিয়োজিত হওয়া একটি ভবিষ্যৎ চ্যালেঞ্জ।

ডেমোক্রেটিক রিপাবলিক অব কঙ্গো-এর পূর্বাঞ্চলীয় শহর গোমায় অবস্থিত MONUSCO-এর বিমানঘাঁটিতে একটি UN UAV-এর ব্যাটারি রিচার্জ করা হচ্ছে
সূত্র : www.france24.com

আফ্রিকার সমস্যা মোকাবিলায় আফ্রিকার সমাধান। সম্প্রতি বিভিন্ন আন্তর্জাতিক সম্মেলনে আফ্রিকান নেতারা একটি স্লোগান বেশ জোরেশোরে তুলে ধরেন। আর তা হলো 'African Solution for African Problems', অর্থাৎ আফ্রিকার সমস্যার জন্য আফ্রিকার মতো সমাধান। এরই মধ্যে African Union তাদের সদস্য দেশসমূহের অংশগ্রহণে একটি শান্তিরক্ষী বাহিনী গঠন করেছে, যার মধ্যে পাঁচটি ব্রিগেড মহাদেশের পাঁচটি অঞ্চলে অবস্থান করছে। এদের মূল কাজ আফ্রিকা মহাদেশের বিভিন্ন সংঘাতময় অঞ্চলে শান্তি ও নিরাপত্তা স্থাপনে কাজ করা। উদ্যোগটি অবশ্যই প্রশংসার দাবিদার। সম্প্রতি African Union দারফুর, সোমালিয়াসহ বিভিন্ন সংঘাতময় অঞ্চলে জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীর পরিবর্তে নিজেদের শান্তিরক্ষী বাহিনী মোতায়েন করেছে। এর মাধ্যমে তারা তাদের রাজনৈতিক ও সামরিক প্রভাব আরও সুদৃঢ় করতে চায়। এ ধরনের পরিবর্তনশীল পরিস্থিতিতে বাংলাদেশের জন্য আফ্রিকায় শান্তিরক্ষা মিশনে অংশগ্রহণের সুযোগ কমে যেতে পারে।

জাতিসংঘ ম্যান্ডেট পরিবর্তন। শান্তিরক্ষীদের অসামান্য অবদানে আফ্রিকাসহ বিভিন্ন সংঘাতময় অঞ্চলে শান্তি আসতে শুরু করেছে। এ শান্তিপূর্ণ অবস্থার স্থায়িত্ব আনতে যুদ্ধ-পরবর্তী পুনর্গঠন কৌশল বিশেষ গুরুত্বপূর্ণ। তাই জাতিসংঘ মিশন অঞ্চলসমূহকে তার ম্যান্ডেট পরিবর্তন করে যুদ্ধ-পরবর্তী অবকাঠামোর উন্নয়ন,

আর্থসামাজিক উন্নয়ন, রাজনৈতিক স্থিতিশীলতা আনয়নে শিল্পায়ন, গণতন্ত্র প্রতিষ্ঠা ও অর্থনৈতিক পুনর্গঠনের প্রচেষ্টা চালাচ্ছে। এসব ক্ষেত্রে বাংলাদেশের সশস্ত্র বাহিনীর সদস্যরা অবদান রেখে চলেছেন। তবে এ ক্ষেত্রে শান্তিরক্ষা বাহিনীর মূল ভূমিকার চেয়ে বেসামরিক কর্মকাণ্ড বেশি হওয়ায় বেসামরিক সদস্যদের অংশগ্রহণ বেশি লক্ষ করা যায়। উল্লেখ্য, জাতিসংঘে বাংলাদেশের সামরিক অংশগ্রহণ যেমন শীর্ষস্থানীয়, অন্যদিকে এর বিপরীতে বেসামরিক অংশগ্রহণকারীদের সংখ্যা নিতান্তই অপ্রতুল।

পরিচালনাগত সমস্যা। বাংলাদেশ একই সঙ্গে আফ্রিকা, মধ্যপ্রাচ্য, উত্তর আমেরিকাসহ বিশ্বের বিভিন্ন প্রান্তে মিশন পরিচালনা করে আসছে। এ মিশনসমূহ সাধারণত সেলফ সাসটেইন্ড, অর্থাৎ খাবার, বাসস্থান ও জ্বালানি ছাড়া যন্ত্রপাতি মেরামত ও সংরক্ষণসহ সকল প্রকার প্রয়োজনীয় জিনিসপত্র বাংলাদেশ কন্টিনজেন্ট কর্তৃক নিজ ব্যবস্থায় মিশন এলাকায় সরবরাহ করা হয়ে থাকে। বাংলাদেশ কন্টিনজেন্টগুলো এ শর্তেই বিভিন্ন মিশনে নিয়োজিত রয়েছে। বিভিন্ন দেশে একই সঙ্গে হেলিকপ্টার, পরিবহন বিমান, এপিসি, বিশেষায়িত ও সাধারণ যানবাহন, বিভিন্ন বিশেষায়িত যন্ত্রপাতি, যুদ্ধজাহাজ প্রেরণ, সংরক্ষণ ও মেরামতের প্রয়োজনে প্রতিস্থাপন এক বিশাল কর্মযজ্ঞ, যা এতদিন বাংলাদেশ সাফল্যের সঙ্গে সমাধান করেছে। ভবিষ্যৎ দিনগুলোতে শান্তিরক্ষা মিশন বৃদ্ধির ফলে এর পরিচালনাগত সেবা প্রদান একটি চ্যালেঞ্জ হতে পারে।

উন্নত প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষ শান্তিরক্ষী সদস্য। সর্বাধুনিক প্রযুক্তি ও যুদ্ধাস্ত্রের ব্যবহারের সঙ্গে উন্নত প্রশিক্ষণ ও দক্ষ জনবলের সম্পর্ক ওতপ্রোতভাবে জড়িত। প্রশিক্ষিত জনবল ছাড়া যেমন সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহার নিশ্চিত করা যায় না, তেমনি রাতারাতি এই প্রশিক্ষিত জনবল গড়ে ওঠে না। জাতিসংঘ শান্তিরক্ষা বাহিনীতে বর্তমানে যে ধরনের প্রযুক্তি ব্যবহৃত হচ্ছে, সে প্রযুক্তিসমূহের পাশাপাশি তার সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা বা এর কর্মক্ষমতা নিশ্চিত করা ভবিষ্যতে আমাদের জন্য চ্যালেঞ্জ হতে পারে।

ভাষাগত দক্ষতা। আফ্রিকান বেশির ভাগ জাতিই হয় ফ্রাঙ্কোফোন অথবা আফ্রোফোন। অন্যদিকে জাতিসংঘে ইংরেজির পাশাপাশি ফরাসি অন্যতম সরকারি ভাষা। এখন পর্যন্ত আমরা আফ্রিকার বিভিন্ন দেশের মানুষের মন জয় করে সাফল্যের সঙ্গে মিশন সম্পন্ন করে এলেও ভবিষ্যতে প্রতিযোগিতামূলক পরিবেশে ভাষাগত দক্ষতার অভাব একটি প্রতিবন্ধকতা হতে পারে। উল্লেখ্য, জাতিসংঘ সদর দপ্তর মিশন এলাকাসমূহে গুরুত্বপূর্ণ অনেক পদেই ফরাসি ভাষায় দক্ষতা না থাকার কারণে আমাদের প্রার্থীরা পিছিয়ে পড়ছেন।

ভবিষ্যৎ সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবিলায় করণীয়

একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীকে আরও শক্তিশালী করার লক্ষ্যে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট বারাক ওবামা গত ২৩ সেপ্টেম্বর ২০০৯ তারিখে হোয়াইট হাউসে তাঁর দপ্তরে বাংলাদেশসহ শান্তিরক্ষা মিশনে অংশগ্রহণকারী শীর্ষ দেশসমূহের সরকার ও রাষ্ট্রপ্রধানদের সঙ্গে এক বৈঠকে মিলিত হন। উক্ত বৈঠকে প্রেসিডেন্ট বারাক ওবামা যে বক্তৃতা দেন তার অংশবিশেষ হলো :

'...Over the last ten years, the demand on peacekeeping have grown, and operations have become more complex. It is in all our interest to improve the efficiency and effectiveness of these effort.'

তিন দশক ধরে বাংলাদেশ সশস্ত্র বাহিনীর সদস্যরা শত প্রতিকূলতা ও বাধা উপেক্ষা করে বাংলাদেশকে বিশ্বসভায় নেতৃত্বের যে আসনে আসীন করেছে, তা চিরস্থায়ী নয়। বর্তমান পরিবর্তনশীল ভূ-রাজনৈতিক পরিস্থিতি, প্রযুক্তির দ্রুত উন্নয়ন ও সংঘাতময় এলাকার ভূ-প্রাকৃতিক পরিবেশ বাংলাদেশের শান্তিরক্ষা মিশনের এ অর্জনকে ভবিষ্যতে চ্যালেঞ্জের মুখোমুখি করতে পারে। সম্ভাব্য এ চ্যালেঞ্জ মোকাবিলায় স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদি বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে :

সর্বাধুনিক প্রযুক্তি ও যুদ্ধাস্ত্র সংগ্রহ। জাতিসংঘ শান্তিরক্ষী মিশনে আমাদের অর্জনকে ধরে রাখতে ও ভবিষ্যতে শান্তিরক্ষা মিশনে অংশগ্রহণ বৃদ্ধি করতে সর্বাধুনিক প্রযুক্তি ও যুদ্ধাস্ত্র সংগ্রহ ও ব্যবহারের বিকল্প নেই। এ ধরনের সম্পদ সংগ্রহে প্রয়োজনীয় কূটনৈতিক প্রচেষ্টা চালানো যেতে পারে। বিশেষ করে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে ব্যবহার শর্তসাপেক্ষে হলেও উন্নত বিশ্ব থেকে UAVসহ অত্যাধুনিক প্রযুক্তি ও অস্ত্র সংগ্রহ করা যেতে পারে। তবে এ ক্ষেত্রে শুধু অন্য দেশের ওপর নির্ভর না করে দেশীয় প্রযুক্তির ব্যবহার ও প্রতিনিয়ত গবেষণা ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে প্রয়োজনীয় আকাশযান ও যুদ্ধাস্ত্র তৈরি করা যেতে পারে।

উন্নত প্রশিক্ষণ ও দক্ষ শান্তিরক্ষী সদস্য। সর্বাধুনিক যুদ্ধাস্ত্র ব্যবহারের পূর্বশর্ত উন্নত প্রশিক্ষণপ্রাপ্ত দক্ষ জনবল। এ ক্ষেত্রে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনার ভিত্তিতে আমাদের প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের নিজ নিজ ক্ষেত্রে প্রশিক্ষিত করা প্রয়োজন।

ভাষাগত দক্ষতা বৃদ্ধি। শান্তিরক্ষা মিশনে অংশগ্রহণকারী সদস্যদের ইংরেজি ভাষা জানার পাশাপাশি ফ্রেঞ্চ ও আরবি ভাষায় দক্ষতা থাকা গুরুত্বপূর্ণ। 'বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস' প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের এসব ভাষায় দক্ষতা অর্জনে বিভিন্ন কোর্স চালু করেছে। বিষয়টির গুরুত্ব বিবেচনায় এ ধরনের ভাষাশিক্ষা কোর্স দেশের বিভিন্ন সেনানিবাস/বিমানঘাঁটি/নৌঘাঁটিতে চালু করা যেতে পারে। এতে করে জাতিসংঘ কন্টিনজেন্ট মিশনে আমাদের সদস্যদের দক্ষতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে জাতিসংঘ সদর দপ্তর ও মিশন এলাকায় বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে প্রতিযোগিতা করা সহজতর হবে।

যুদ্ধ-পরবর্তী পুনর্গঠনে সক্ষমতা বৃদ্ধি ও দক্ষতা অর্জন। শান্তিরক্ষার কাজে প্রশিক্ষণের পাশাপাশি যুদ্ধ-পরবর্তী পুনর্গঠনে আমাদের সদস্যদের বিশেষ প্রশিক্ষণ দেওয়া যেতে পারে। এর ফলে শান্তিরক্ষা মিশনের পাশাপাশি জাতিসংঘের অধীনে যুদ্ধ-পরবর্তী পুনর্গঠন কর্মসূচিসহ জাতিসংঘে আমাদের বেসামরিক অংশগ্রহণ বৃদ্ধি পাবে।

উপসংহার

কঠোর শৃঙ্খলা, নিয়মানুবর্তিতা, অভিজ্ঞতা আর পেশাদারিত্বের মাধ্যমে বাংলাদেশ জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে শীর্ষস্থানটি ধরে রাখলেও এটি চিরস্থায়ী নয়। প্রতিনিয়ত পরিবর্তনশীল এ বিশ্বে প্রযুক্তির উন্নয়ন আর জটিল ভূ-রাজনৈতিক পরিবেশে শান্তিরক্ষা মিশনসমূহ আগের তুলনায় অনেক বেশি চ্যালেঞ্জিং ও প্রযুক্তিনির্ভর হয়ে পড়েছে। পরিবর্তিত বিশ্ব পরিস্থিতিতে জাতিসংঘ চায় আরও বেশি সক্ষম ও বহুমুখী কার্যক্ষম শান্তিরক্ষা বাহিনী। আর এ জন্যই সম্প্রতি জাতিসংঘ বিভিন্ন শান্তিরক্ষা মিশনে মানববিহীন আকাশযান নিয়োজিত করেছে। জাতিসংঘের নেতৃস্থানীয় কর্মকর্তাদের বিবৃতি

ও আলোচনায় বিষয়টি আরও স্পষ্ট হয়ে উঠেছে। বাংলাদেশকে ভবিষ্যৎ জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে গৌরবের সঙ্গে টিকে থাকতে হলে সাফল্যের সঙ্গে বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলা করতে হবে। আর এ চ্যালেঞ্জ মোকাবিলায় প্রয়োজন প্রতিরক্ষা বাহিনীর আধুনিকায়নে একটি সমন্বিত মহাপরিকল্পনা ও প্রয়োজনীয় অর্থের সংস্থানসহ বাহিনীর সদস্যদের উন্নত প্রশিক্ষণ ও দক্ষতা বৃদ্ধি। নিজ নিজ বাহিনীতে প্রতিনিয়ত গবেষণা ও উন্নয়ন কার্যক্রমের মাধ্যমে দেশীয় প্রযুক্তির উদ্ভাবন ও প্রয়োগ, চ্যালেঞ্জ মোকাবিলায় সহায়ক ভূমিকা পালন করবে। পরিশেষে বলা যায়, প্রতিরক্ষা বাহিনীর যে দামাল ছেলেরা অজানা-অচেনা পরিবেশে নিজেদের শ্রেষ্ঠত্ব প্রমাণ করে দেশকে বিশ্বসভায় নেতৃত্বের আসনে আসীন করেছে, তারাই সব প্রতিকূলতাকে জয় করে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশের নেতৃত্ব অক্ষুণ্ন রাখবে ইনশাআল্লাহ।

তথ্যসূত্র

১। জাতিসংঘ শান্তিরক্ষা দিবস-২০১৫ উপলক্ষে সশস্ত্র বাহিনী বিভাগ কর্তৃক প্রকাশিত বুকলেট।

২। 'Are UN drones the future of peace keepers?' By : Sophie Pilgrim, http://www.-france24.com.Date: 09 Mar 2015

৩। Equipping a UN Peacekeeping Force for the Future. By Jessica Sun, http://www.stimson.org Dated: 10 Jul 2014.

৪। 'Providing the Right Troops and Equipment For United Nations Peace Keeping Missions' byJonathan Crook-2011. Institute for Democracy & Conflict Resolution - Briefing Paper (IDCR- BP-11/11).

৫। 'Bangladesh's Contribution to United Nations Peacekeeping Missions In Africa', By : Brigadier General Ilyas Iftekhar Rasul, ndc, psc (Retd), (A paper for the National Seminar on 'Look Africa : An Emerging Foreign Policy Option for Bangladesh' on 02 December 2010 at BIISS Auditorium)

৬। https://www.whitehouse.gov/the-press-office/un- peacekeeping-meet-21st-century-challenges-president-obamas- meeting-with-leaders.

স্কোয়াড্রন লীডার মো. মোস্তফা কামাল, ২০০২ সালের ২৯ ডিসেম্বর ৪৯তম গ্রাউন্ড ব্রাঞ্চ কোর্সে, ফিন্যান্স শাখায় বাংলাদেশ বিমান বাহিনীতে কমিশন লাভ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বিবিএ ও ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি চিটাগাং থেকে এমবিএ ডিগ্রি অর্জন করেন। এ ছাড়া তিনি বিমান বাহিনীর প্রশিক্ষণ ইনস্টিটিউট থেকে পেশাগত বিভিন্ন কোর্স সম্পন্ন করেন। তিনি পেশাগত জীবনে বাংলাদেশ বিমান বাহিনী সদর দপ্তর, বিমান বাহিনীর বিভিন্ন ঘাঁটি/ ইউনিট ও বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস-এ দায়িত্ব পালন করেন। বর্তমানে তিনি বিমান বাহিনী রেকর্ড অফিসে ভারপ্রাপ্ত কর্মকর্তা পেনশন হিসেবে কর্মরত আছেন।

সামরিক বাহিনী ও গণমাধ্যমের কার্যকরী সম্পর্কের গুরুত্ব

কমান্ডার এম ইমাম হাসান আজাদ, (সি), পিএসসি, বিএন

'গণমাধ্যম হচ্ছে শাসনযন্ত্রসমূহের অতন্দ্র প্রহরী, তা সে সামরিক, রাজনৈতিক, অর্থনৈতিক বা সামাজিক যে প্রতিষ্ঠানই হোক না কেন। জনগণকে তাদের প্রতিষ্ঠানসমূহ কী করছে না করছে, সে সম্পর্কে অবহিত করাই গণমাধ্যমের কাজ।'- বি. ই. ট্রেইনর

রাষ্ট্রের স্বাধীনতা এবং সার্বভৌমত্ব সমুন্নত ও সুরক্ষিত রাখার জন্য যখন কোনো নিবেদিত প্রতিষ্ঠানের কথা ভাবা হয়, তখন সবার আগে সামরিক বাহিনীর কথা বলতে হয়। তবে এটা সত্যি যে, পাশাপাশি আরেকটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান একই ক্ষেত্রে অনন্য ভূমিকা পালন করে, আর সেটি হচ্ছে গণমাধ্যম। এই গণমাধ্যম শুধু দৈনন্দিন ঘটনাপ্রবাহের ধারণ, বিশ্লেষণ কিংবা সম্প্রচারের মধ্যে সীমাবদ্ধ না থেকে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানগুলোর কার্যক্রম পর্যবেক্ষণের মাধ্যমে নাগরিক অধিকার সুরক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

সশস্ত্র বাহিনী বিভাগে বেসামরিক ও সামরিক সংযোগ পরিদপ্তর নামে একটি পরিদপ্তর আছে। এই পরিদপ্তরের ভূমিকা, দায়িত্ব ও কর্তব্য অত্যন্ত গুরুত্বপূর্ণ, সংবেদনশীল এবং বহুমাত্রিক। কেননা এই পরিদপ্তর বাংলাদেশের সুশীল সমাজ, বেসামরিক জনগণ, গণমাধ্যম ইত্যাদি সংস্থা ও ব্যক্তির সঙ্গে নিবিড়ভাবে কাজ করে। পাশাপাশি এটি সশস্ত্র বাহিনী তথা বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমান বাহিনীর প্রটোকল এবং আনুষ্ঠানিক বিষয়সমূহের সমন্বয় করে। প্রয়োজন অনুযায়ী তাৎক্ষণিক সহযোগিতা প্রদানের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়ের সঙ্গে দ্রুততার সঙ্গে সমন্বয় সাধন এবং কার্যকরী পদক্ষেপ গ্রহণ এই পরিদপ্তরের একটি অপরিহার্য দায়িত্ব। সশস্ত্র বাহিনীর কর্মকাণ্ড সম্পর্কে সঠিক তথ্য ও চিত্র আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের মাধ্যমে মুদ্রণ ও ইলেকট্রনিক মিডিয়াতে প্রচারের জন্যও এই পরিদপ্তর সমন্বয় করে। বস্তুত বেসামরিক প্রশাসন এবং তিন বাহিনীর সদর দপ্তরসমূহের সঙ্গে বিভিন্ন সামরিক-বেসামরিক সম্পর্ক বিষয়ের সার্বক্ষণিক ব্যবস্থাপনা ও সমন্বয়ের জন্য এই পরিদপ্তর নিরলসভাবে কাজ করে।

সামরিক ও গণমাধ্যমবিষয়ক বিশ্লেষণের গভীরে গেলে দেখা যায়, রাষ্ট্রের চতুর্থ স্তম্ভ হিসেবে গণমাধ্যম এবং সামরিক সম্পর্কের গুরুত্ব অপরিসীম। যেসব দেশে যুদ্ধ ও শান্তি সংশ্লিষ্ট রাষ্ট্রের অগ্রাধিকার নীতিনির্ধারণে সামরিক বাহিনীর সুনির্দিষ্ট ভূমিকা রয়েছে, সেখানে সামরিক বাহিনী ও গণমাধ্যমের মধ্যে সুসম্পর্ক রয়েছে। উভয় প্রতিষ্ঠানই দেশরক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, তাই তাদের সমন্বয় ও সহাবস্থান খুবই যুক্তিযুক্ত।

গত সাড়ে চার দশকে বাংলাদেশ সশস্ত্র বাহিনী একটি সুশৃঙ্খল ও দক্ষ বাহিনী হিসেবে গড়ে উঠেছে। কেবল দেশকে বহিঃশত্রুর আক্রমণ থেকে রক্ষা করতেই এ বাহিনী পারঙ্গম নয়, বরং দেশ গঠন, পার্বত্য চট্টগ্রামে শান্তি আনয়ন, চোরাচালান প্রতিরোধ, সমুদ্রে মৎস্যসম্পদ রক্ষা ও দূষণ নিয়ন্ত্রণ, বাংলাদেশের জলে ও স্থলে দুর্যোগ ব্যবস্থাপনা, বাংলাদেশের সমুদ্রসীমায় উদ্ধার-অনুসন্ধান কার্যক্রম পরিচালনা, অভ্যন্তরীণ নিরাপত্তা

বিধান এবং আরও নানাবিধ অভিযানে এই বাহিনী সরকারকে বিভিন্নভাবে কার্যকরী সহযোগিতা প্রদান করছে। জাতিসংঘের বিবেচনায় যোগ্যতম বাহিনী হিসেবে শান্তিরক্ষা এবং শান্তি প্রতিষ্ঠা মিশনে বাংলাদেশ সামরিক বাহিনী সুনামের সঙ্গে কাজ করছে। বিশ্বের বিভিন্ন প্রান্তে যুদ্ধবিধ্বস্ত ও দুর্যোগপীড়িত এলাকায় লাখ লাখ মানুষের ভালোবাসা ও শুভকামনা অর্জনের মাধ্যমে আমাদের সশস্ত্র বাহিনী বাংলাদেশের রাষ্ট্রদূত হিসেবে সম্মানের সঙ্গে অবিরাম কাজ করে চলেছে।

অন্যদিকে, গণমাধ্যম বাংলাদেশের সার্বভৌমত্ব তথা বাংলাদেশের উৎকর্ষতাকে উজ্জ্বল করতে প্রতিনিয়ত কাজ করে চলেছে। ইতিহাস সাক্ষ্য দেয় যে, ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে আমাদের গণমাধ্যমের অসাধারণ অবদানের ফলে চূড়ান্ত বিজয় ত্বরান্বিত হয়। ১৯৭১ সালে স্বাধীন বাংলা বেতার কেন্দ্র বাঙালি জাতীয়তাবাদী বাহিনীর বেতার সম্প্রচার কেন্দ্র ছিল। স্বাধীনতা সংগ্রামে স্বাধীন বাংলা বেতার কেন্দ্র স্বাধীনতার ঘোষণা প্রচারের মাধ্যমে মনস্তাত্ত্বিক রাষ্ট্র প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল। বাংলাদেশের বীর মুক্তিযোদ্ধাদের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে যুদ্ধের পাশাপাশি আন্তর্জাতিক প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া বাংলাদেশের পক্ষে নৈতিক সমর্থন আদায়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

গণমাধ্যম তাদের গুরুদায়িত্ব পালনের পাশাপাশি গুরুত্বের সঙ্গে সামরিক বাহিনীর ইতিবাচক ভাবমূর্তি এবং বীরত্বগাথাকে জনসমক্ষে তুলে ধরতে কার্যকর ভূমিকা পালন করতে পারে। ১৪ মার্চ ২০১২ জার্মানভিত্তিক ইন্টারন্যাশনাল ট্রাইব্যুনাল ফর ল অব দ্য সি (ITLOS)-এর এক ঐতিহাসিক রায়ের মাধ্যমে মিয়ানমারের সঙ্গে বাংলাদেশের সমুদ্রসীমার বিরোধ নিষ্পত্তি হয়। এর আগে ১ নভেম্বর ২০০৮ সালে মিয়ানমারের সঙ্গে অমীমাংসিত সমুদ্রসীমা নিয়ে বাংলাদেশ একটি জটিল সমস্যার মুখোমুখি হয়। বঙ্গোপসাগরের বিরোধপূর্ণ এলাকায় মিয়ানমার তেল ও গ্যাস অনুসন্ধান অভিযান শুরুর মধ্য দিয়ে এই সমস্যার সূত্রপাত হয়। আন্তর্জাতিক পররাষ্ট্রনীতির অংশ হিসেবে বাংলাদেশ নৌবাহিনী 'Gunboat Diplomacy'-এর মাধ্যমে শক্তিমত্তা প্রদর্শন করে। বস্তুত বাংলাদেশ সরকারের কার্যকরী কূটনৈতিক তৎপরতায় সংকট মোচনে সাফল্য আসে। এই পরিস্থিতিতে গণমাধ্যমের কর্মতৎপরতা যথোপযুক্তভাবে রাষ্ট্রের স্বাধীনতা ও সার্বভৌমত্বের দৃঢ়তার দাবিকে জনগণের সামনে উপস্থাপন করতে এবং রাষ্ট্র ও সংবিধান সমুন্নত রাখতে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে। একই সঙ্গে উদ্দেশ্য পূরণে সামরিক বাহিনী নিজেদের সাফল্যগাথা, সাহস এবং গৌরবময় কর্মকাণ্ডকে গণমাধ্যমে তুলে ধরতে স্বপ্রণোদিত হতে পারে।

বিশ্বজুড়ে গণমাধ্যম সরকারি ও বেসরকারি সংস্থার জন্য পর্যবেক্ষকের ভূমিকা পালন করে, যার ফলে জনগণের বিভিন্ন অনুভূতি ও জগতের বাস্তবতা সম্পর্কে জানার সুযোগ সৃষ্টি হয়। এর প্রভাব-প্রবণতা গণমাধ্যমের সহজপ্রাপ্যতা এবং সহজগম্যতার ওপর অনেকটাই নির্ভরশীল। গণমাধ্যম ক্রমবর্ধমান হারে নীতিনির্ধারকদের পরিধির উর্ধ্বে গিয়ে বিভিন্ন পরিমণ্ডল, যেমন– সামাজিক, অর্থনৈতিক তথা রাজনৈতিক আলোচনার বিষয়বস্তু নির্ধারণে সহায়তা করে। কোনো ঘটনাপরম্পরায় সংবাদ ও ছবি বিশ্বজুড়ে জনগণকে বিষয়টি সম্পর্কে বুঝতে ও প্রতিক্রিয়া জানাতে উদ্বুদ্ধ করে। ফলস্বরূপ, জনগণের বিভিন্ন পরিমণ্ডলের আলোচনা ও সমালোচনা রাষ্ট্রের নীতিনির্ধারণে প্রভাব ফেলতে সক্ষম হয়। শক্তিশালী গণতন্ত্রের জন্য শিক্ষিত এবং তথ্যসমৃদ্ধ জনগণের প্রয়োজনীয়তা অনস্বীকার্য।

গণমাধ্যম জনগণকে তথ্যসমৃদ্ধ ও শিক্ষিত করে তুলতে অবদান রাখে।

সামরিক বাহিনীর জন্যও একই প্রেক্ষাপট প্রযোজ্য হতে পারে। গণমাধ্যম বা গণমাধ্যম উপদেষ্টা সামরিক বাহিনীর পক্ষে ইতিবাচক ভাবমূর্তি তৈরিতে সহায়তা করতে পারে। যুক্তরাষ্ট্র ও পশ্চিমা বিশ্বের অনেক যুদ্ধ ও সংঘর্ষের অভিজ্ঞতা থেকে এর অনেক প্রমাণ পাওয়া যায়, যেখানে গণমাধ্যম বিভিন্ন প্রাতিষ্ঠানিক দুর্বলতাকে চিহ্নিত করে ভবিষ্যতের ভয়াবহ বিপর্যয় ঠেকাতে এবং পদ্ধতিগত বিভ্রাট সংশোধনে ইতিবাচক ভূমিকা পালন করে, যেমনটি ইরাকের আবু গারিব কারাগারের সমস্যাকে বিশ্ববাসীর কাছে তুলে ধরে গণমাধ্যম একটি বিপর্যয় রোধ করতে সক্ষম হয়েছিল। গণমাধ্যমের এই গুরুত্ব অনুধাবন করে মার্কিন সামরিক বাহিনীর সকল কমান্ডারকে সহায়তা করার জন্য গণমাধ্যম উপদেষ্টা নিয়োগ করা হয়।

এ পর্যায়ে বাংলাদেশ সশস্ত্র বাহিনীতে বিদ্যমান প্রথা আলোচনা করা যেতে পারে। বাংলাদেশ সশস্ত্র বাহিনী এবং সংবাদমাধ্যমের মধ্যে যোগাযোগ নিশ্চিতকল্পে ১৯৭২ সালে 'আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর' প্রতিষ্ঠা করা হয়, যা সামরিক বাহিনীর মুখপত্র হিসেবে কাজ করে। তথ্য, প্রচারণা, জনসংযোগ এবং গণমাধ্যম সংশ্লিষ্ট বিষয়ে এই পরিদপ্তর কাজ করে। বর্তমানে এটি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সঙ্গে সংযুক্ত। গণমাধ্যমকে সামরিক বাহিনীর সহায়ক হিসেবে প্রতিষ্ঠার জন্য এই সংস্থাটিকে আরও গুরুত্বসহকারে বিবেচনা করা একান্ত প্রয়োজন।

সামরিক বাহিনী ও গণমাধ্যমের টেকসই বন্ধন নিশ্চিতকল্পে একে অপরের চারিত্রিক বৈশিষ্ট্য এবং কাজের ধরনকে স্বীকৃতি প্রদান করা দরকার। সামরিক বাহিনী একটি নিয়মতান্ত্রিক সুশৃঙ্খল বাহিনী। এ বাহিনী একটি সমজাতীয় বিধিবদ্ধ সংস্কৃতির মধ্যে বাস করে। ফলে এর বাইরের মানুষের কাছে এই আচার-সংস্কৃতি অন্য রকম মনে হওয়া অস্বাভাবিক নয়। যুদ্ধক্ষেত্রেই সামরিক বাহিনীর শ্রেষ্ঠত্ব বিদ্যমান এবং এ কারণেই সামরিক বাহিনীর প্রয়োজনীয়তা একটি দেশের জন্য অনস্বীকার্য। অন্যদিকে, সংবাদমাধ্যম তার স্বআরোপিত নীতি ও বিধির ভেতরে থেকে স্বাধীনভাবে কাজ করে। সংবাদপত্র, টেলিভিশন এবং অন্যান্য গণমাধ্যম বহুমুখী স্বার্থসংশ্লিষ্ট ও উদ্দেশ্যের নিরিখে স্ব-স্ব লক্ষ্য নির্ধারণ করে এবং তা অর্জনের জন্য কাজ করে।

গণমাধ্যমকে তার কর্মক্ষেত্রে দেশপ্রেম প্রদর্শনের পাশাপাশি ব্যবসায়িক দিকটাও দেখতে হয়। সামরিক বাহিনীকে গণমাধ্যমের এ বিষয়টি বুঝতে হবে। ভিন্ন সংস্কৃতির কারণে উভয় প্রতিষ্ঠানের মধ্যে বৈসাদৃশ্য লক্ষণীয়। মুক্তবাজার অর্থনীতির যুগে তীব্র প্রতিযোগিতার সম্মুখীন হয়ে গণমাধ্যমগুলোকে টিকে থাকতে স্বল্প সময়ের মধ্যে কাজ করতে হয়। সাংবাদিকদের যেহেতু সামরিক সম্পর্কিত জ্ঞান অপর্যাপ্ত এবং সংবাদ তৈরি করতে সামরিক বিষয়ে যে অভিজ্ঞতা প্রয়োজন, তা স্বল্প সময়ের মধ্যে মেটানো সম্ভব নয়, তাই প্রয়োজন মেটাতে পর্যাপ্ত তথ্যপ্রাপ্তির জন্য তাদের সামরিক বাহিনীর ওপর বহুলাংশে নির্ভর করতে হয়। কিন্তু সামরিক বিষয়ে সময়মতো তথ্য প্রদান প্রায়ই যুক্তিসংগত কারণেই সম্ভব হয়ে ওঠে না। এমন পরিস্থিতিতে জনসম্পৃক্ত বিষয়ে সাংবাদিকদের অবহিত করতে সামরিক বাহিনীর দায়িত্বশীল কর্মকর্তাকে প্রচলিত নিয়ম অনুসরণ করে কথা বলার অনুমোদন প্রদানের মাধ্যমে গণমাধ্যমের প্রয়োজন কিছুটা হলেও ত্বরিত গতিতে মেটানো সম্ভব হয়।

অনুধাবনযোগ্য যে, সামরিক বাহিনী গণমাধ্যমকে সময়মতো সহায়তা না করলেও তাদের সময়মতোই কাজ শেষ করতে হয়। পর্যাপ্ত ধারণা ও তথ্যের অভাবে সাংবাদিকরা তাড়াহুড়া করে সংবাদ লিখতে ও সম্পাদনা করতে গেলে অনেক সময় প্রকৃত সত্য তুলে ধরা কঠিন হয়ে যায়। সুতরাং বস্তুনিষ্ঠ ও প্রকৃত সংবাদ প্রচারের খাতিরেই সামরিক বাহিনীর উচিত গণমাধ্যমকে সহযোগিতা প্রদান করা। তাই দেশের সামগ্রিক অগ্রগতিকল্পে সংবাদমাধ্যম ও সামরিক বাহিনীর পারস্পরিক সহযোগিতার কোনো বিকল্প নেই।

শান্তিকালীন ছাড়াও আমাদের যুদ্ধকালীন বা সংকটময় মুহূর্তের কথা ভাবা প্রয়োজন। সামরিক বাহিনীর বীরত্বপূর্ণ কর্মকাণ্ডকে গণমাধ্যমে প্রকাশ করার জন্য নিজের জীবনের ঝুঁকি নিয়ে সংবাদকর্মীরা সংবাদ সংগ্রহ করেন। গণমাধ্যমের প্রতি সামরিক বাহিনীর প্রকৃত ইতিবাচক অনুভূতি থাকাও মঙ্গলজনক। এর মধ্য দিয়ে শুধু জনসচেতনতা এবং সামরিক বাহিনীর প্রতি সমর্থনই বাড়বে না, বরং তাদের কার্যক্রম সম্পর্কে সৈনিকদের পরিবার অবহিত থাকার ফলে পরিবারের মনোবলও বৃদ্ধি পাবে।

পরিবর্তিত পরিস্থিতিতে আশপাশে কখন কী ঘটছে, তা জানতে বিশ্বজুড়ে গণমাধ্যম এবং সামরিক বাহিনীর ওপর চাপ ক্রমান্বয়ে বাড়ছেই। তাৎক্ষণিক যোগাযোগ এবং সংবাদ প্রতিবেদন তৈরি করার দক্ষতা আরও বেশি গতিশীল হয়ে উঠছে। গণমাধ্যমের প্রয়োজন অনতিবিলম্বে সংঘটিত ঘটনার সংবাদ পাওয়া, যাতে তা সবার আগে প্রকাশ করা যায়। যখন গণমাধ্যম সামরিক বাহিনীর চলমান কোনো ঘটনার ওপর প্রতিবেদন বা সংবাদ তৈরি করে, তখন সামরিক বাহিনীর উচিত হবে তা গভীরভাবে পর্যবেক্ষণ করা। গণমাধ্যমের প্রাথমিক সংবাদ পরিবেশন ত্রুটিপূর্ণ হতে পারে। সে ক্ষেত্রে সামরিক বাহিনী তা অবিলম্বে প্রেস ব্রিফিং করে প্রকৃত সত্য অবহিত করতে পারে। এতে করে রাষ্ট্রের পক্ষেও সঠিক সিদ্ধান্ত গ্রহণ করা সহজ হয়। তবে এর জন্য সামরিক বাহিনী ও গণমাধ্যম পরস্পরের মধ্যে ভালো আন্তঃযোগাযোগ, দৃঢ় সম্পর্ক এবং আস্থা থাকা দরকার।

বিশ্বজুড়ে গণমাধ্যমের সঙ্গে সামরিক বাহিনীর সম্পর্ক ঐতিহ্যগতভাবে মসৃণ নয়। প্রধানত দুটি ধারণাকে কেন্দ্র করে তা আবর্তিত হয়েছে; একটি হচ্ছে সাংস্কৃতিক ব্যবধান, যেমন : সামরিক বাহিনী ও গণমাধ্যমের মধ্যে সংস্কৃতি, আচার, মূল্যবোধ বিষয়ক পার্থক্য; অপরটি হচ্ছে সংযোগের ব্যবধান, যেমন : পরস্পরের মধ্যে যোগাযোগ ও বোঝাপড়ার অভাব। সামরিক বাহিনী ও গণমাধ্যমের মধ্যে আস্থার অভাব এবং অবিশ্বাসের মূলে রয়েছে সাংবাদিকদের এমন সংবাদ প্রচার, যার জন্য ক্ষেত্রবিশেষে সামরিক বাহিনী সম্পর্কিত সম্যক ধারণার অপর্যাপ্ততাই মূল কারণ। আসলে উভয় পক্ষেরই বেশ কিছু বাধ্যবাধকতা রয়েছে। যেখানে গণমাধ্যমের দায়িত্ব হচ্ছে জনগণকে সকল বিষয়ে অবহিত করা, পক্ষান্তরে সামরিক বাহিনীর প্রচেষ্টা থাকে তাদের অভ্যন্তরীণ বিষয়গুলোকে নিয়ম মাফিক সংরক্ষিত রাখা।

সঠিক, বস্তুনিষ্ঠ, নির্ভরযোগ্য সংবাদ পরিবেশনের জন্য দিনের ২৪ ঘণ্টাই গণমাধ্যমকে ব্যস্ত থাকতে হয়। গণমাধ্যমে ত্বরিত এবং দ্রুততার সঙ্গে সংবাদ তৈরি ও পরিবেশনের প্রয়োজনীয়তা রয়েছে, যা তাদের সব সময় চাপের মধ্যে রাখে। ফলে বস্তুনিষ্ঠ সংবাদ তৈরি বাধাগ্রস্ত হয়। প্রযুক্তির উৎকর্ষের কারণে এখন যুদ্ধক্ষেত্র থেকে প্রকৃত সময়ের ঘটনাপ্রবাহ বিশ্ববাসীকে উপহার দেওয়া সম্ভব। ফলে প্রযুক্তির সহায়তায় প্রকৃত ঘটনাকে বদলে দিয়ে খেয়াল-খুশিমতো বিশ্বের দর্শক ও পাঠকদের মনোভাব পরিবর্তনে

সক্ষম গণমাধ্যম। তাই প্রযুক্তির উৎকর্ষ এবং পরিবর্তিত অবস্থার সঙ্গে মানিয়ে নিতে প্রয়োজনীয় সংস্কারের সুযোগ থেকেই যায় এবং তা করা বিবেচনাপ্রসূত।

পরিবর্তিত পরিস্থিতি মোকাবিলায় গণমাধ্যম নীতিমালাই হতে পারে সেরা সহায়ক। গণযোগাযোগকে উপস্থাপন করতে গণমাধ্যম নীতিমালা থাকা বাঞ্ছনীয়। যার মাধ্যমে সামরিক বাহিনী ও জনগণ উভয়ের কাছে গণমাধ্যমকে গুরুত্ববাহী করে তুলবে। এই নীতিমালার ফলে জনগণ সম্পৃক্ত কর্মী এবং যুদ্ধক্ষেত্রের অপারেশনাল কমান্ডাররা উভয়ে একটি কাঠামো পাবেন, যার মাধ্যমে তাঁরা গণমাধ্যমের চাহিদা পূরণ করতে পারবেন। সুস্পষ্ট নীতিমালা এবং মানদণ্ড অনুসরণ করে সামরিক পরিবেশে কাজ করার সময় গণমাধ্যম তাদের প্রয়োজনীয় আত্মবিশ্বাস পাবে।

সামরিক বাহিনীকে অব্যাহতভাবে গণমাধ্যমের কাছাকাছি যাওয়া জারি রাখতে হবে। দেশে-বিদেশে, বিভিন্ন প্রশিক্ষণ চলাকালীন এবং সংকটকালে সামরিক বাহিনীকে গণমাধ্যমের সঙ্গে ভালোভাবে সম্পৃক্ত থাকতে ও সম্পর্ক রক্ষা করতে হবে। বর্তমানে সামরিক বাহিনী গণমাধ্যমকে বিভিন্ন সামরিক কর্মকাণ্ড অবলোকনে প্রবেশাধিকার দিচ্ছে। উদাহরণ হিসেবে বলা যেতে পারে, সশস্ত্র বাহিনী বিভাগের ব্যবস্থাপনায় বিভিন্ন জাতিসংঘ শান্তিরক্ষা মিশন এবং ২০১৫ সালে সংঘটিত নেপালের ভয়াবহ ভূমিকম্পকবলিত এলাকা পর্যবেক্ষণের নিমিত্তে গণমাধ্যমের সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে নেপালে প্রেরণসহ নানাভাবে সহযোগিতা করা হয়েছিল।

এ ছাড়া সামরিক বাহিনী তাদের বিভিন্ন বার্ষিক মহড়া, কর্মশালা এবং সেমিনারে গণমাধ্যমকে আমন্ত্রণ জানায়। এর ধারাবাহিকতা রক্ষা এবং প্রয়োজনে এর ব্যাপ্তি সম্প্রসারণ করতে হবে। সন্ত্রাস দমনে এবং রাষ্ট্রীয় নিরাপত্তা নিশ্চিতকরণসহ বিভিন্ন প্রতিরক্ষাবিষয়ক সেমিনার, সিম্পোজিয়াম আয়োজনের মাধ্যমে নিয়মিত মিথস্ক্রিয়া অব্যাহত রাখতে হবে। সামরিক বাহিনীর সংবাদ প্রতিবেদনগুলোকে বস্তুনিষ্ঠ, গুরুত্বপূর্ণ এবং পরিপূর্ণ করে তুলতে সঠিক তথ্য পাওয়ার জন্য উভয় পক্ষের সম্মিলিতভাবে কাজ করা আবশ্যক। গণমাধ্যমকে সামরিক বাহিনীর পরীক্ষিত বন্ধু হিসেবে পাওয়ার উৎকৃষ্ট সময় শান্তিকাল, যে বন্ধু সংঘাতবিহীন শান্তিকালের পাশাপাশি যুদ্ধ, সংকট কিংবা সংঘাতের সময়েও পাশে থাকবে।

অন্যদিকে, সময়মতো প্রয়োজনমাফিক সংবাদ প্রতিবেদন তৈরিতে ও তা প্রচারে গণমাধ্যমের প্রয়োজন সামরিক বাহিনী সম্পর্কিত সঠিক তথ্য, যার ফলে অতিরঞ্জন ঠেকানো সম্ভব হবে। সামরিক বাহিনী সম্পর্কিত তথ্যের সঠিক প্রচারণা দেশের মানুষের আত্মবিশ্বাস বাড়াবে। নির্দিষ্ট বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সাক্ষাৎকার প্রদান এবং বিভিন্ন বিশেষ দিবসে, যেমন : জাতিসংঘ শান্তিরক্ষা দিবস এবং সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে আয়োজিত টক শোগুলোতে অংশগ্রহণ চালিয়ে যেতে হবে। তথ্যের প্রবাহের জন্য পত্রপত্রিকায় প্রতিবেদন, প্রবন্ধ প্রভৃতি প্রকাশ একটি ইতিবাচক ভাবমূর্তি গড়ে তুলতে সহায়তা করবে।

সামরিক বাহিনী গণমাধ্যমের সমালোচনা এবং সত্যিকারের ভ্রান্তিগুলোকে স্বীকার করে কার্যকর পদক্ষেপ গ্রহণের মাধ্যমে নিজেদের আরও সমৃদ্ধ করে তুলতে পারে। গণমাধ্যমের বিভিন্ন যৌক্তিক সুপারিশ, পরামর্শ গ্রহণ ইতিবাচক ভাবমূর্তি বিনির্মাণে সাহায্য করতে পারে। অপরপক্ষে সামরিক বাহিনীকে নিয়ে অসংলগ্ন এবং উত্তেজনামূলক কোনো তথ্য প্রচার গ্রহণযোগ্য নয়, যা কি না জনস্বার্থের জন্য ক্ষতিকর অথবা, যা জনমনে

ভুল ধারণার সৃষ্টি করে। পক্ষান্তরে সামরিক বাহিনীর দায়িত্ব রয়েছে বাহিনী সংশ্লিষ্ট বিষয়গুলোকে তুলনামূলক কম ত্রুটিপূর্ণ এবং একটি বৃহৎ প্রেক্ষাপটে সব পক্ষের কাছে গ্রহণযোগ্যভাবে উপস্থাপন করা। গ্রাহকের সন্তুষ্টি সাধনের ওপরেই ব্যবসায়ীর সাফল্য নির্ভর করে, যা একইভাবে কার্যকর গণমাধ্যম সম্পৃক্তির বিষয়েও প্রযোজ্য। সামরিক বাহিনীর সঙ্গে গণমাধ্যমের সম্পর্ক গড়তে হলে সামরিক বাহিনীর উচিত গণমাধ্যমের চাহিদাকে গুরুত্ব দেওয়া এবং তা পূরণে পূর্ণ সহায়তা প্রদান করা।

বস্তুত ভবিষ্যতে সুফল পেতে হলে আমাদেরকে প্রয়োজনানুযায়ী সংস্কার করতে হবে এবং নতুনত্ব আনতে হবে। বর্তমানে সাংবাদিকতায় অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিদের সামরিক বাহিনীতে অফিসার হিসেবে নিয়োগ দেওয়া হচ্ছে। সামরিক বাহিনীর গণমাধ্যম কর্মকাণ্ডের সঙ্গে তারা সম্পৃক্ত থাকতে পারে। তারা গণযোগাযোগ ও সাংবাদিকতা বিষয়ে সামরিক পরিবেশে শিক্ষা গ্রহণের পাশাপাশি বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রমের ভেতর দিয়ে নিজেদের আরও যোগ্য ও দক্ষ হিসেবে গড়ে তুলতে পারে। গণমাধ্যমের সঙ্গে ফলপ্রসূ সম্পর্ক উন্নয়নে এ ধরনের নিয়োগ ও শিক্ষা গ্রহণ পেশাগত দায়িত্ব সুচারুরূপে পালনে সহায়ক হবে।

দ্রুতগতিতে বদলে যাওয়া বিশ্বে প্রতিকূল পরিবেশে সামরিক বাহিনীকে আর সুদৃঢ় অবস্থান গড়ে তুলতে ঝুঁকিপূর্ণ বিষয় এবং সম্ভাব্য ইতিবাচক পদক্ষেপের বিপরীতে অর্জনগুলো মূল্যায়ন করতে হবে। কর্মক্ষম নিরাপত্তার সঙ্গে প্রবেশাধিকারের মানদণ্ড, অনুষ্ঠানের পটভূমি এবং প্রয়োজনীয় সরঞ্জামাদির সামঞ্জস্য সাধনে সামরিক বাহিনী যাতে গণমাধ্যমের সঙ্গে সম্পৃক্ততার ভালো-মন্দ বিচার করতে পারে, সে বিষয়ে তৎপর থাকতে হবে। একে অপরকে সহযোগিতা প্রদান, পরস্পরের সংস্কৃতিকে অনুধাবন এবং প্রয়োজন মেটাতে বাস্তবানুগ অভিব্যক্তির উন্নয়ন ঘটাতে পারলে সামরিক বাহিনী এবং গণমাধ্যম উভয়েই লাভবান হতে পারবে।

গণমাধ্যমের সঙ্গে দীর্ঘমেয়াদি সম্পর্কে জড়ানোর সমস্যা হচ্ছে এর সফলতা হিসাব করা খুব কঠিন। সামরিক বাহিনীকে এটা বিশ্বাস করতে হবে যে, পৃথিবীতে পরিপূর্ণ রাষ্ট্র বলে কিছু নেই, বরং পারস্পরিক বিশ্বাসযোগ্যতা এবং সহযোগিতার পরিপ্রেক্ষিতে একটি কার্যকর রাষ্ট্রের ক্রিয়াশীলতা চিহ্নিত হয়। এ কারণেই সামরিক বাহিনীকে গণমাধ্যম সংস্থাগুলোর সঙ্গে দীর্ঘমেয়াদি সম্পর্ক উন্নয়নের চেষ্টা করতে হবে এবং পরস্পরের সঙ্গে সুসম্পর্ক গড়ে তোলার উপায় খুঁজে বের করতে হবে।

আসলে গণমাধ্যম ও সামরিক বাহিনীর সম্পর্ক সামরিক-বেসামরিক সম্পর্কের অভ্যন্তরেই নিহিত। যখন সঠিক ও সুন্দরভাবে দেশ ও জাতির কল্যাণে গণমাধ্যমকে ব্যবহার করা যাবে, তখন বিষয়টি সহজতর হবে, আর সামরিক বাহিনীও সাধারণ মানুষের সঙ্গে আরও নিবিড়ভাবে মিলেমিশে কাজ করতে পারবে। গণমাধ্যমের সঙ্গে সম্পৃক্ততার গুরুত্ব অনুধাবনের মাধ্যমে সামরিক বাহিনী গণমাধ্যমের কাছ থেকে বহুমুখী সুবিধা নিতে পারে। নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ সামরিক বাহিনী ও গণমাধ্যমের গুরুত্বকে আরও সামনে আনতে পারে :

- সামরিক বাহিনী ও গণমাধ্যমের প্রতিনিধিরা আলাপ-আলোচনার মাধ্যমে সামরিক বাহিনী ও গণমাধ্যম সম্পর্ককে দৃঢ় করার বিষয়াবলি গণমাধ্যমে তুলে ধরে অধিকতর কার্যকরী সম্পর্কের দৃঢ় অবস্থান তৈরি করতে পারে।

● সামরিক বাহিনী ও গণমাধ্যমের মধ্যে বিদ্যমান প্রথাগত ধারণা বিলোপ এবং পারস্পরিক বোঝাপড়া উন্নয়নের স্বার্থে উভয়ের পৃষ্ঠপোষকতায় সম্মেলনের আয়োজন করা যেতে পারে।

● সামরিক বাহিনী সম্পর্কে গণমাধ্যমকে অবহিত করার জন্য বিভিন্ন সামরিক প্রশিক্ষণ কর্মসূচি ও শিক্ষাবিষয়ক সভায় নিয়মিত অংশ নিতে গণমাধ্যমকে আমন্ত্রিত করতে পারে।

● একটি গণযোগাযোগ প্রতিষ্ঠান হিসেবে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরকে যুগোপযোগী করে তুলতে দক্ষ জনবল এবং প্রয়োজনীয় লজিস্টিক সরঞ্জাম সরবরাহ করত সংস্কার ও উন্নয়নের উদ্যোগ নেওয়া যেতে পারে।

● মুদ্রণ এবং ইলেকট্রনিক মিডিয়ায় প্রতিরক্ষা বিষয়ক প্রতিবেদন তৈরির জন্য প্রতিরক্ষা সাংবাদিকদের উপযুক্ত প্রশিক্ষণ প্রদানসহ সর্বতোভাবে সহযোগিতা করা যেতে পারে।

● দ্রুতগতিতে বদলে যাওয়া বৈশ্বিক পরিস্থিতির আলোকে যুগোপযোগী গণমাধ্যম নীতিমালা তৈরি করা যেতে পারে।

● প্রতিরক্ষা সংক্রান্ত বিষয়াবলি জ্ঞাত রাখতে গণমাধ্যমকে নিয়ম অনুযায়ী সামরিক বাহিনীতে সংরক্ষিত প্রবেশাধিকার প্রদান অব্যাহত রাখা যেতে পারে।

● সামরিক বাহিনী তাদের বিভিন্ন প্রশিক্ষণ কর্মকাণ্ডের পাঠ্যক্রমে গণমাধ্যম ব্যবস্থাপনা এবং মানবাধিকার সংশ্লিষ্ট ইস্যুকে সংযুক্ত কিংবা সমৃদ্ধ করতে পারে।

সবশেষে বলা যায়, সামরিক বাহিনী এবং গণমাধ্যমকে পরস্পরের বর্তমান সম্পর্কের ভালো-মন্দ দিক চিহ্নিত করতে আগ্রহী হতে হবে। দুই প্রতিষ্ঠান কখনোই সম অবস্থায় আসবে না, যতক্ষণ পর্যন্ত না অমিলগুলোকে কমিয়ে আনার চেষ্টা করা হচ্ছে। গণমাধ্যমকে সর্বোচ্চ ব্যবহারের একটি জুতসই পরিকল্পনা সামরিক বাহিনী এবং গণমাধ্যমের সম্পর্ক উন্নয়নের সফলতার চাবিকাঠি। এটা অবশ্যই একটি ধারাবাহিক প্রক্রিয়ায় হতে হবে এবং সে সঙ্গে এর সঙ্গে সম্পৃক্ত সংলাপগুলোকে অবশ্যই হতে হবে সত্যনিষ্ঠ এবং সুস্পষ্ট।

এমন বাস্তবতায় কেবল তখনই বলা যাবে, দায়িত্বশীল প্রচেষ্টার মাধ্যমে কোনো ঝামেলা ছাড়াই সামরিক বাহিনী এবং গণমাধ্যমের মধ্যে সম্পর্কের ক্রমোন্নতি ঘটবে। জাতীয় লক্ষ্য অর্জন এবং জাতীয় স্বার্থের জন্য বাংলাদেশে এ দুই পক্ষকে অবশ্যই সহযোগী ভূমিকা পালন করতে হবে। সামরিক বাহিনী এবং গণমাধ্যমের মাঝে সহযোগিতামূলক অটুট বন্ধন হওয়াটা হয়তো সময়সাপেক্ষ। কিন্তু একে অপরের প্রয়োজনীয়তা অনুধাবন করলে এ বন্ধন আরো গতি পাবে। গণমাধ্যমের সঙ্গে নিয়মিত যোগাযোগ ও তথ্য আদান-প্রদানের মাধ্যমে নিশ্চিতভাবে সামরিক বাহিনী এবং গণমাধ্যমের মধ্যে একটি উপযুক্ত ও আস্থার সম্পর্ক তৈরি হবে। শান্তিকালীন উভয় পক্ষ যদি যূথবদ্ধভাবে চলতে পারে, তাহলে উত্তেজনা এবং সংকটকালে উভয় প্রতিষ্ঠান আরও সুসংহতভাবে কাজ করতে পারবে।

তথ্যসূত্র

১. http://archive.thedailystar.net/newDesign/news-details.php?nid=197760

২. http://www.dtic.mil/dtic/tr/fulltext/u2/a437519.pdf

৩. http://www.defencejournal.com/2000/aug/role-media-war.htm

৪. http://www.moi.gov.bd/

৫. http://www.army.mil/article/89611/

৬. http://www.thedailystar.net/op-ed/military-media-interface-constant-effort-144127

কমান্ডার এম ইমাম হাসান আজাদ (সি), পিএসসি, বিএন, ১৯৯৫ সালের ১ জুলাই বাংলাদেশ নৌবাহিনীতে এক্সিকিউটিভ শাখায় কমিশন লাভ করেন। তিনি পাকিস্তান নৌবাহিনী থেকে কমিউনিকেশন এবং ইলেকট্রনিক ওয়ারফেয়ার বিষয়ে স্পেশালাইজেশন কোর্স সম্পন্ন করেন। এ ছাড়া তিনি ডিফেন্স সার্ভিসেস কমান্ড অ্যান্ড স্টাফ কলেজ, মিরপুর থেকে স্টাফ কোর্স সম্পন্ন করেন এবং বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ থেকে ডিফেন্স স্টাডিজে মাস্টার্স ডিগ্রিপ্রাপ্ত। তিনি নৌ সদরসহ নৌবাহিনীর জাহাজ ও ঘাঁটিতে অধিনায়ক, স্টাফ অফিসার ও প্রশিক্ষক হিসেবে কর্মরত ছিলেন। পাশাপাশি তিনি জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে তদানীন্তন সুদানে (বর্তমানে দক্ষিণ সুদান) বাংলাদেশ নৌবাহিনীর ফোর্স রিভারাইন ইউনিটে দায়িত্ব পালন করেছেন। বর্তমানে তিনি সশস্ত্র বাহিনী বিভাগে বেসামরিক ও সামরিক সংযোগ পরিদপ্তরের গণমাধ্যম শাখায় গ্রেড-১ স্টাফ অফিসার হিসেবে কর্মরত।

মুক্তিযুদ্ধের চেতনায় শাণিত আমাদের শান্তিরক্ষীরা

উইং কমান্ডার আ ন ম আব্দুল হান্নান, শিক্ষা

প্রাণিজগতের সৃষ্টি থেকেই সম্ভবত 'শান্তি' শব্দটির উৎপত্তি। মহান আল্লাহ্ রাব্বুল আলামিন এ বিশ্বনিখিল সৃষ্টি করেছেন শান্তি প্রতিষ্ঠার জন্য। আল্লাহ্ পাক নিজে শান্তিপ্রিয় ও সৌন্দর্যপ্রিয় এবং তিনি তাঁর সৃষ্ট মানবজাতি তথা সমগ্র প্রাণিজগৎকে শান্তিপ্রিয় হওয়ার শিক্ষা দিয়েছেন। 'শান্তি' একটি আপেক্ষিক শব্দ। বাংলা অভিধানে 'শান্তি' শব্দটির অনেক প্রতিশব্দ রয়েছে। যেমন– শমগুণ, প্রশান্তি, উৎকণ্ঠাশূন্যতা, চিত্তস্থৈর্য, বিবৃত্তি, বিরাগ, বিরাম, উপশম, উপদ্রবহীনতা, উৎপাতশূন্যতা, অবসান, সমাপ্তি, সন্ধি, যুদ্ধাবসান, কল্যাণ, বিশ্রাম ইত্যাদি। শান্তি এবং এর প্রতিটি প্রতিশব্দই একজন মানুষের কিংবা একটি পুরো মানবজাতির কল্যাণের প্রতিধ্বনি।

শান্তি এমন একটি বিষয় যে, প্রতিটি মানুষই তা পেতে চান। আবার শান্তি বিষয়টি বিশ্লেষণ করলে দেখা যায় 'শান্তিই শান্তির শত্রু', 'শান্তিই শান্তির প্রতিবন্ধক'। কারণ হলো মানুষ তাঁর নিজের শান্তি নিশ্চিত করতে গিয়ে অন্যের শান্তি বিঘ্নিত করে। প্রতিটি মুহূর্তে মানুষ তাঁর 'শান্তির' নিরাপত্তা নিয়ে উদ্বিগ্ন হচ্ছেন। এখানেই 'শান্তির' বিপত্তি। মানবমনের ভ্রান্তি আর সংশয় থেকেই অশান্তির উৎপত্তি। শান্তি আসলে সৃষ্টিকর্তা প্রদত্ত মানবমনের মৌলিক ও স্থায়ী একটি স্থাপনা। মানুষ কিংবা কোনো প্রাণীর সৃষ্টিই হয় শান্তিসহকারে। শান্তি খুঁজতে বাইরে যেতে হয় না; বরং নিজের মধ্যেই মানুষের জন্য রয়েছে অফুরন্ত শান্তির প্রাসাদ। সে প্রাসাদের অন্ধকারে আমরা যখন আলো জ্বালাতে ভুলে যাই কিংবা ব্যর্থ হই, তখন আঁধার আরও ঘনীভূত হয়। আঁধার মানেই অশান্তি। আঁধারের বিপরীত শব্দ আলো। আর আলো মানেই শান্তি। নিজের ঘরের আলো জ্বালানোর কোনো উপকরণ যখন আমরা পাই না, তখনই আমরা ভীত-সন্ত্রস্ত হই, উদ্বিগ্ন হই; শান্তি হারানোর ভয়ে ঘরের এক কোণ থেকে আরেক কোণে উদ্‌ভ্রান্তের মতো ছোটাছুটি করি। তিল তিল করে গড়ে তোলা সৌন্দর্য গুঁড়িয়ে অসুন্দরে পরিণত হয়। শাশ্বত কাঙ্ক্ষিত 'শান্তি' ভেঙে খানখান হয়ে যায়। আজন্ম লালিত স্বপ্ন দুঃস্বপ্নে পরিণত হয়। তবুও বাঁচতে হয়। বাঁচার ইচ্ছেটা আসলে 'শান্তি-অশান্তির' গণ্ডিকে অতিক্রম করে চলে যায় বহুদূরে। শান্তি কিংবা অশান্তি যাই হোক, বাঁচতে হবে। কিন্তু মানুষ যখন শান্তি-অশান্তির গণ্ডি অতিক্রম করে বেঁচে যান, তখন শান্তির নিশ্চয়তা চান। তাই তো নিজের ঘরের অন্ধকার ঘোচানোর জন্য মানুষ চিৎকার করে। চিৎকারে সাড়া দিয়ে প্রতিবেশী বন্ধু বাড়িয়ে দেন সহযোগিতার হাত। আলোকবর্তিকা নিয়ে দৌড়ে আসেন প্রতিবেশীর ঘরের আঁধার ঘোচাতে। আলোর কাছে অন্ধকার হয় পরাজিত, শান্তির কাছে অশান্তির হয় পরাজয়। নরম আলোর পরশে আঁধার ঘরের সকল আঁধার ঘুচে যায়। ঘরে আসে শান্তি।

সমগ্র বিশ্বকে আমরা একটি ঘরের সঙ্গে তুলনা করতে পারি। আঁধারে যেমন একটি ছোট্ট ঘরের শান্তি বিনষ্ট হয়, তেমনি মানবমনের অস্থিরতায় নিজের সুখ নষ্ট হয়। একজনের সুখ বিঘ্নিত হলে প্রতিবেশীদের সুখ বিনষ্ট হয়। এমনিভাবে একটি দেশ, একটি জাতি এবং সমগ্র বিশ্বের শান্তি বিঘ্নিত হয়। একজন মানুষের শান্তি বিঘ্নিত হলে তিনি তাঁর শান্তি পুনরুদ্ধারে এমন একজন প্রতিবেশীকে সাহায্যের জন্য ডাকবেন, যিনি অত্যন্ত

শান্তিপ্রিয় মানুষ। শান্তি যার কাছে অপেক্ষাকৃত নিরাপদ। তেমনিভাবে বিশ্বশান্তি বিঘ্নিত হলে জাতিসংঘ তার শান্তিরক্ষা বাহিনীতে সে দেশের সশস্ত্র বাহিনীকে শান্তি প্রতিষ্ঠার জন্য আহ্বান করে, যে দেশ ও জাতি শান্তিপ্রিয় জাতি হিসেবে বিশ্বে পরিচিতি লাভ করেছে। রবীন্দ্রনাথ বলেছেন, 'যে সমাজে শৃঙ্খলা আছে, ঐক্যের বিধান আছে, সেই সমাজেই পরকে আপন করিয়া লওয়া সহজ।' বাঙালি জাতি এমন একটি জাতি, যে জাতি শৃঙ্খলা আর ঐক্য দিয়ে হায়েনারূপী শত্রুর কবল থেকে প্রিয় মাতৃভূমিকে স্বাধীন করেছে।

তাই শান্তিরক্ষী দেশের তালিকায় বাংলাদেশের নাম সবার শীর্ষে। বিশ্বশান্তি আর বাঙালি জাতি তথা বাংলাদেশ এক সুতোয় গাঁথা। একটি থেকে আরেকটিকে আলাদা করা যায় না। বিশ্বের যে প্রান্তেই শান্তি বিঘ্নিত হোক, বাংলাদেশের কথা সবার আগে স্মরণ করা হয়। বাংলাদেশ সশস্ত্র বাহিনীর প্রত্যেক সদস্য জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীর সদস্য হওয়ার জন্য প্রত্যাশা করে।

১৯৭১-এর মহান মুক্তিযুদ্ধে অংশ নিয়ে এ দেশের সশস্ত্র বাহিনীর সদস্যরা বীরদর্পে যুদ্ধ করে শত্রুকে পরাজিত করে বাঙালি জাতিকে স্বাধীন করেছিলেন, তেমনি শান্তিরক্ষী বাহিনীতে অংশগ্রহণ করে বাংলাদেশের স্বাধীন পতাকার সম্মান রক্ষার্থে এ দেশের বীর সৈনিকরা সর্বোচ্চ ত্যাগ স্বীকার করতে দ্বিধাবোধ করেন না। শান্তি যেন নারীর ন্যায় বীরভোগ্য। যে জাতির বীরত্বের খ্যাতি যত বেশি, সে জাতির স্বাধীনতা ততটাই নিরাপদ। যে জাতির স্বাধীনতা যতটা নিরাপদ, সে জাতির শান্তিও ততটাই নিরাপদ। 'জান দেব– মান নয়' এই মন্ত্রে দীক্ষিত আমাদের সশস্ত্র বাহিনীর প্রত্যেক সৈনিক। বিশ্বশান্তি প্রতিষ্ঠায় নিয়োজিত আমাদের সৈনিকরা মহান মুক্তিযুদ্ধের মহান আদর্শে দীক্ষিত। তাঁদের মহান কর্তব্য পালনের সময় তাঁরা তিরিশ লাখ শহীদের পবিত্র রক্ত আর দুই লাখ সম্ভ্রম হারানো মা-বোনের মহাপবিত্র ইজ্জতের কথা পরম শ্রদ্ধাভরে স্মরণ করে থাকেন। আমাদের শান্তিরক্ষীরা শ্রদ্ধাভরে স্মরণ করেন জাতির সেই শ্রেষ্ঠ সন্তানদের, যাঁরা তাঁদের বর্তমানকে উৎসর্গ করেছিলেন আমাদের সুন্দর ভবিষ্যতের জন্য। আমাদের শান্তিরক্ষীরাও সদা প্রস্তুত তাঁদের বর্তমানকে উৎসর্গ করতে বিশ্ববাসীর সুন্দর ভবিষ্যতের জন্য। বিশ্বকে বাসযোগ্য করার জন্য এবং মানবসভ্যতাকে ধ্বংসের হাতে থেকে রক্ষা করার জন্য ওরা সদা প্রস্তুত। ওদের কাছে :

'জগৎ জুড়িয়া আছে– এক জাতি
সে জাতির নাম মানুষ জাতি
এক পৃথিবীর স্তন্যে লালিত;
একই রবি শশী মোদের সাথী।'

পরের জন্য ব্যক্তিস্বার্থ বিসর্জন দিয়ে আমাদের শান্তিরক্ষীরা নিজেদের জীবনকে আনন্দময় করতে চান। পরোপকারের মহৎ আদর্শে তারা সদা উদ্দীপ্ত। পৃথিবীর শান্তিবিঘ্নিত বিভিন্ন অঞ্চলে কর্মরত বাংলাদেশি শান্তিরক্ষীদের মানবিক গুণাবলি, দেশপ্রেম, মানবপ্রেম, সততা, নিষ্ঠা, শৃঙ্খলা, কর্তব্যবোধ, সাহসিকতা আর বীরত্ব বাঙালি জাতিকে বিশ্ব পরিমণ্ডলে বীরের জাতি এবং শান্তির জাতি হিসেবে পরিচিতি দিয়েছে। বাঙালি জাতি তার সশস্ত্র বাহিনীকে নিয়ে গর্বিত। বাংলাদেশ সশস্ত্র বাহিনীর সদস্যরা

স্বাধীনতার মহান চেতনায় উদ্বুদ্ধ হয়ে দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব এবং বিশ্বশান্তি রক্ষায় দৃঢ়প্রতিজ্ঞ। তাই আমরাও কবির কণ্ঠে কণ্ঠ মিলিয়ে বলি :

‘যা রাখি আমার তরে মিছে তারে রাখি,
আমিও রব না ঘরে সেও হবে ফাঁকি।
যা রাখি সবার তরে, সে-ই শুধু রবে–
মোর সাথে ডোবে না সে, রাখে তারে সবে।’

উইং কমান্ডার আ ন ম আব্দুল হান্নান, ১৯৯২ সালে বাংলাদেশ বিমান বাহিনীর শিক্ষা শাখায় কমিশন লাভ করেন। তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে বাংলা ভাষা ও সাহিত্যে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। তিনি দেশে ও বিদেশে বিভিন্ন পেশাগত প্রশিক্ষণ গ্রহণ করেন। বিমান বাহিনীর বিভিন্ন ঘাঁটি ও ইউনিটে তিনি প্রশিক্ষণ ও স্টাফ ডিউটি পালন করেন। এ ছাড়া তিনি প্রধানমন্ত্রীর কার্যালয়, সশস্ত্র বাহিনী বিভাগে জিএসও-২ (পিঅ্যান্ডসি) হিসেবে দায়িত্ব পালন করেন। জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে মিলিটারি অবজারভার হিসেবে তিনি লাইবেরিয়ায় দায়িত্ব পালন করেন। পাবনা ক্যাডেট কলেজের অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন শেষে বর্তমানে তিনি মির্জাপুর ক্যাডেট কলেজে অধ্যক্ষ হিসেবে কর্মরত আছেন।

পার্বত্যাঞ্চলে শান্তিচুক্তি-পরবর্তী আর্থসামাজিক উন্নয়নে সেনাবাহিনীর ভূমিকা

কর্নেল মো. আব্দুল বাতেন খান, পিএসসি,জি

পার্বত্য চট্টগ্রাম বাংলাদেশের অবিচ্ছেদ্য অংশ হলেও দেশ স্বাধীন হওয়ার পূর্ব পর্যন্ত এটি একটি বিশেষ অঞ্চল হিসেবে স্বীকৃত ছিল। স্বাধীনতা যুদ্ধে উপজাতিদের বিতর্কিত ভূমিকা এবং স্বাধীনতা-উত্তর স্বায়ত্তশাসনের দাবির পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকার ১৯৭২ সালে তাদের দেশের অন্যান্য নাগরিকের মতো জীবনধারণের আহ্বান জানায়। সরকারের এই আহ্বানে সাড়া না দিয়ে তারা সন্ত্রাস ও বিচ্ছিন্নতার পথ বেছে নেয় এবং সন্ত্রাসী কর্মকাণ্ডের মাধ্যমে পার্বত্যাঞ্চলকে অশান্ত করে তোলে। সাম্প্রদায়িক সহিংসতা ও সন্ত্রাসী কর্মকাণ্ডের পথ পরিহার করে সুস্থ ও উন্নয়নমুখী জীবনধারণের পথে নিয়ে আসার জন্য বাংলাদেশ সরকার অন্যান্য নিরাপত্তা বাহিনীর পাশাপাশি সেনাবাহিনীকেও পার্বত্যাঞ্চলে মোতায়েন করে। সেনাবাহিনী ১৯৭২ সাল থেকে সার্বিক পরিস্থিতি ও নিরাপত্তা বিচারে অপারেশন বাঘের থাবা, অপারেশন আয়রন ফিস্ট, অপারেশন ড্রাগন ড্রাইভ, অপারেশন ডিগ আউট, অপারেশন ট্রাইডেন্ট, অপারেশন পাঞ্চিং টাইগার, অপারেশন দাবানল এবং বর্তমানে অপারেশন উত্তরণের আওতায় কাজ করছে। এই অপারেশনের মাধ্যমে পার্বত্যাঞ্চলের সার্বিক নিরাপত্তা বজায় রাখা, বেসামরিক প্রশাসনকে তার উন্নয়ন কর্মকাণ্ড বাস্তবায়নে সাহায্য করা, সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখা এবং সর্বোপরি আইনশৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখার জন্য সেনাবাহিনী কাজ করে যাচ্ছে।

একটি বিচ্ছিন্নতাবাদী সশস্ত্র সংগ্রামকে রোধ করতে সামরিক অভিযানের পাশাপাশি আর্থসামাজিক উন্নয়ন প্রচেষ্টারও প্রয়োজন রয়েছে। বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠীর সংগ্রামের পেছনে নানাবিধ কারণের মাঝে আর্থসামাজিক কারণ অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। বিভিন্ন কর্মসূচির মাধ্যমে তাদের জীবনযাত্রার মানোন্নয়ন করে এসব সংগ্রামকে স্থায়ীভাবে প্রশমিত করা সম্ভব। জীবনযাত্রার মানোন্নয়নের সুনিশ্চিত আশ্বাস ও তার বাস্তবায়ন হলে এসব গোষ্ঠী স্বভাবতই সংগ্রামের পথ পরিহার করে স্বাভাবিক জীবনে ফিরে আসবে। এই দূরদৃষ্টি নিয়েই শান্তিচুক্তির মাধ্যমে পার্বত্যাঞ্চলকে শান্তি, সম্প্রীতি ও উন্নয়নের ধারায় ফিরিয়ে আনার জন্য সরকার দীর্ঘদিন প্রচেষ্টা চালিয়ে যাচ্ছিল।

চিত্র-১ ও ২ : শান্তিচুক্তি ও অস্ত্র সমর্পণ

২ ডিসেম্বর ১৯৯৭ সালে তৎকালীন ও বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার পার্বত্য শান্তিচুক্তি স্বাক্ষরের মাধ্যমে পার্বত্যাঞ্চলে এক নতুন যুগের সূচনা করে। উপজাতিরা সন্ত্রাসের পথ ভুলে প্রধানমন্ত্রীর কাছে অস্ত্র সমর্পণের মাধ্যমে উন্নয়নের পথ বেছে নেয়। এ চুক্তি পাহাড়ে সন্ত্রাস নির্মূলে টনিকের মতো কাজ করে। উপজাতিদের মধ্যে পারস্পরিক হানাহানি, সাম্প্রদায়িক সহিংসতা, সন্ত্রাসী কার্যক্রম অস্বাভাবিকভাবে হ্রাস পায়। তারা বিচ্ছিন্নতাবাদী চিন্তাভাবনার অবসান ঘটিয়ে মূলধারায় কাজ করতে থাকে। শান্তিচুক্তির সঙ্গে সামঞ্জস্য রেখে সেনাবাহিনীর কর্মকাণ্ডেও যুক্ত

হয় এক নতুন মাত্রা।

শান্তি-শৃঙ্খলা রক্ষা ও নিরাপত্তা বিধান করার পাশাপাশি তারাও যোগ দেয় এলাকার উন্নয়ন কর্মকাণ্ডে। সরকারের বড় বড় উন্নয়ন কর্মকাণ্ডের পাশাপাশি সেনাবাহিনীর ক্ষুদ্র ক্ষুদ্র প্রয়াস পরিবর্তন আনতে থাকে পার্বত্যাঞ্চলে। এখন পার্বত্যাঞ্চলে বসবাসরত পাহাড়ি বাঙালিরা হানাহানি ও সন্ত্রাস ভুলে গিয়ে উন্নয়নের জন্য এক ছাতার নিচে কাজ করছে। সেনাবাহিনী কখনও নিজস্ব ব্যবস্থাপনায়, আবার কখনও বা জনগণ, নির্বাচিত প্রতিনিধি ও বেসামরিক প্রশাসনকে সম্পৃক্ত করে সরকারের উন্নয়ন কর্মকাণ্ডকে ত্বরান্বিত করছে। এসব উদ্যোগ পার্বত্যাঞ্চলে দীর্ঘস্থায়ী ও টেকসই উন্নয়নে ভূমিকা রাখবে।

সেনাবাহিনী শান্তিচুক্তির পূর্বেও অনেক আর্থসামাজিক কর্মকাণ্ডের সঙ্গে সম্পৃক্ত ছিল। কিন্তু শান্তিচুক্তি পরবর্তীকালে সরকারের উদ্যোগের পাশাপাশি তা আরও বেগবান হয়েছে। কৃষি, শিক্ষা, চিকিৎসা, যাতায়াত ব্যবস্থা, কর্মসংস্থান, সামাজিক ও সাম্প্রদায়িক উন্নয়ন এবং দক্ষ জনশক্তি গড়ে তুলতে সেনাবাহিনীর ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাস্তবতার নিরিখে এটা অনস্বীকার্য যে, সেনাবাহিনী পার্বত্যাঞ্চলের সর্বস্তরের জনসাধারণের আর্থসামাজিক উন্নয়নে সময়োপযোগী ভূমিকা পালন করছে। এই বাস্তবতা স্বীকার করেই ১৮ মার্চ ২০১৫ তারিখে রাঙামাটিতে এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে সন্তু লারমা বলেন, 'একটা সময় সবাই মনে করত, জনগণের সঙ্গে সেনাবাহিনী থাকা ঠিক নয়। কিন্তু এখন সেই ধারণার পরিবর্তন ঘটেছে। সেনাবাহিনী নানাভাবে দেশ ও সাধারণ মানুষের কল্যাণে কাজ করছে।'

সেনাবাহিনী কর্তৃক গৃহীত বিভিন্ন উন্নয়ন কার্যক্রম

নাগরিকের মৌলিক অধিকার, যেমন : অন্ন, বস্ত্র, বাসস্থান, শিক্ষা ও চিকিৎসা প্রভৃতি পূরণে সরকার দৃঢ় পদক্ষেপ গ্রহণ করেছে। খাদ্যের চাহিদা পূরণের জন্য ভিজিএফ কার্ড প্রদান, বেসামরিক প্রশাসনের মাধ্যমে বস্ত্র বিতরণ, পর্যাপ্ত স্কুল-কলেজ নির্মাণ করে শিক্ষার প্রসার এবং হাসপাতাল, কমিউনিটি ক্লিনিক স্থাপন ও পল্লী চিকিৎসক নিয়োগের মাধ্যমে চিকিৎসার সুব্যবস্থা করেছে। এসব মৌলিক চাহিদার ব্যাপ্তি অনেক বেশি। সেনাবাহিনী দায়িত্বপ্রাপ্ত কাজের পাশাপাশি এসব কর্মকাণ্ড বাস্তবায়নে সহযোগিতা করে যাচ্ছে। পাশাপাশি পরিবেশ-পরিস্থিতি, পাহাড়িদের কর্মদক্ষতা ও কাঁচামালের সহজপ্রাপ্যতার ওপর ভিত্তি করে তিন পার্বত্য জেলায় নানাবিধ আর্থসামাজিক উন্নয়ন কর্মকাণ্ড পরিচালনা করছে। এই কর্মযজ্ঞ নেহাত কম নয়। লেখার পরিধি সীমিত রাখার জন্য, সাধারণভাবে সেনাবাহিনীর দু-একটি কর্মকাণ্ড এবং নির্দিষ্টভাবে খাগড়াছড়ি জেলার গুইমারা রিজিয়নের অধীন ছয়টি জোনের মধ্যে শুধু সেনাবাহিনীর তিনটি জোন কর্তৃক গৃহীত কিছু কার্যক্রম তুলে ধরা হয়েছে।

চিত্র-৩ ও ৪ : গুইমারা রিজিয়নের সংগঠন ও দায়িত্বপূর্ণ এলাকা

কৃষির উন্নয়ন

সমন্বিত কার্যক্রম। সেনাবাহিনীর প্রতিটি ক্যাম্প এলাকায় প্রতি মাসে একটি সমন্বিত কার্যক্রম (One Stop Service) পরিচালিত হয়ে থাকে। এ কার্যক্রমে উপজেলা কৃষি, মৎস্য, পশু চিকিৎসক, বন কর্মকর্তাসহ সব বিভাগের কর্মকর্তাদের একত্র করে বিভিন্ন দুর্গম এলাকায় স্থানীয় লোকদের মধ্যে কৃষি, মৎস্য, গবাদিপশু ও বনসম্পদের ওপর পরামর্শ দেওয়া হয়। কৃষিতে উন্নত প্রযুক্তির ব্যবহার, গুটি ইউরিয়া ও স্বাস্থ্যসম্মত কীটনাশকের ব্যবহার, অনাবাদি ভূমিকে চাষাবাদের আওতায় নিয়ে আসা এবং বনায়নে উৎসাহী করে তোলা হয়।

এর ফলে কৃষিতে এসেছে নতুন জোয়ার, যার মাধ্যমে খাদ্য ঘাটতি মিটিয়েও তারা কিছু উদ্বৃত্ত করে সচ্ছল জীবনযাপনে সক্ষম হয়েছে। পাশাপাশি গড়ে উঠছে বিভিন্ন পশু পালন খামার।

চিত্র-৫, ৬ ও ৭ : সেনাবাহিনী কর্তৃক পরিচালিত সমন্বিত কার্যক্রম (One Stop Service)

সেচ ব্যবস্থা। পার্বত্যাঞ্চলের অনেক আবাদযোগ্য ভূমি সেচের অভাবে চাষাবাদ করা সম্ভব হচ্ছে না কিংবা প্রাকৃতিক বৃষ্টিপাতের ওপর নির্ভর করে শুধু একটি ফসল উৎপাদন করা হচ্ছে। পর্যাপ্ত সেচ সুবিধার ব্যবস্থা করতে পারলে এসব জমিতে বছরে তিনটি ফসল উৎপাদন করা সম্ভব। সেচ প্রকল্পের মাধ্যমে কৃষিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সেনাবাহিনী স্থানীয়দের সমবায় সমিতির মাধ্যমে একত্র করে গভীর নলকূপ স্থাপনে সহায়তা করছে। এতে বিভিন্ন এলাকা একদিকে যেমন সেচের আওতায় আসবে, অন্যদিকে স্থানীয়দের খাবার পানির অভাব দূর করবে। এরূপ একটি প্রকল্প হলো সিন্দুকছড়ি গভীর নলকূপ প্রকল্প, যার মাধ্যমে ৫০০ একর জমি সেচের আওতায় এনে তিনটি ফসল উৎপাদন করা সম্ভব। প্রকল্পটি প্রায় সমাপ্তির পথে।

চিত্র-৮ ও ৯ : গভীর নলকূপ প্রকল্প

বনায়ন। পার্বত্যাঞ্চল একসময় বনজ ও ফলদ সম্পদে পরিপূর্ণ ছিল। সময়ের পরিক্রমায় এবং কিছু দুষ্টচক্রের বিবেকহীন ও স্বার্থান্বেষী কর্মকাণ্ডে বনসম্পদ আজ প্রায় ধ্বংসের দোরগোড়ায় উপনীত হয়েছে, যা সামগ্রিকভাবে প্রাকৃতিক ভারসাম্য নষ্ট করছে। বনসম্পদ রক্ষাকল্পে বাংলাদেশ সেনাবাহিনী কখনও নিজ ব্যবস্থাপনায়, আবার কখনও বা বিভিন্ন এনজিও ও স্থানীয় জনসাধারণের সমন্বয়ের মাধ্যমে পর্যাপ্ত বনায়নে সক্রিয়ভাবে অংশগ্রহণ করছে। এ ছাড়া পরিত্যক্ত ভূমিতে বনায়নে জনসাধারণকে উৎসাহিত করছে।

গুইমারা রিজিয়নের অধীন সেনাবাহিনীর তিনটি জোন কর্তৃক এক বছরে বপনকৃত বৃক্ষের তালিকা নিম্নরূপ :

জোন	বপনকৃত বৃক্ষের সংখ্যা
মাটিরাঙ্গা	১৫০০০টি
সিন্দুকছড়ি	৩০০০০টি
লক্ষ্মীছড়ি	২০০০০টি
মোট	৬ ৫০০০টি

শিক্ষা ব্যবস্থার উন্নয়ন

অবকাঠামো উন্নয়ন ও অনুদান। পার্বত্য এলাকার জন্য শিক্ষা ব্যবস্থা অত্যন্ত গুরুত্বপূর্ণ। শিক্ষা মানুষকে ভেতর থেকে আলোকিত করে, উদার করে এবং ভালো-মন্দ বোঝার ক্ষমতা তৈরি করে। মানুষ তখন অন্যায়ের পথ ভুলে ন্যায় ও মঙ্গলের পথে পা বাড়ায়। পার্বত্যাঞ্চল অন্যান্য এলাকা থেকে শিক্ষায় তুলনামূলকভাবে পিছিয়ে আছে। প্রাতিষ্ঠানিক মূলধারার শিক্ষার মাধ্যমে পার্বত্যাঞ্চলে উপজাতিদের শিক্ষিত করে গড়ে তুলতে পারলে তাদের মধ্যে জাতীয় চেতনার বিকাশ ঘটবে। বিচ্ছিন্নতাবাদী চিন্তাভাবনার অবসান ঘটিয়ে তারা মূলধারার নৈতিক, রাজনৈতিক ও অর্থনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করবে। এর ফলে তাদের সংগ্রাম স্তিমিত হয়ে পড়বে। সরকারি উদ্যোগের পাশাপাশি বেসরকারি উদ্যোগেও পার্বত্য এলাকায় অনেক স্কুল-কলেজ নির্মিত হয়েছে। এসব স্কুল-কলেজের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ উপজেলা নির্বাহী কর্মকর্তা, শিক্ষা কর্মকর্তা এবং স্কুল-কলেজের প্রধান শিক্ষক ও অধ্যক্ষদের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে অবকাঠামোগত উন্নয়ন এবং স্থায়ী আর্থিক ব্যবস্থা নিয়ে সেনাবাহিনী প্রতি মাসে একটি বৈঠক করে থাকে। এর মাধ্যমে নানাবিধ সমস্যা সমাধানের পথ নিরূপণ করা হয়। এ ছাড়া সেনাবাহিনী বিভিন্ন স্কুলে শিক্ষকের বেতন, বই বিতরণ, শিক্ষাসামগ্রী প্রদান, আর্থিক অনুদান, কম্পিউটারসহ বিভিন্ন শিক্ষাসামগ্রী দিয়ে থাকে। বিশেষ ক্ষেত্রে স্কুলে শিক্ষকের স্বল্পতা থাকলে সেনাবাহিনী নিজ খরচে খণ্ডকালীন শিক্ষক নিয়োগের ব্যবস্থা করে থাকে। কখনও কখনও সেনাসদস্যরা সরাসরি শিক্ষাদান করে থাকেন।

চিত্র-১১, ১২ ও ১৩ : সেনাবাহিনী কর্তৃক শিক্ষাসামগ্রী প্রদান

সেনাবাহিনী কর্তৃক দিবা ও নৈশ স্কুল পরিচালনা। সেনাবাহিনীর প্রায় প্রতিটি জোনই নিজস্ব ব্যবস্থাপনা ও আর্থিক অনুদানের মাধ্যমে একটি করে স্কুল পরিচালনা করে থাকে। স্কুলের অবকাঠামো থেকে শুরু করে শিক্ষকদের বেতন-ভাতা, ছাত্রছাত্রী পরিবহনসহ সবকিছুই উক্ত জোন কর্তৃক বহন করা হয়ে থাকে। গুইমারা রিজিয়ন কর্তৃক দুটি স্কুল, যথা– শহীদ (লে.) মুশফিক বিদ্যালয় এবং শহীদ আফতাব কাদের মডেল

সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিচালিত হয়। এ ছাড়া এর অধীন সিন্দুকছড়ি, মাটিরাঙ্গা ও লক্ষ্মীছড়ি সেনা জোন কর্তৃক নিজ ব্যবস্থাপনা ও খরচে দুটি করে নৈশ স্কুল পরিচালিত হয়।

চিত্র-১৪, ১৫ ও ১৬ : সেনাবাহিনী কর্তৃক পরিচালিত দিবা ও নৈশ স্কুল

শিক্ষা সেমিনার। পার্বত্যাঞ্চল দুর্গম হওয়ায় শিক্ষা অত্যন্ত অবহেলিত। শিক্ষাকে সর্বাগ্রে নিয়ে আসার জন্য সেনাবাহিনী বিভিন্ন স্কুলে শিক্ষাসামগ্রী প্রদান, শিক্ষকের বেতন ভাতা প্রদান, অন্যান্য সহপাঠ্যক্রম কর্মসূচিতে সহযোগিতা করে যাচ্ছে। এ ছাড়া গুইমারা রিজিয়নের দায়িত্বপূর্ণ এলাকার প্রায় ৭০০ শিক্ষক ও স্কুল কমিটির প্রতিনিধি, জেলা শিক্ষা কর্মকর্তাসহ সকল উপজেলা শিক্ষা কর্মকর্তা, জেলা প্রশাসক, জেলা পরিষদের চেয়ারম্যান ও স্থানীয় এমপির মাধ্যমে একটি শিক্ষা সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে শিক্ষার প্রসারের জন্য সর্বস্তরের প্রতিনিধিদের মধ্যে সচেতনতা বৃদ্ধিসহ মানসম্মত ও কর্মঠ শিক্ষকের প্রয়োজনীয়তার কথা তুলে ধরা হয়। গুইমারা রিজিয়ন প্রতিবছরই এরূপ সেমিনারের আয়োজন করে থাকে। শিক্ষা বিস্তারে এ ধরনের আয়োজন অগ্রণী ভূমিকা রাখবে বলে সবাই একবাক্যে স্বীকার করে।

চিত্র-১৭ ও ১৮ : সেনাবাহিনী কর্তৃক আয়োজিত শিক্ষা সেমিনার

সহপাঠ্যক্রম কর্মসূচি। মানসিক বিকাশ ও প্রতিভা প্রস্ফুটনে সহপাঠ্যক্রম কর্মসূচির বিকল্প নেই। আজকের শিশু আগামী দিনের ভবিষ্যৎ। এই ভবিষ্যৎ প্রজন্মকে যথাযথভাবে গড়ে তোলার জন্য প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি চাই নানা ধরনের সহশিক্ষা কার্যক্রম। কুইজ, বিতর্ক, বানান প্রভৃতি নানা প্রতিযোগিতায় অংশগ্রহণের মাধ্যমে ছাত্রছাত্রীদের মেধার বিকাশ ঘটবে। জ্ঞানের নানামুখী চর্চায় সুযোগ্য মানুষ হয়ে গড়ে উঠবে ভবিষ্যৎ প্রজন্ম। এই উদ্দেশ্য সামনে রেখে প্রতিটি জোনের আওতাধীন স্কুলগুলোর মধ্যে আন্তঃস্কুল বিতর্ক, বানান ও কুইজ প্রতিযোগিতার আয়োজন করে সেনাবাহিনী। বিষয়বস্তু নির্বাচনে সুকৌশলে পার্বত্যাঞ্চলের সমস্যা নিরসনের উপায়, সহিংসতার কুফল, সাম্প্রদায়িক সম্প্রীতি বৃদ্ধির চেতনা এবং সর্বোপরি দেশাত্মবোধকে প্রাধান্য দেওয়া হয়ে থাকে।

খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতা। পার্বত্যাঞ্চলের তরুণ সম্প্রদায় নানাবিধ কারণে খেলাধুলায় নিয়মিতভাবে অংশগ্রহণ করতে পারে না। অথচ এ অঞ্চলের তরুণদের মেধা ও ক্রীড়াশৈলী

চিত্র-১৯ ও ২০ : আন্তঃস্কুল ও আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতা

অনেক ভালো। তাই মানসিক বিকাশ, প্রতিভা অন্বেষণ ও সামাজিকতা সৃষ্টির লক্ষ্যে স্কুলগুলোতে নানা ধরনের খেলাধুলা প্রতিযোগিতার আয়োজন করা হয়। গুইমারা রিজিয়নের অধীন সব জোনের ব্যবস্থাপনায় স্থানীয়ভাবে স্কুল পর্যায়ে ভলিবল ও ফুটবল প্রতিযোগিতার আয়োজন করা হয়। আন্তঃস্কুল প্রতিযোগিতা পরিচালনার মাধ্যমে তাদের মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক গড়ে তোলার চেষ্টা করা হচ্ছে। এসব প্রতিযোগিতার মাধ্যমে শরীর ও মন প্রফুল্ল থাকে এবং সুপ্ত প্রতিভার বিকাশ ঘটে। আন্তঃস্কুল ক্রীড়া প্রতিযোগিতার মাধ্যমে কিশোর ও তরুণদের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে ওঠে। এ ছাড়া এতে করে তাদের ক্রীড়া প্রতিভার অনুসন্ধান ও বিকাশের সুযোগ হয়ে থাকে। গুইমারা রিজিয়নের উদ্যোগে পরিচালিত নানা প্রতিযোগিতার মাধ্যমে প্রতিভাবান খেলোয়াড়রা পরিচর্যা ও পর্যাপ্ত অনুশীলনের মাধ্যমে অচিরেই বাংলাদেশের জাতীয় পর্যায়ে সুযোগ পাবে বলে আশাবাদ ব্যক্ত করা যায়।

চিত্র-২১ ও ২২ : আন্তঃস্কুল ফুটবল প্রতিযোগিতা

সাংস্কৃতিক প্রতিযোগিতা । পার্বত্যাঞ্চলের স্কুল-কলেজসমূহে বিভিন্ন সময়ে সেনাবাহিনী কর্তৃক সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়ে থাকে। এ ছাড়া বছরের বিশেষ দিনগুলো, যেমন– বৈসাবি, শান্তিচুক্তি, বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী প্রভৃতিতেও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এর মাধ্যমে একদিকে যেমন তরুণ সম্প্রদায়ের মানসিক বিকাশ ঘটে, অন্যদিকে তারা সমাজের নানাবিধ কুপ্রভাব থেকে মুক্ত থাকে। পার্বত্যাঞ্চলে বসবাসকারী ক্ষুদ্র নৃগোষ্ঠীসমূহের রয়েছে পৃথক পৃথক সংস্কৃতি, যা বাংলাদেশের অন্যান্য অঞ্চলের সংস্কৃতি থেকে অনেকটাই ভিন্ন। তাদের নিজস্ব সাংস্কৃতিক পরিমণ্ডলে এসব প্রতিযোগিতা উৎসাহ-উদ্দীপনার সৃষ্টি করে। এ ছাড়া এসব অনুষ্ঠানের মাধ্যমে উপজাতীয় ও বাঙালিদের মধ্যে সাংস্কৃতিক ঐতিহ্যের আদান-প্রদানের মাধ্যমে সম্প্রীতির বীজ বপিত হয়। সাংস্কৃতিক মনোভাবের বিকাশ সন্ত্রাসী কর্মকাণ্ড ও বিচ্ছিন্নতাবাদী মনোভাব থেকে তরুণদের দূরে রেখে শান্তিচুক্তি বাস্তবায়নে পরোক্ষ ভূমিকা রাখে।

চিত্র-২৩ ও ২৪ : স্কুল ও কলেজ পর্যায়ে সাংস্কৃতিক প্রতিযোগিতা

চিকিৎসা ব্যবস্থার উন্নয়ন

পার্বত্য জেলাসমূহে দীর্ঘদিন ধরে চিকিৎসাসেবার অপ্রতুলতা ছিল । দুর্গম এলাকা ও অবকাঠামোগত উন্নয়নের জটিলতার কারণে যথাযথ চিকিৎসাসেবা প্রদান করা সম্ভবপর ছিল না। বর্তমান সরকারের দক্ষ পরিকল্পনায় পার্বত্যাঞ্চলে চিকিৎসাক্ষেত্রে অবকাঠামোগত প্রভূত উন্নয়ন সাধিত হয়েছে। সরকার হাসপাতাল, কমিউনিটি ক্লিনিক স্থাপন ও পল্লী চিকিৎসক নিয়োগের মাধ্যমে চিকিৎসার সুব্যবস্থা করেছে।

এ ছাড়া সর্বশেষ ৩৩তম বিসিএসের (চিকিৎসা) মাধ্যমে পার্বত্যাঞ্চলে বিপুলসংখ্যক চিকিৎসক নিয়োগ দিয়ে চিকিৎসাসেবাকে পাহাড়িদের দোরগোড়ায় পৌঁছে দিয়েছে। চিকিৎসাসেবায় সেনাবাহিনী দীর্ঘদিন ধরেই সক্রিয় ভূমিকা পালন করে আসছে।

বাংলাদেশ সেনাবাহিনী নিজস্ব চিকিৎসকের মাধ্যমে নিয়মিতভাবে প্রতিটি ক্যাম্প এলাকায় প্রতি মাসে একটি সমন্বিত চিকিৎসাসেবা কার্যক্রম পরিচালনা করে থাকে। এ ছাড়া প্রয়োজন সাপেক্ষে ক্যাম্প এবং জোন এলাকায় যেকোনো সময় যেকোনো রোগীকে চিকিৎসা দেওয়া হয়। সেনাবাহিনীর জোনগুলো নিজ অর্থায়নে বিশেষ চিকিৎসা সহায়তা, যেমন– চক্ষুশিবিরের মাধ্যমে অন্ধদের দৃষ্টিশক্তি ফিরিয়ে দেওয়া, ভ্রাম্যমাণ চিকিৎসা দল প্রেরণের মাধ্যমে দুর্গম এলাকায় চিকিৎসাসেবা পৌঁছে দিয়ে থাকে। সরকারি হাসপাতালগুলোতে চিকিৎসকের উপস্থিতির ব্যাপারে উপজেলা প্রশাসন, জেলা প্রশাসন এবং সিভিল সার্জনের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে চিকিৎসা কার্যক্রম পরিচালনা এবং প্রয়োজনে তাদের নিরাপত্তা নিশ্চিত করে থাকে। সেনাবাহিনী চিকিৎসা কার্যক্রম মূলত তিনটি স্তরে হয়ে থাকে :

- **জোন পর্যায়ে চিকিৎসাসেবা।** ক্যাম্পসমূহে নিয়মিত মাসিক কর্মসূচির আওতায় চিকিৎসাসেবা দেওয়া হয়ে থাকে। জোন সদর থেকে মেডিকেল অফিসার প্রেরণ করে বিপুল সংখ্যক স্থানীয় রোগী বিনামূল্যে চিকিৎসা ও ওষুধ পেয়ে থাকেন। এর মাধ্যমে স্থানীয় জনগণ নিয়মিতভাবে চিকিৎসাসেবা পেয়ে থাকেন।

- **ভ্রাম্যমাণ সেনা চিকিৎসাকেন্দ্র।** ক্যাম্পে নিয়মিত কার্যক্রমের পাশাপাশি ভ্রাম্যমাণ সেনা চিকিৎসাকেন্দ্র দ্বারা দুর্গম ও তুলনামূলকভাবে পিছিয়ে পড়া অঞ্চলগুলোতে চিকিৎসাসেবা দেওয়া হয়ে থাকে।

- **বিনামূল্যে চক্ষু চিকিৎসা ক্যাম্পেইন।** পার্বত্যাঞ্চলের জনগোষ্ঠীকে চক্ষুর বিশেষায়িত চিকিৎসা দিতে সেনাবাহিনী কর্তৃক বার্ষিকভাবে বিনামূল্যে চক্ষু চিকিৎসা ক্যাম্পেইনের আয়োজন করা হয়। এসব ক্যাম্পেইনে সেনাবাহিনীর নিজস্ব অর্থায়নে বিশেষ চক্ষু চিকিৎসক দ্বারা বিনামূল্যে চিকিৎসা, ওষুধ প্রদান ও চক্ষু অপারেশন করা হয়ে থাকে।

বিভিন্ন জোন কর্তৃক এক বছরে চিকিৎসাকৃত সাধারণ রোগীর সংখ্যা এবং চক্ষুশিবিরের মাধ্যমে চক্ষু রোগীর সংখ্যা ও চক্ষু অপারেশনকৃত রোগীর সংখ্যা নিম্নরূপ :

সাধারণ রোগী		চক্ষুশিবিরের মাধ্যমে চিকিৎসাকৃত রোগী	
জোনের নাম	রোগীর সংখ্যা	চক্ষু রোগীর সংখ্যা	চক্ষু অপারেশনকৃত রোগীর সংখ্যা
রিজিয়ন সদর	২১৬০০ জন	-	-
লক্ষ্মীছড়ি জোন	৮১০০ জন	৯২৩ জন	৪৫ জন
সিন্দুকছড়ি জোন	৪২০০ জন	-	-
মাটিরাঙ্গা জোন	১৪৪০০ জন	৮০০ জন	৩৬ জন
মোট	৪৮৩০০ জন	১৭২৩ জন	৮১ জন

চিত্র-২৫ : ভ্রাম্যমাণ চিকিৎসাকেন্দ্র

চিত্র-২৬ : জোন পর্যায়ে চিকিৎসা কার্যক্রম

চিত্র-২৭ : চক্ষুশিবির

কর্মসংস্থান সৃস্টি

সেনাবাহিনী তাদের ক্ষুদ্র পরিসরে নিজ ব্যবস্থাপনায় পাহাড়িদের কর্মসংস্থানের সৃষ্টি করে দিচ্ছে। পাহাড়িদের অভিজ্ঞতা কাজে লাগিয়ে এবং পাহাড়ি অঞ্চলে প্রাপ্য কাঁচামাল ব্যবহার করে তাদের আত্মনির্ভরশীল করে গড়ে তোলার জন্য সেনাবাহিনী বিভিন্ন প্রকল্প হাতে নিয়েছে। পার্বত্য এলাকায় মোতায়েনকৃত প্রতিটি রিজিয়নই বিভিন্ন মানবসম্পদ উন্নয়ন কার্যক্রম পরিচালনা করে আসছে। শুধু গুইমারা রিজিয়ন কর্তৃক গৃহীত দু-একটি পদক্ষেপ নিম্নরূপ :

চিত্র-২৮ ও ২৯ : সেনাবাহিনী কর্তৃক পরিচালিত পাহাড়িকা তাঁত প্রকল্প

● **পাহাড়িকা তাঁত প্রকল্প।** লক্ষ্মীছড়ি জোন কর্তৃক পরিচালিত একটি প্রকল্প। এর মাধ্যমে পাহাড়ি নারীরা উলের শাল, মাফলার, ওড়না ও গামছা বানিয়ে থাকে। হাতে তৈরি বলে এগুলো দেখতে যেমন সুন্দর, তেমনি ভিন্ন আবেদন সৃষ্টি করে। এর চাহিদাও প্রচুর। এর মাধ্যমে প্রায় ১০ জন পাহাড়ি নারীর কর্মসংস্থান হয়েছে। পাহাড়িকা-২ নামে এরই মধ্যে আরেকটি প্রকল্প শুরু হয়েছে, যেখানে ৮০ জন পাহাড়ি নারী এসব জিনিস তৈরির প্রশিক্ষণ গ্রহণ করছে। ভবিষ্যতে এই প্রকল্পগুলো স্থানীয় জনপ্রতিনিধি এবং প্রকল্পের সদস্যদের মাধ্যমে পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

● **সেলাই প্রশিক্ষণ।** লক্ষ্মীছড়ি, সিন্দুকছড়ি ও মাটিরাঙ্গা জোন কর্তৃক সেলাই প্রশিক্ষণের মাধ্যমে পাহাড়ি নারীদের আত্মনির্ভরশীল হিসেবে গড়ে তোলার প্রয়াস রয়েছে। প্রশিক্ষণের পর তাদের সেলাই মেশিন দেওয়া হয় যেন তারা নিজেরাই অন্যদের প্রশিক্ষণ দিতে পারে; অর্জিত জ্ঞানের মাধ্যমে নিজ কাপড় সেলাই ছাড়াও ব্যবসাভিত্তিক প্রতিষ্ঠান গড়ে তুলতে পারে। এ ছাড়া কয়েকজনকে নিয়ে একটি সমিতি গঠন করে দেওয়া হয়, যার মাধ্যমে সেলাই কাজের বিস্তার লাভ করে। বিভিন্ন জোন কর্তৃক এক বছরে সেলাই প্রশিক্ষণার্থীর সংখ্যা নিম্নরূপ :

চিত্র-৩০ : সেলাই প্রশিক্ষণ

জোনের নাম	প্রশিক্ষণার্থীর সংখ্যা
লক্ষ্মীছড়ি জোন	১২০
সিন্দুকছড়ি জোন	৯০
মাটিরাঙ্গা জোন	১০১
মোট :	৩১০

● **কম্পিউটার প্রশিক্ষণ।** কম্পিউটার প্রশিক্ষণের মাধ্যমেও সেনাবাহিনী পাহাড়ি জনসাধারণকে কর্মসংস্থানের ব্যবস্থা করে দিচ্ছে। কম্পিউটারে প্রশিক্ষিত হয়ে অনেকেই স্থানীয় বাজারে দোকান খুলে অন্যদের কম্পিউটার প্রশিক্ষণ দিচ্ছে কিংবা বিভিন্ন সংস্থায় কম্পিউটার অপারেটর হিসেবে চাকরি করছে। বিভিন্ন জোন কর্তৃক এক বছরে কম্পিউটার প্রশিক্ষণার্থীর সংখ্যা নিম্নরূপ :

চিত্র-৩১: কম্পিউটার প্রশিক্ষণ

জোনের নাম	প্রশিক্ষণার্থীর সংখ্যা
লক্ষ্মীছড়ি জোন	৯০
সিন্দুকছড়ি জোন	২৯
মাটিরাঙ্গা জোন	৪৮
মোট :	১৬৭

যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন

পার্বত্যাঞ্চলের দুর্গমতা অনেকটা সেনা নির্মাণ বিভাগের দ্বারা রাস্তা নির্মাণের মাধ্যমে বহুলাংশে দূর করা সম্ভব হয়েছে। বান্দরবানের রুমা-থানচি সড়ক, আলীকদম-থানচি সড়ক, আজিজনগর-রুমা সড়ক ইত্যাদি সার্বিকভাবে সেনাবাহিনী কর্তৃক নির্মিত। বর্তমানে বাঘাইহাট-সাজেক সড়কটিও সেনাবাহিনীর দ্বারা নির্মিত হচ্ছে। রাজস্থলী-ফারুয়া-বিলাইছড়ি-জুরাছড়ি-বড়কল সড়কটিও সেনাবাহিনী কর্তৃক নির্মাণের প্রক্রিয়াধীন আছে। রাঙামাটি-চট্টগ্রাম সড়ক, মানিকছড়ি-মহালছড়ি সড়ক, ঘাগড়া-চন্দ্রঘোনা-রাজস্থলী সড়কের মেরামত ও পুনর্বাসন দায়িত্বটিও সেনাবাহিনীর ওপর অর্পিত আছে। এ ছাড়া স্থানীয়ভাবে বিভিন্ন জোনের তত্ত্বাবধানে বেসামরিক প্রশাসন এবং জনসাধারণকে সম্পৃক্ত করে সেনাবাহিনী নিয়মিতভাবে রাস্তার উন্নয়ন, বাঁধ সংস্কারসহ যাতায়াত ব্যবস্থার উন্নয়ন সাধন করে থাকে। কখনো কখনো বিশেষ আনুষ্ঠানিকতার মাধ্যমেও সেনাবাহিনী রাস্তার সংস্কারকাজ করে থাকে। যোগাযোগ উন্নয়ন সপ্তাহ পালন এর মধ্যে উল্লেখযোগ্য।

চিত্র-৩২ ও ৩৩ : সেনাবাহিনী কর্তৃক রাস্তা ও বাঁধ মেরামত

সাম্প্রদায়িক সম্প্রীতি উন্নয়ন

খেলাধুলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন। পার্বত্য চট্টগ্রামে চাকমা, মারমা, ত্রিপুরাসহ নানা উপজাতির বাস। এদের পাশাপাশি প্রচুর বাঙালিও এসব এলাকায় স্থায়ী আবাস গড়ে তুলেছে। পারস্পরিক বিশ্বাস, সৌহার্দ্য ও শ্রদ্ধাবোধই এদেরকে সাম্প্রদায়িক সম্প্রীতির বন্ধনে অবদ্ধ রেখেছে। শান্তিপূর্ণ সহাবস্থান, দৈনন্দিন কার্যক্রম, খেলাধুলা, সাংস্কৃতিক অনুষ্ঠান অন্যান্য জনগোষ্ঠীর সাংস্কৃতিক ও ধর্মীয় বিশ্বাসের প্রতি সম্মান প্রদর্শনই বিভিন্ন নৃগোষ্ঠীর মধ্যে সাম্প্রদায়িক প্রীতির বন্ধন জোরদার করে তোলে। সেনাবাহিনী জোন এবং রিজিয়ন পর্যায়ে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করে থাকে।

এই টুর্নামেন্টগুলো থেকে বাছাইকৃত খেলোয়াড়দের নিয়ে আরও বড় পরিসরে আন্তঃজোন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। খেলাধুলার মাধ্যমে আনন্দ, সম্প্রীতি ও বিনোদনের একটি মেলবন্ধন সৃষ্টি হয়েছে। দক্ষ সংগঠক ও আয়োজক সৃষ্টির পথেও এই টুর্নামেন্টগুলো একেকটি মাইলফলক। পাহাড়ি ও বাঙালিদের সমন্বয়ে বিভিন্ন সময় সেনাবাহিনী কর্তৃক সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়ে থাকে। সাংস্কৃতিক অনুষ্ঠানে বহিরাগত শিল্পীদের দ্বারা কনসার্ট ছাড়াও সব সম্প্রদায়ে নাচ ও গান প্রচার করা হয়ে থাকে। এ ছাড়া এসব সাংস্কৃতিক অনুষ্ঠানে মাদকবিরোধী, সন্ত্রাসবিরোধী, মানব-সম্পদ উন্নয়ন এবং সম্প্রীতি বজায় রাখার জন্য নানা প্রচারণা চালানো হয়ে থাকে।

চিত্র-৩৪ : সাংস্কৃতিক সন্ধ্যা

চিত্র-৩৫ : ভলিবল প্রতিযোগিতা

বৈসাবি উৎসব পালন। পয়লা বৈশাখে চাকমা, মারমা, ত্রিপুরা সম্প্রদায়ের জনসাধারণ বৈসী, সাংগ্রাই ও বিযু উৎসব পালন করে থাকে। এটি তাদের সবচেয়ে বড়

উৎসব। তাদের সঙ্গে একাত্মতা প্রকাশ করার জন্য এবং সাম্প্রদায়িক সম্প্রীতি আরও দৃঢ় করার জন্য রিজিয়নের পক্ষ থেকে বৈসাবি মেলা, কনসার্ট, যাত্রাপালাসহ নানাবিধ অনুষ্ঠানের আয়োজন করা হয়ে থাকে। ১৪২২ বাংলা বছরে একটু ভিন্ন ধারায় বৈসাবি অনুষ্ঠান বৈসাবিন নামে পালন করা হয়। যার ন-দিয়ে বাঙালি সম্প্রদায়ের পয়লা বৈশাখ উদযাপনকে বোঝানো হয়েছে। এটি সাম্প্রদায়িক সম্প্রীতি বৃদ্ধির এক নজিরবিহীন উদাহরণ হয়ে থাকবে। সব সম্প্রদায়ের কাছেই বৈসাবিন নামকরণটি সমাদৃত হয়েছে।

চিত্র-৩৬ : বৈসাবিন র‍্যালি

চিত্র-৩৭ : বৈসাবিন মেলা

চিত্র-৩৮ : বৈসাবিন কনসার্ট

পর্যটনশিল্পের বিকাশ

খাগড়াছড়ির সাজেক পর্যটন এলাকায় সেনাবাহিনী কর্তৃক নির্মিত রিসোর্ট স্থাপন, নীলগিরিতে রিসোর্ট নির্মাণ, কাপ্তাই লেকের পাশে রিসোর্ট নির্মাণ এ পদক্ষেপের উল্লেখযোগ্য বিষয়। এ ছাড়া রিজিয়ন এবং জোন এলাকায় অবস্থিত পর্যটন এলাকা, যেমন– আলুটিলা পর্যটন কেন্দ্র, নুনছড়ি দেবতা পুকুর, বগালেক, বান্দরবান স্বর্ণ মন্দির, চিম্বুক হিল, কাপ্তাই লেক, শুভলং জলপ্রপাত প্রভৃতি পর্যটন এলাকায় পর্যটকদের নিরাপত্তা বিধানের মাধ্যমে সেনাবাহিনী পর্যটনশিল্প বিকাশে অগ্রণী ভূমিকা পালন করছে। পর্যটন-শিল্প বিকাশের দ্বারা স্থানীয় পাহাড়িদের কর্মসংস্থানের ব্যবস্থা হচ্ছে, যা পরোক্ষভাবে জাতীয় অর্থনীতিকে প্রভাবিত করছে। ফলে একদিকে যেমন স্থানীয় ও বেসরকারিভাবে পর্যটন উৎসাহিত হচ্ছে, অন্যদিকে জাতীয়ভাবে পর্যটনশিল্পের আয় ও প্রসার অনেকাংশে বৃদ্ধি পাচ্ছে।



চিত্র-৩৯ : সাজেক পর্যটন এলাকা

চিত্র-৪০ : সাজেক পর্যটন এলাকা

চিত্র-৪১ : নীলগিরি পর্যটন এলাকা

আর্থিক সহায়তা

সেনাবাহিনীর বিভিন্ন জোন কর্তৃক হতদরিদ্র জনসাধারণের মধ্যে বিভিন্ন সময়ে আর্থিক সহায়তা প্রদান করেছে। প্রতি মাসে নিরাপত্তা সম্মেলন শেষে এসব ব্যক্তির মধ্যে অর্থ বিতরণ করা হয়ে থাকে। মেয়ের বিয়ে, সন্তানের শিক্ষার খরচ, গৃহনির্মাণের জন্য টিন, টিউবওয়েল স্থাপন এবং বিশেষ চিকিৎসার জন্য এই অর্থ দেওয়া হয়ে থাকে। এ ছাড়া

বিভিন্ন প্রতিষ্ঠান ও উপাসনালয়ে আর্থিক অনুদান এবং নিজ অর্থায়নে সেনাবাহিনী শীতকালে শীতবস্ত্র ছাড়াও অন্যান্য সরঞ্জাম বিতরণ করে থাকে।

চিত্র-৪২ : অনুদান প্রদান

চিত্র-৪৩ : এনজিওর মাধ্যমে সমন্বয়

চিত্র-৪৪ : শীতবস্ত্র বিতরণ

উপসংহার

অপারেশন উত্তরণের আওতায় বাংলাদেশ সেনাবাহিনীর কাজ হলো পার্বত্য অঞ্চলের নিরাপত্তা বিধান করে বেসামরিক প্রশাসনকে তাদের স্বাভাবিক উন্নয়ন কার্যক্রম পরিচালনায় সহায়তা করা। সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রেখে সন্ত্রাসী কার্যক্রমের পথ থেকে পাহাড়ি জনগোষ্ঠীকে উন্নয়নের পথে নিয়ে আসা। শান্তিচুক্তির পর বর্তমান সরকারের উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে পার্বত্য অঞ্চলে সেনাবাহিনী তাদের ক্ষুদ্র সম্পদ ও জনবল দিয়ে দীর্ঘস্থায়ী ও টেকসই উন্নয়নের জন্য নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। বেসামরিক প্রশাসন ও জনসাধারণকে সম্পৃক্ত করে শিক্ষা, স্বাস্থ্য, কর্মসংস্থান, যাতায়াত ব্যবস্থা এবং দক্ষ জনশক্তি তৈরিতে তারা যে ভূমিকা রাখছে, তা সত্যিই প্রশংসনীয়।

পার্বত্য চট্টগ্রাম বিষয়ে চিন্তাবিদরা সেনাবাহিনীর এহেন কর্মতৎপরতার ভূয়সী প্রশংসা করেছেন। তাঁদের মতে, এই কর্মযজ্ঞ টেকসই ও দীর্ঘস্থায়ী উন্নয়ন তথা শান্তিচুক্তি বাস্তবায়নে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তাঁদেরই কণ্ঠে কণ্ঠ মিলিয়ে পার্বত্য চট্টগ্রাম সম্বন্ধে দীর্ঘদিন ধরে গবেষণার সঙ্গে জড়িত এবং 'পার্বত্য প্রকাশ (অনুসন্ধান)', 'They are not Indigenous,' 'প্রান্তিক উপজাতি ও আদিবাসী' বইগুলোর লেখক আতিকুর রহমান বলেন, 'আজ পর্যন্ত সেনাবাহিনী উপজাতিদের মাঝে যে বিপুল পরিমাণ সেবা কার্যক্রম চালিয়েছে, মূল্যের হিসাবে তার পরিমাণ বহু শতকোটি টাকা অঙ্কের সমান। ওষুধ সরবরাহ, চিকিৎসা, শিক্ষাবৃত্তি, কম্পিউটার ট্রেনিং, শিক্ষার্থীদের বই-পুস্তক দান, লাইব্রেরি ও ক্লাবসমূহে পুস্তক সরবরাহ, ক্রীড়াসামগ্রী প্রদান, কিয়াং ও বিদ্যালয় প্রতিষ্ঠা, আসবাবপত্র দান, অভাবী ও রোগগ্রস্তদের চিকিৎসা ও নগদ সাহায্য, ক্ষতিগ্রস্ত কিয়াং, স্কুলঘর, ক্লাব ও যাত্রী ছাউনি মেরামত ও নির্মাণ, উপদ্রুতদের পুনর্বাসন গৃহনির্মাণ সাহায্য, বীজ, চারা ও আর্থিক অনুদানের দ্বারা কৃষিক্ষেত্রে উৎপাদন সহায়তা ইত্যাদি বিপুল সেবা অবদানকে একত্র করা হলে দেখা যাবে পরিমাণে এসব বিরাট কিছু এবং উপকাররূপেও এসবের অবদান অসামান্য।'

তথ্যসূত্র

১। 'পার্বত্য চট্টগ্রাম শান্তি প্রক্রিয়া ও পরিবেশ পরিস্থিতি মূল্যায়ন' মেজর জেনারেল (অব.) সৈয়দ মোহাম্মদ ইব্রাহীম, বীর প্রতীক।

২। পার্বত্য প্রকাশ (অনুসন্ধান) আতিকুর রহমান– মার্চ ২০১৩ ইং।

৩। পার্বত্য চট্টগ্রাম সমস্যা : আনিসুল হক : এপ্রিল ২০১৪ ইং।

৪। They are not Inbigenous : Atiqur Rahman - March 2013.

৫। প্রান্তিক উপজাতি ও আদিবাসী : আতিকুর রহমান- মার্চ ২০১৩।

৬। দৈনিক প্রথম আলো– ২ ডিসেম্বর ২০১৪ ইং।

৭। দৈনিক প্রথম আলো– ১৯ মার্চ ২০১৫ ইং।

কর্নেল মো. আব্দুল বাতেন, পিএসসি, জি ২২ জুন ১৯৯০ সালে ২২তম দীর্ঘমেয়াদি কোর্সের সঙ্গে বাংলাদেশ সেনাবাহিনীর আর্টিলারি রেজিমেন্টে কমিশন লাভ করেন। তিনি আর্টিলারি রেজিমেন্টের স্টাফ অফিসার ও ব্যাটারি অধিনায়কসহ বিভিন্ন নিযুক্তিতে দায়িত্ব পালন করেন। এ ছাড়া তিনি এনসিওস একাডেমির প্রশিক্ষক, আর্টিলারি ব্রিগেডের জিএসও-৩ (অপারেশন) ও ব্রিগেড মেজর, ডিএএজি (রিক্রুটিং) বিআরইউ, এএজি (কল্যাণ) সেনাসদর, এজির শাখা (কল্যাণ ও পুনর্বাসন পরিদপ্তর) এবং দুটি ফিল্ড রেজিমেন্ট আর্টিলারির অধিনায়ক হিসেবে সফলতার সঙ্গে দায়িত্ব পালন করেন। তিনি আর্টিলারি সেন্টার অ্যান্ড স্কুল, হালিশহর থেকে অফিসার্স গানারি স্টাফ কোর্স ও ডিফেন্স সার্ভিসেস কমান্ড অ্যান্ড স্টাফ কলেজ, মিরপুর থেকে স্টাফ কোর্স সম্পন্ন করেন। তিনি ২০০৪ সালে গণপ্রজাতন্ত্রী কঙ্গোতে স্টাফ অফিসার হিসেবে ও ২০১১ সালে আইভরি কোস্টে ব্যানব্যাট ৩/১৯-এ সিনিয়র অপারেশন্স অফিসার হিসেবে জাতিসংঘ শান্তি মিশনে অংশগ্রহণ করেন। বর্তমানে তিনি বগুড়া শাখা ডিজিএফআই-এ কর্নেল জিএস হিসেবে কর্মরত আছেন।

রানা প্লাজা ভবন ধস : বাংলাদেশের দুর্যোগ ব্যবস্থাপনার নতুন মাত্রা

লে. কর্নেল মোহা. আমিরুল ইসলাম, পিএসসি, আর্টিলারি

'We cannot stop natural disasters but we can arm ourselves with knowledge: so many lives wouldn't have to be lost if there was enough disaster preparedness.'

-Petra Nemcova

ভূমিকা

ভৌগোলিকভাবে বাংলাদেশের যেখানে অবস্থান, সেখানে প্রাকৃতিক দুর্যোগ একটি নিয়মিত ঘটনা। ঘূর্ণিঝড়, টর্নেডো বা বন্যার মতো প্রাকৃতিক দুর্যোগ এ দেশে একটি নিত্যনৈমিত্তিক ব্যাপার। কিন্তু রানা প্লাজা ধসের মতো আংশিক মানবসৃষ্ট দুর্যোগের ঘটনা এ দেশের দুর্যোগ ব্যবস্থাপনায় নতুন ক্ষেত্র উন্মোচন করেছে। ২৪ এপ্রিল ২০১৩, বুধবার অন্যান্য দিনের মতো সাদামাটাভাবেই দিনটি শুরু হয়েছিল। কিন্তু দিনের শুরুতেই সাভার বাজারের রানা প্লাজা নামের নয়তলা বাণিজ্যিক ভবন ধসে সহস্রাধিক লোকের মৃত্যু এই সাধারণ দিনটিকে এক কালো দিবসে পরিণত করে। ভবনের অভ্যন্তরে কর্মরত হতভাগ্য এতগুলো লোকের রক্ত ২৪ এপ্রিল ২০১৩ দিনটিকে ইতিহাসের পাতায় লালরঙে রঞ্জিত করেছে।

দেশের ক্রান্তিলগ্নে, মানবতার খাতিরে একটি জাতি যে কীভাবে ঐক্যবদ্ধ হতে পারে, রানা প্লাজা ধসের ঘটনা তার একটি প্রকৃষ্ট উদাহরণ। এ দুর্যোগ মোকাবিলায় সেনাবাহিনীর পাশাপাশি অংশ নেওয়া এনাম মেডিকেল কলেজ ও হাসপাতাল বিশেষত, তাদের চিকিৎসকগণ, হাজারো স্বেচ্ছাসেবক, কর্মী, রিকশাওয়ালা, ওষুধ কোম্পানি থেকে শুরু করে সংশ্লিষ্ট সবার নিরলস পরিশ্রম ও অক্লান্ত প্রচেষ্টা আজও চোখের সামনে জ্বলজ্বল করে। সকলের সম্মিলিত প্রচেষ্টায় এরূপ ভয়াবহ দুর্যোগ মোকাবিলার একটি সফল পরিসমাপ্তি ঘটে, যা ভেবে আমরা সকলেই গর্ববোধ করতে পারি। এ সফল পরিসমাপ্তির পেছনে ধারাবাহিক অসংখ্য ঘটনা লিখে শেষ করা যাবে না। রানা প্লাজা ভবনে আটকে পড়া অসহায় মানুষের বীভৎস ও মর্মান্তিক পরিণতি সবার মনে বহুদিন দাগ কেটে থাকবে। নারী-পুরুষ নির্বিশেষে তাদের হাত-পা, শরীরের বিভিন্ন অঙ্গ-প্রত্যঙ্গ যেভাবে নয়তলা ভবনের ধ্বংসের স্তূপের নিচে চাপা পড়ে ছিল, তা থেকে মুক্তি পাওয়া নেহাত ভাগ্যের ব্যাপার। আহত লোকদের করুণ আর্তনাদ ও উদ্ধার পাওয়ার আকুতিতে উদ্ধারকর্মীরা মরিয়া হয়ে ওঠেন এবং আল্লাহর অশেষ কৃপায় তাঁরা বড় বড় বোল্ডার কেটে, ধ্বংসস্তূপ সরিয়ে তাঁদের উদ্ধার করতে সমর্থ হন। বাঙালি জাতি আবারও প্রমাণ করল, যত বড় বিপদই আসুক না কেন, ঐক্যবদ্ধ বাংলাদেশ তা মোকাবিলার সামর্থ্য রাখে। আশা করা যায়, রানা প্লাজার উদ্ধার অভিযানের অভিজ্ঞতা ভবিষ্যৎ উদ্ধারকর্মীদের জন্য যেকোনো দুর্যোগ মোকাবিলায় উৎসাহ-উদ্দীপনার উৎস হিসেবে কাজ করবে।

এই লেখনীর মাধ্যমে প্রাকৃতিক ও মানবসৃষ্ট দুর্যোগের ক্ষেত্রে বাংলাদেশের প্রেক্ষাপট বিবেচনায় রেখে 'রানা প্লাজা ভবন ধস'-এর মর্মান্তিক ঘটনাটি বিশ্লেষণ করে এর শিক্ষা হতে ভবিষ্যৎ দুর্যোগ মোকাবিলায় আমাদের প্রয়োজনীয় প্রস্তুতির বিষয়ে আলোকপাতের একটি প্রচেষ্টা নেওয়া হয়েছে।

রানা প্লাজা ধস : সেই দুঃসহ স্মৃতি

বাংলাদেশের তৈরি পোশাক কারখানার ইতিহাসে রানা প্লাজা ধসের ঘটনাটি সবচেয়ে মর্মান্তিক ও হৃদয়বিদারক। শুধু তা-ই নয়, আধুনিক সভ্যতার ইতিহাসে কাঠামোগত ত্রুটির কারণে ভবন ধসের ক্ষেত্রেও সম্ভবত এরূপ ঘটনা বিরল। একাধিক তৈরি পোশাক কারখানা, একটি ব্যাংক, আবাসিক অ্যাপার্টমেন্ট এবং আরও দোকান নিয়েই রানা প্লাজার অবস্থান। ভবনে ফাটল চিহ্নিত করামাত্রই ভবনের নিচতলায় অবস্থিত দোকান ও ব্যাংক বন্ধ করে দেওয়া হয়েছিল। দুর্ঘটনার মাত্র একদিন আগে ভবন ব্যবহার না করার জন্য জারি করা সতর্কতা উপেক্ষা করে তৈরি পোশাক কারখানার কর্মীদের কাজে আসতে বাধ্য করা হয়। তৈরি পোশাক কারখানার কর্তৃপক্ষ বলপূর্বক কর্মীদের ভবনের ভেতরে প্রবেশ করানোর কিছুক্ষণের মধ্যেই ভবনটি ধসে পড়ে। রানা প্লাজার আর্কিটেক্ট মাসুদ রেজা বলেন, 'ভবনটি শুধু দোকান ও অফিসের জন্য পরিকল্পনা করা হয়েছিল, কারখানার জন্য নয়।' অন্য আর্কিটেক্টরাও দোকান ও অফিসের জন্য ডিজাইনকৃত ভবনের অভ্যন্তরে কারখানা স্থাপনের আসন্ন বিপদসমূহ সম্পর্কে জোর দেন। তাঁরা আরও লক্ষ করেন, ভবনটির কাঠামো কারখানার ভারী যন্ত্রপাতির কম্পন ও অতিরিক্ত ওজন বহনের মতো শক্তিশালী ছিল না। ২৪ এপ্রিল সকালে বিদ্যুৎ চলে গেলে ভবনটির নয়তলায় অবস্থিত ডিজেল জেনারেটরটি চালু করা হয়। সকাল ৮টা ৫৭ মিনিটে শুধু নিচতলা ছাড়া সম্পূর্ণ ভবনটি ধসে পড়ে। বিশেষজ্ঞরা ভবনটি ধসের পেছনে নিম্নোক্ত কারণগুলো চিহ্নিত করেছেন :

- ভবনটি একটি পুকুর ভরাট করে অনুমোদন ব্যতীত তৈরি করা হয়েছিল।
- ভবনটিকে অনুমোদিত বাণিজ্যিক কাজের পরিবর্তে (যার জন্য পরিকল্পনা অনুমোদন করা হয়েছিল) অনুমোদিত তৈরি পোশাক কারখানার কাজে ব্যবহার করা হচ্ছিল।
- পরিকল্পিত ছয়তলার ভবনে নিয়মবহির্ভূতভাবে অতিরিক্ত তিনতলা তৈরি করা হয়েছিল।
- নিম্নমানের নির্মাণসামগ্রী দ্বারা ভবন নির্মাণ করার ফলে নয়তলায় জেনারেটর চালু করার পর সৃষ্ট কম্পনের কারণে বর্ধিত ভার ভবনের দুর্বল কাঠামো ধরে রাখতে অক্ষম ছিল।

ভবন ধসের আনুমানিক ২০ মিনিটের মধ্যে ৯ পদাতিক ডিভিশন তার মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং পর্যবেক্ষক দল এবং একটি উদ্ধারকারী কোম্পানিকে ঘটনাস্থলে পাঠায়। ঘটনাস্থল দেখে অবিশ্বাস্য বলে মনে হয় যে, একটি নয়তলা ভবন ধসে কীভাবে দোতলা উচ্চতার ভবনে পরিণত হতে পারে। হাজার হাজার মানুষ ভবনের নিচে চাপা পড়ে হতাহত হয়েছে আর কিছু মানুষ মৃত্যুফাঁদে আটকা পড়ে তখনও মৃত্যুর প্রহর গুনছে। মৃত্যুর গন্ধে বাতাস ভারী হয়ে আসছে। দুর্যোগস্থলে আটকে পড়া মানুষের হাজারো পরিবারের ভিড়। সম্পূর্ণ পরিস্থিতি বিবেচনা করে উদ্ধারকাজ দুই পর্বে সম্পন্ন করার সিদ্ধান্ত নেওয়া হয়। প্রথম পর্বে খালি হাতে উদ্ধারকাজ ও দ্বিতীয় পর্বে যান্ত্রিক উদ্ধারকাজ। দুর্ঘটনাস্থলে একটি কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ খোলা হয়, যা সম্পূর্ণ উদ্ধার অভিযানে ২৪ ঘণ্টা খোলা ছিল। সরকারি-বেসরকারি উদ্ধারকর্মীদের সমন্বিতভাবে উদ্ধার অভিযানে অংশগ্রহণের ক্ষেত্রে কেন্দ্রীয় নিয়ন্ত্রণ সদর দপ্তর এক অনবদ্য ভূমিকা পালন করে। একনাগাড়ে ২৪ দিন উদ্ধার অভিযান পরিচালিত হয়। এ উদ্ধার অভিযানে সেনা

কর্তৃপক্ষ তার লোকবল ও যন্ত্রপাতিসহকারে উপস্থিত সর্বোচ্চ শক্তি নিয়োগ করে। বাংলাদেশ সেনাবাহিনী, বিশেষ করে ৯ পদাতিক ডিভিশন এ উদ্ধার অভিযানে মুখ্য ভূমিকা পালন করে। ৯ পদাতিক ডিভিশনের নেতৃত্বে সেনা, নৌ ও বিমান বাহিনী, পুলিশ, আনসার-ভিডিপি, সরকারি-বেসরকারি সংস্থা, বিভিন্ন এজেন্সি ও স্বেচ্ছাসেবী সমন্বয়ে গঠিত যৌথ বাহিনীর অক্লান্ত পরিশ্রমে উদ্ধার অভিযান সাফল্যজনকভাবে সম্পন্ন হয়। দুর্ঘটনাস্থলের ভয়াবহতা প্রকাশে কিছু চিত্র নিম্নে দেওয়া হলো :

রানা প্লাজার অবস্থান | রানা প্লাজার ভবন ধস

দুর্ঘটনাস্থলের পার্শ্বচিত্র

ধসে পড়া ভবনের পার্শ্বচিত্র

দুর্ঘটনার ক্ষয়ক্ষতির বিবরণ নিম্নে প্রদত্ত হলো :

- **হতাহতের বিবরণ**
  - সর্বমোট জীবিত উদ্ধার - ২৪৩৮ জন
  - হাসপাতালে মৃতের সংখ্যা - ১৭ জন

- অবশিষ্ট জীবিত উদ্ধার - ২৪২১ জন
- ঘটনাস্থল থেকে উদ্ধারকৃত মরদেহ - ১১১৫ জন
- হাসপাতাল থেকে মৃতদেহ গ্রহণ - ১৭ জন
- সর্বমোট উদ্ধার (২৪২১+১১৩২) - ৩৫৫৩ জন

● **অন্যান্য বিবরণ**

- নিখোঁজ - ২৬১ জন
- অজ্ঞাত হিসেবে মৃতদেহ দাফন - ২৯১ জন
- বর্তমানে বিভিন্ন হাসপাতালে ভর্তি - ২২ জন
- স্থায়ীভাবে অক্ষম রোগী - ৪৬ জন
- অঙ্গচ্ছেদ রোগী - ২৫ জন
- দীর্ঘস্থায়ী চিকিৎসা চাহিদার রোগী - ১৫০ জন
- দীর্ঘস্থায়ী সহায়তা প্রয়োজন এমন রোগী - ২২১ জন

উদ্ধার অভিযানে বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক নিয়োজিত জনবল ও সরঞ্জামাদির সারসংক্ষেপ নিম্নরূপ :

ক্রমিক	সেনাবাহিনীর ফরমেশন	জনবল	সামগ্রী	মন্তব্য
১।	৯ পদাতিক ডিভিশন	৩৯৯৭	১xখননকারী যন্ত্র, ১xফর্কলিফটার, ১xক্রেন, ৩xডাম্পার, ১xডোজার, ১xলোডার, ১xলাইট টাওয়ার, ৪xঅ্যাম্বুলেন্স, ১xজেনারেটর, ১xকংক্রিট কাটার, ৩xরড কাটার।	
২।	১৪ স্বতন্ত্র ইঞ্জি. ব্রিগেড	৬০৫	১xপারসোনাল লোকেশন সিস্টেম, ১xশ্বাসপ্রশ্বাস যন্ত্র, ১xহাইড্রোলিক যন্ত্র, ৪xজেনারেটর, ৭xকাটার, ৩xচলমান লাইট টাওয়ার, ১০xশাবল, ৯xকম্পক, ৫xস্প্রেডার, ৮xহ্যামার, ২xহুইল ডোজার, ২xট্রান্সপোর্ট, ২xখননকারী যন্ত্র, ৮xএয়ার লিফটিং ব্যাগ, ১xএয়ার কমপ্রেসার, ২xচেইন, ২xগ্রাইন্ডিং মেশিন, ২xগ্যাস কাটার।	
৩।	১৮ ইঞ্জি. ব্যাটালিয়ন	৫৮	১০xগ্যাস কাটার, ৫xকংক্রিট ব্রেকার, ৪xরিচার্জেবল সার্চলাইট, ২xজেনারেটর, ১xহাইড্রোলিক জ্যাক এবং অন্যান্য কাটার যন্ত্র।	
৪।	এসডব্লিউও (পশ্চিম)	১৯৩	১০xহিট টি ও বোচ, ৬০০xহেলমেট, ৪০০xগ্লোভস, ৩০xটর্চ, ৩৫xমাস্ক।	
৫।	লজিস্টিক এরিয়া	৩১		
৬।	৪৬ স্বতন্ত্র পদা. ব্রিগেড	১১		
সর্বমোট	সেনাবাহিনী	৪৮৯৫		

নিজের জীবনের মায়া ত্যাগ করে ভাঙা বোল্ডারের অসহ্য আঘাত প্রতিহত করে শত শত উদ্ধারকর্মী রানা প্লাজার ধ্বংসাবশেষ হতে আটকে পড়া অসহায় মানুষকে উদ্ধার করতে সমর্থ হন। স্বেচ্ছাসেবীরাই দুর্ঘটনাস্থলে প্রথমে উদ্ধারকাজ শুরু করেন।

উদ্ধারকাজের প্রাতিষ্ঠানিক শিক্ষা ও অভিজ্ঞতা না থাকলেও এই স্বেচ্ছাসেবীরা তাঁদের প্রচলিত-অপ্রচলিত ও উদ্ভাবিত পদ্ধতিতে এ বিশাল ধ্বংসস্তূপ থেকে আটকে পড়া মানুষকে উদ্ধার করতে ঝাঁপিয়ে পড়ে। এটা বলার অপেক্ষা রাখে না যে, সব দুর্বলতা ছাপিয়ে তাদের উৎসাহ-উদ্দীপনা, আগ্রহ, সহমর্মিতা তথা মাতৃভূমির প্রতি ভালোবাসাই উদ্ধারকাজে মুখ্য ভূমিকা পালন করে, যার ফলে তাঁরা নিজের জীবন বিপন্ন করেও অন্যের জীবন বাঁচানোর মহৎ কাজ সম্পন্ন করতে সমর্থ হয়। আশ্চর্যের বিষয়, কিছু আহত ব্যক্তি, যাঁদের দুর্ঘটনার প্রথম দিকে ধ্বংসস্তূপ থেকে উদ্ধার করা হয়েছে, তাঁরাও প্রাথমিক চিকিৎসা নিয়েই উদ্ধার অভিযান ঝাঁপিয়ে পড়েন।

উদ্ধার অভিযানের সম্মিলিত প্রচেষ্টা

নেপোলিয়ন হিল যথার্থই বলেছেন, 'During times of disaster sorrow brings people together in a spirit of friendship, and influences man to recognise the blessings of becoming his brother's keeper.' অভিযানের প্রথম থেকেই দুই সহস্রাধিক সৈনিক দুর্ঘটনাকবলিত ব্যক্তিদের উদ্ধারে ও ভাঙা ইটের টুকরা অপসারণে নিয়োজিত ছিল। প্রকৃতপক্ষে উদ্ধার অভিযানের গতি বৃদ্ধি পায় যখন ফায়ার ব্রিগেড, পুলিশ, আনসার-ভিডিপি, রেড ক্রিসেন্ট, বেসামরিক স্বেচ্ছাসেবী সংস্থা ও সাধারণ জনগণ সেনাবাহিনীর উদ্ধার দলের সঙ্গে উদ্ধারকাজে যোগ দেয়। এখানে উল্লেখ করা দরকার যে, অতীব জরুরি প্রয়োজনের সময় প্রায় ২০টি বেসরকারি সংগঠন জরুরি ত্রাণ, চিকিৎসা, অক্সিজেন, লাইট এবং ভারী উদ্ধারকাজের যন্ত্রপাতিসহকারে এগিয়ে আসে। প্রকৃতপক্ষে উদ্ধারকাজে এসব সংগঠনের অবদান ভাষায় প্রকাশ সম্ভব নয়। বিশেষ ধরনের ধসের কারণে (প্যানকেক টাইপ) ধ্বংসস্তূপের নিচে আটকে পড়া শত শত লোককে উদ্ধারের জন্য কোনো পার্শ্ব থেকেই দুমড়ে যাওয়া রানা প্লাজার কাছে পৌঁছানো সম্ভব হচ্ছিল না। এ জন্য উদ্ধারকারী দল মেঝেতে ও পার্শ্ববর্তী আরএস টাওয়ারের দেয়াল ছিদ্র করে ধ্বংসস্তূপে আটকে পড়া ব্যক্তিদের কাছে পৌঁছাতে চেষ্টা করে। প্রথম দিকে এটা হাতের সাহায্যে করা হলেও কাজের ধীরগতির কারণে কিছু সাধারণ কিন্তু অত্যন্ত কার্যকর যন্ত্র, যেমন– রডকাটার, ওয়ালকাটার, হাতুড়ি ইত্যাদির প্রয়োজন তীব্রভাবে অনুভূত হচ্ছিল। বাস্তবে ওই যন্ত্রগুলো উদ্ধারকর্মীদের কাছে থাকলেও প্রয়োজনের তুলনায় তা ছিল খুবই নগণ্য। অবশেষে বিষয়টি লাউড স্পিকারের মাধ্যমে ঘোষণা করা হলো এবং উপস্থিত সকলে যার যা কিছু আছে তা-ই নিয়ে হাজির হন। এসব যন্ত্রপাতির বেশির ভাগই ছিল স্ব-উদ্ভাবিত কাটিং ও ডিগিং টুলস।

বুয়েটের বিশেষজ্ঞ দলের অভিজ্ঞ মতামতের ভিত্তিতে প্রথম দিকে সম্পূর্ণ উদ্ধার অভিযান খালি হাতে পরিচালনা করতে হয়েছে। বিশেষজ্ঞগণ সতর্ক করে দিয়ে বলেন, 'যদি উদ্ধার অভিযানে ভাঙা সিলিং সরাতে ক্রেন ও ভারী সরঞ্জামাদি ব্যবহার করা হয়, তাহলে ধ্বংসস্তূপের নিচে আটকে পড়াদের জীবিত উদ্ধার করার সম্ভাবনা কমে আসবে।' এ জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ তখন পর্যন্ত যেসব জীবিত ব্যক্তিকে উদ্ধারের সম্ভাবনা রয়েছে, তাদের জীবনকে ঝুঁকির মুখে ফেলতে চাননি।

সময়ের সঙ্গে সঙ্গে মৃত্যুর সংখ্যা বাড়তে থাকলেও এটা পরিষ্কার ছিল যে, একজন জীবিত লোক উদ্ধারের সুযোগ থাকলেও খালি হাতে উদ্ধারকাজ পরিচালনা করা হবে। উদ্ধারকাজের কিছু চিত্র নিম্নে দেওয়া হলো :

সম্মিলিত উদ্ধার প্রচেষ্টা ত্বরান্বিতকরণ

ধ্বংসপ্রাপ্ত বিল্ডিংয়ের ছাদ ছিদ্র করে একজন স্বেচ্ছাসেবক রানা প্লাজার ধ্বংসস্তূপ থেকে একটি মৃতদেহ বের করে নিয়ে আসছেন

কেন্দ্রীয় সমন্বয় কক্ষ উদ্ধার অভিযানে নিয়োজিত ব্যক্তিবর্গ, সশস্ত্র বাহিনী, বেসামরিক, সরকারি ও বেসরকারি সংগঠনসহ সবার কার্যক্রমের সমন্বয় ও নিয়ন্ত্রণ করে। প্রথম দিকে উদ্ধার অভিযানে নিয়োজিত বিভিন্ন পক্ষের মধ্যে সমন্বয়হীনতা পরিলক্ষিত হলেও সময়ের সঙ্গে সঙ্গে সকলে একই মহৎ উদ্দেশ্য সামনে রেখে একসঙ্গে কাজ করেছে।

উদ্ধারকারী দল খালি হাতে উদ্ধার ও যান্ত্রিক উদ্ধার উভয় কাজই সমানভাবে সমন্বয় করে। যেহেতু উদ্দেশ্য ছিল সর্বোচ্চ সংখ্যক জীবিত ব্যক্তিকে উদ্ধার করা, তাই ম্যানুয়াল ও যান্ত্রিক উদ্ধার দুটোই একসঙ্গে না চালিয়ে একটির পর একটি পরিচালনা করা হয়েছে। নিঃসন্দেহে উদ্ধার অভিযানে অংশগ্রহণকারী সংগঠন ও সব পক্ষ তাদের মানবিক দৃষ্টিভঙ্গি ও সর্বাত্মক সহায়তার জন্য আকুণ্ঠ প্রশংসার দাবিদার। আরও প্রশংসার দাবি রাখে প্রাণপ্রিয় মাতৃভূমির সাধারণ জনগণ, যারা স্বেচ্ছায় নিজ উদ্যোগে হাতের কাছে যা কিছু ছিল তা নিয়েই উদ্ধার অভিযানে ঝাঁপিয়ে পড়ে।

ধ্বংসপ্রাপ্ত বিল্ডিংয়ের ছাদ ছিদ্র করে একজন স্বেচ্ছাসেবক রানা প্লাজার ধ্বংসস্তূপ থেকে একটি মৃতদেহ বের করে নিয়ে আসছেন

প্রাকৃতিক দুর্যোগের ব্যাপারে সিলভিয়া মেথিউস ব্রুয়েল বলেন, 'While natural disasters capture headlines and national attention short-term, the work of recovery and rebuilding is long-term.' তার পরও উদ্ধারকাজ, পুনরুদ্ধার ও পুনর্বাসন করার পরও সশস্ত্র বাহিনীর কাজ এখানেই শেষ নয়। এ ছাড়া ক্ষতিগ্রস্ত জনগণ অনেক আশায় বসে থাকে এর প্রতিদান বা ক্ষতিপূরণ হিসেবে কিছু পেতে। এর ফলে ক্ষতিগ্রস্তদের চাহিদা পূরণে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করা হয় :

- উদ্ধারকৃত, অক্ষম, হারানো ও ক্ষতিগ্রস্ত লোকদের সঠিক প্রতিবেদন হালনাগাদকরণ।
- পুনর্বাসন ব্যবস্থায় সর্বাত্মক সাহায্য।
- অনুদানের টাকা প্রদান ত্বরান্বিত করা।

রানা প্লাজার ঘটনায় প্রচারমাধ্যমের ভূমিকা

রানা প্লাজা দুর্ঘটনায় প্রচারমাধ্যমের শক্তিশালী ভূমিকার কারণে উদ্ভূত পরিস্থিতি উত্তরণে সমগ্র জাতি ঐক্যবদ্ধ হয়। এ ঘটনায় সেনাবাহিনী ও প্রচারমাধ্যমের সম্পর্ক ভবিষ্যতের জন্য উদাহরণ হয়ে কাজ করবে, যেখানে উভয়ে পাশাপাশি থেকে নিজস্ব দায়িত্ব কার্যকরভাবে পালন করবে। সেনাবাহিনী ও প্রচারমাধ্যমের সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক সেনাবাহিনীকে তার দায়িত্ব পালনে ভীষণভাবে সহায়তা করে। দুর্যোগ ব্যবস্থাপনায় প্রচারমাধ্যম অন্যতম একটি ভূমিকা পালন করে, যা মূলত প্রচারমাধ্যম ও দুর্যোগ ব্যবস্থাপনায় নিয়োজিতদের মাঝে কেমন সম্পর্ক, তার ওপর নির্ভর করে। যদি এ সম্পর্ক ভালো হয়, তাহলে উভয়ই উপকৃত হতে পারে। দুর্যোগের সময় মিডিয়া উপস্থিত হবে, এটাই স্বাভাবিক।

রানা প্লাজা দুর্ঘটনার পর প্রতিটি মুহূর্তের তথ্য জনগণের সামনে তুলে ধরতে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সেনাবাহিনীর ৯ পদাতিক ডিভিশনের সমন্বয়কারী সেল প্রতিনিয়ত একজন দক্ষ অফিসারের মাধ্যমে প্রতিটি মুহূর্তের ব্রিফিং দিয়েছে। মিডিয়া, স্বেচ্ছাসেবক, বিভিন্ন সংস্থা ও হাসপাতাল উদ্বুদ্ধ করেছে উদ্ধারকাজ ও চিকিৎসাকাজে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করতে। এই উদ্ধারকাজে দেশ-বিদেশ থেকে অনেক লোক অংশগ্রহণ করেছে। ঘটনাস্থলের কাছেই এনাম মেডিকেল কলেজ যে পরিমাণ ক্ষতিগ্রস্তদের চিকিৎসায় এগিয়ে এসেছে, তা অন্যান্য মেডিকেল সংস্থার জন্য একটি উদাহরণস্বরূপ। দুর্যোগ উত্তরণে জাতিকে একীভূত করার জন্য মিডিয়া দুর্ঘটনাস্থল থেকে উদ্ধার অভিযান সরাসরি সম্প্রচার করে। ভবিষ্যতে সচেতনতা বৃদ্ধিতে মিডিয়া রানা প্লাজা ধসের কারণ ও প্রতিকার বিষয়ে যথেষ্ট আলোচনার ব্যবস্থা করে।

দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে অন্যান্য দেশের উদাহরণ

চীন প্রায়ই বিভিন্ন প্রাকৃতিক ও মানবসৃষ্ট দুর্যোগের মুখোমুখি হয়। এ ধরনের দুর্যোগ মোকাবিলায় তাদের ভালো মানের যন্ত্রপাতি ও 'কুইক রেসপন্স ফোর্স' রয়েছে। তদুপরি ২০০৮ সালে 'ওয়েন চুয়েন' ভূমিকম্প তাদের দুর্যোগ ব্যবস্থাপনার দুর্বলতাকে চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেয়। যথেষ্ট আধুনিক যন্ত্রপাতি এবং অভিজ্ঞ জনবল থাকা সত্ত্বেও তারা দক্ষতার সঙ্গে দুর্যোগ মোকাবিলায় ব্যর্থ হয়। ফলে মৃত্যুর সংখ্যা আনুমানিক ৭০,০০০ পার হয়ে যায়।

২০১৪ সালে ভারতের চেন্নাই ভবন ধসের ঘটনা সাম্প্রতিক সময়ের আরেকটি উদাহরণ। ১১ তলা ভবন ধসের ঘটনায় অন্ততপক্ষে ৬২ জন প্রাণ হারান এবং বহু লোক আহত হন। ভারত সরকার আধুনিক রিকভারি যন্ত্রের সাহায্যে বিপদ কাটিয়ে ওঠে। এর সঙ্গে তুলনা করলে সীমিত কারিগরি প্রশিক্ষণ ও যন্ত্রপাতি নিয়ে বাংলাদেশ রানা প্লাজা ধসের উদ্ধারকাজে যথেষ্ট পরিপক্কতার পরিচয় দেয়। এটা শুধু সম্ভব হয়েছে এ দেশের কৃতী সন্তানদের আত্মোৎসর্গিক মনোভাব, কঠিন পরিশ্রম ও অকৃত্রিম দেশপ্রেমের কারণে।

উদ্ধার অভিযান পরিচালনায় বাধা ও সীমাবদ্ধতা

রানা প্লাজা উদ্ধার অভিযানের বাধা ও সীমাবদ্ধতাসমূহ নিম্নরূপ :

- এ ধরনের উদ্ধার অভিযানে অংশ নেওয়ার জন্য পর্যাপ্ত প্রশিক্ষিত জনবলের

স্বল্পতা (বিশেষত কাঠামোগত ধসের উদ্ধার অভিযানের প্রশিক্ষণ)।

- পর্যাপ্ত উদ্ধার যন্ত্রপাতির অভাব (হালকা ও ভারী)।
- দুর্যোগ ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট সবার মাঝে সমন্বয় সাধন অত্যন্ত কঠিন ছিল।
- উদ্ধার যন্ত্রপাতির স্বল্পতা উদ্ধার অভিযানের অগ্রগতিকে বাধাগ্রস্ত করে।
- স্বেচ্ছাসেবকদের উদ্ধার অভিযানে অংশ নেওয়ার জন্য পর্যাপ্ত প্রশিক্ষণের অভাব।
- যথাযথ যোগাযোগ ব্যবস্থার অনুপস্থিতিতে বিভিন্ন সংস্থার মধ্যে তথ্য আদান-প্রদান ও সমন্বয়ে বিঘ্ন সৃষ্টি হয়।

কিছু লক্ষণীয় বিষয়

পোশাক শ্রমিকদের সঠিক সংখ্যা নিরূপণ। উদ্ধার অভিযানে প্রধানত যে বিষয়টি প্রকট হয়ে দেখা দেয় তা হচ্ছে দুর্ঘটনাকালে রানা প্লাজায় কর্মরত শ্রমিকদের সঠিক সংখ্যা নিরূপণ। বিজিএমইএ থেকে রানা প্লাজায় কর্মরত শ্রমিকদের সঠিক তালিকা না পাওয়ায় ঠিক কতজন শ্রমিক ধ্বংসস্তূপের নিচে আটকে আছেন, তা নিরূপণ করা সম্ভব হচ্ছিল না। তা ছাড়া কর্মরত শ্রমিকদের সঠিক সংখ্যা পাওয়ার চেষ্টায় উদ্ধার অভিযানের নানা ধাপে বিভিন্ন অফিসের কম্পিউটারে শ্রমিকদের তালিকা খোঁজার চেষ্টা অব্যাহত ছিল। এটা আন্তরিকভাবে অনুভূত হয়েছে যে, বিজিএমইএ কর্তৃক একটি ডিজিটাল ডাটা ব্যাংক স্থাপন করা উচিত, যাতে যে কেউ যেকোনো সময় জানতে পারেন কোন পোশাক কারখানায় ওই মুহূর্তে ঠিক কতজন শ্রমিক কর্মরত আছেন। এর ফলে ডিজিটাল ডাটা ব্যাংক উদ্ধার অভিযানে যথেষ্ট সহায়তা করতে পারবে এবং পোশাকশিল্পের কার্যক্রমে স্বচ্ছতা আসবে।

নিরাপত্তা ও সুরক্ষা। দ্বিতীয় উদ্বেগের বিষয়টি হচ্ছে, যারা দেশের আর্থিক উন্নয়নে নিরলস পরিশ্রম করে যাচ্ছেন, সেই পোশাক শ্রমিকদের সামাজিক ও আর্থিক সুরক্ষার অভাব। তাঁদের কাছ থেকে সর্বোচ্চ সুবিধা পেতে হলে তাঁদের সামাজিক ও আর্থিক নিরাপত্তার পাশাপাশি নিরাপদ কর্মক্ষেত্র নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সবাইকে যথেষ্ট নজর দিতে হবে। পোশাকশিল্পের সঙ্গে সংশ্লিষ্ট সব পক্ষ, যেমন– মালিক, শ্রমিক, ক্রেতা, বিজিএমইএ এবং সরকারকে পোশাকশিল্পের সব সমস্যার সমাধানে আন্তরিকভাবে কাজ করে যেতে হবে।

শিক্ষণীয় বিষয়সমূহ

রিচার্ড ব্যাজ বলেন, 'There's no disaster that can't become a blessing, and no blessing that can't become a disaster.' দুর্যোগ মোকাবিলায় আমাদের সীমাবদ্ধতা ও সমস্যা দূরীকরণে রানা প্লাজা উদ্ধার অভিযান থেকে আমরা যথেষ্ট শিক্ষা লাভের সুযোগ নিতে পারি। অসংখ্য শিক্ষণীয় বিষয়ের মধ্য থেকে কতিপয় গুরুত্বপূর্ণ বিষয় নিম্নে বর্ণিত হলো :

● বড় পরিসরে উদ্ধার অভিযান পরিচালনায় সংশ্লিষ্ট সব পক্ষের যথেষ্ট প্রশিক্ষণ প্রয়োজন।

● এ ধরনের উদ্ধার অভিযান পরিচালনার জন্য যথাযথ যন্ত্রপাতি থাকা প্রয়োজন (ভারী ও হালকা)।

● প্রাথমিক কাজ শুরু করার জন্য হাতের ব্যবহার উপযোগী কিছু যন্ত্রের তালিকা প্রস্তুতকরণ এবং তালিকা অনুযায়ী তাৎক্ষণিক উদ্ধারকারী দলের কাছে তা জোগান দেওয়া।

● কাঠামোগত ধসের (Stuctural Collapse) উদ্ধার অভিযান দুর্যোগ মোকাবিলার এসওপির অন্তর্ভুক্ত নয় বিধায় পরিবর্ধন ও পরিমার্জন প্রয়োজন।

● সকল বহুতল/বাণিজ্যিক ভবনে জরিপ চালানো এবং প্রয়োজনে সংস্কার করা উচিত।

● আবাসিক এলাকায় পোশাক কারখানা এবং বাণিজ্যিক ভবন তৈরির অনুমতি দেওয়া উচিত নয়।

● এ ধরনের উদ্ধার অভিযান, যেখানে সরকারি-বেসরকারি অনেক সংস্থা একসঙ্গে কাজ করছে, সেখানে একটি সুনির্দিষ্ট আদেশ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা থাকা উচিত।

● স্বেচ্ছাসেবকদের যথেষ্ট প্রশিক্ষণের ব্যবস্থা করা উচিত।

● এ ধরনের দুর্যোগ মোকাবিলায় সশস্ত্র বাহিনী, ফায়ার সার্ভিস এবং সিভিল ডিফেন্স, অন্যান্য সরকারি সংস্থা ও স্বেচ্ছাসেবকদের সমন্বয়ে একটি টাস্কফোর্স গঠন করা উচিত।

উপসংহার

যেকোনো জাতীয় দুর্যোগে, দল-মত নির্বিশেষ সকলে ঐক্যবদ্ধভাবে উদ্ধারকাজে অংশগ্রহণ করে, যা আমাদের জাতীয় ঐক্যের প্রতীক। কোনো প্রকার পরিচয় ব্যতিরেকে সামরিক-বেসামরিক, ব্যক্তিগত প্রতিষ্ঠান, স্থানীয় ব্যক্তিবর্গ, সাধারণ জনগণ সকলেই জীবন রক্ষার একটি উদ্দেশ্য নিয়ে কাজে ঝাঁপিয়ে পড়ে। সামরিক ও বেসামরিক সহযোগিতায় এর চেয়ে ভালো নিদর্শন আর কী হতে পারে? এটি একটি জাতির জন্য মহান শিক্ষা, অর্জনও বটে। ধূলিসাৎ একটি ভবন থেকে ২,৪৩৮ জন মানুষকে জীবিত উদ্ধার একটি বিরল ও অনন্যসাধারণ ঘটনা হিসেবে ইতিহাসের পাতায় ঠাঁই করে নেবে।

এই উদ্ধার অভিযানে সেনাবাহিনী, ফায়ার ব্রিগেড, পুলিশ, আনসার-ভিডিপি, রেড ক্রিসেন্টসহ অন্যান্য বেসামরিক সংস্থা একযোগে অংশগ্রহণ করে। উদ্ধার তৎপরতায় এসব সংস্থার অবদান অনস্বীকার্য। উদ্ধারকাজের সব পর্যায়ে বুয়েটের তত্ত্বাবধানে উদ্ভাবিত উপায় ব্যবহার করা হয়েছে। যতক্ষণ পর্যন্ত একজন মানুষকেও জীবিত উদ্ধারের সম্ভাবনা ছিল, ততক্ষণ পর্যন্ত ছোট ছোট মেশিন দ্বারা নিজ হাতে উদ্ধার কার্যক্রম পরিচালিত হয়েছে। ৯ পদাতিক ডিভিশনের সমন্বয় কক্ষ সার্বক্ষণিকভাবে প্রয়োজনীয় নির্দেশনা ও বিশেষজ্ঞ মতামত দিয়ে উদ্ধারকাজকে সমন্বয় করেছে।

এ অভিযান পরিচালনায় সকলেরই বিবিধ সীমাবদ্ধতা ছিল। অপর্যাপ্ত প্রশিক্ষণ ও

সরঞ্জামের অপ্রতুলতা তার মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য। সব নীতিনির্ধারক ও কর্ণধারের মধ্যে সমন্বয় সাধন ছিল এ অভিযানের সবচেয়ে বড় চ্যালেঞ্জ। উদ্ধারকারীদের মধ্যে সমন্বয় ও তাদের নিরাপত্তার বিষয়টিও কর্তৃপক্ষের কার্যবিধির মধ্যে উল্লেখযোগ্য ছিল। এই মর্মান্তিক ঘটনা আমাদের ভবিষ্যতের জন্য বিরাট শিক্ষণীয় বিষয় রেখে গেছে। একটি সুনির্দিষ্ট আদেশ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা, যথাযথ প্রশিক্ষণ, প্রয়োজনীয় সরঞ্জামাদির ব্যবস্থাকরণ, বহুতল ও বাণিজ্যিক ভবনের জরিপ, এতদবিষয় সংক্রান্ত আইনের প্রয়োগ এবং যৌথ অনুশীলন ভবিষ্যতের জন্য ফলপ্রসূ হতে পারে।

সুপারিশসমূহ

ভবিষ্যতে দুর্যোগ মোকাবিলার প্রস্তুতিতে নিম্নোক্ত প্রস্তাবনাসমূহ সুদূরপ্রসারী ভূমিকা রাখতে পারে :

- সব পক্ষের সমন্বয়ে যথাযথ নিয়ন্ত্রণ কক্ষ এবং সুবিধাজনক আদেশ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রণয়ন করা।

- দুর্যোগকালে কার্যকর ফলাফল পাওয়ার লক্ষ্যে স্বাভাবিক সময়ে আদেশ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা অনুশীলন করা।

- বিজিএমইএ কর্তৃক ডিজিটাল ডাটা ব্যাংক স্থাপন করা, যাতে একটি নির্দিষ্ট সময়ে কোন পোশাক কারখানায় কতজন শ্রমিক কর্মরত ছিলেন, তা জানা যায়।

- প্রণীত বিধিবিধানের যথাযথ প্রয়োগ করা, যাতে ত্রুটিযুক্ত নকশার কোনো ভবন তৈরি না হয়। শিল্প-কারখানার জন্য নির্দেশিত কাঠামোগত নকশা অনুসরণ করে ভবন তৈরি করা উচিত। নিরাপত্তা দৃষ্টিকোণ থেকে শ্রেণিবিভাগ করার জন্য বাংলাদেশের সব পোশাক কারখানা ভবনে জরুরি ভিত্তিতে জরিপ চালানো উচিত।

- আবাসিক এলাকায় পোশাক কারখানার অনুমতি দেওয়া উচিত নয়। আবাসিক এলাকায় অবস্থিত পোশাক কারখানা জরুরি ভিত্তিতে শিল্পের জন্য নির্ধারিত স্থানে স্থানান্তর করা উচিত।

- রাজউক/সিটি কর্পোরেশন/পৌরসভা কর্তৃক ভবন নির্মাণে যথাযথ আইন মানা হচ্ছে কি না, তা তদারক করা উচিত। ভবন যথাযথ পরিদর্শনের পরেই কারখানা স্থাপনের অনুমতি দেওয়া উচিত।

- যথেষ্ট ও যথাযথ প্রশিক্ষণ এবং সকল স্তরের ও পর্যায়ের সংগঠন ও ব্যক্তিবর্গের অংশগ্রহণে নিয়মিত যৌথ অনুশীলনের আয়োজন করতে হবে।

- ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ফোর্সের জনবল বৃদ্ধি ও যথাযথ উদ্ধার সরঞ্জাম ক্রয়ের মাধ্যমে দুর্যোগ মোকাবিলার সক্ষমতা বহুলাংশে বৃদ্ধি করা যাবে।

তথ্যসূত্র

প্রেজেন্টেশন

১। ০৮ মে ২০১৩, ৯ পদাতিক ডিভিশন কর্তৃক উচ্চপদস্থ বৈদেশিক কর্মকর্তাদের প্রদত্ত উপস্থাপনা 'Rana Plaza Rescue Operation.'

২। মো. ইমতিয়াজ কবির কর্তৃক ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির এমবিএ গ্র্যাজুয়েটদের প্রদত্ত উপস্থাপনা 'Who to be blamed for the miseries of the Garments workers in Bangladesh?'

আর্টিকেলস

৩। হিশাম বিন মোস্তফা কর্তৃক রচিত ইংরেজি প্রবন্ধ 'Brief History of the Rana Plaza Tragedy.'

৪। উইকিপিডিয়া হতে সংগৃহীত '2013 Savar Building Collapse'

৫। ইনাম আহমেদ কর্তৃক রচিত ইংরেজি প্রবন্ধ 'Rana Plaza will remind us how a nation united at a crucial time to help humanity'

ওয়েবসাইট

৬। www.thedailystar.net/rana-plaza

৭। www.en.wikipedia.org/wiki/2013-savar-building-collapse

৮। www.brainyquote.com/quotes/..../natural-disasters, html

লে. কর্নেল মোহা. আমিরুল ইসলাম, পিএসসি, আর্টিলারি, ২০ ডিসেম্বর ১৯৯২ সালে বাংলাদেশ সেনাবাহিনীর আর্টিলারি কোরে কমিশন লাভ করেন। তিনি আর্টিলারি রেজিমেন্টে বিভিন্ন নিযুক্তিতে অত্যন্ত নিষ্ঠার সঙ্গে কর্তব্য পালন করেছেন। এ ছাড়া তিনি ডিফেন্স সার্ভিস কমান্ড অ্যান্ড স্টাফ কলেজের গ্র্যাজুয়েট এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে মাস্টার্স অব ডিফেন্স স্টাডিজ সম্পন্ন করেন। তিনি ২৬ ফিল্ড রেজিমেন্টের উপ-অধিনায়ক এবং ১১ এসপি রেজিমেন্টের অধিনায়ক হিসেবে কর্তব্য পালন করেছেন। বর্তমানে তিনি সহকারী সামরিক সচিব হিসেবে সেনাসদর, সামরিক সচিবের শাখায় কর্মরত আছেন।

সহজ ভাষায় বাংলাদেশের সমুদ্রজয়

লে. কর্নেল কাজী নাদির হোসেন, পিএসসি, জি, আর্টিলারি

ভূমিকা

১৯৭১ সালের ১৬ ডিসেম্বর স্বাধীনতা অর্জনের অব্যবহিত পর থেকেই গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অত্যন্ত বন্ধুসুলভ পররাষ্ট্রনীতি অনুসরণের মাধ্যমে দক্ষিণ এশিয়া তথা বিশ্বের দরবারে একটি শান্তিকামী রাষ্ট্র হিসেবে পরিচিতি লাভ করে। এই নীতি অনুসরণ করে একই সময়ে বাংলাদেশ তার প্রতিবেশী রাষ্ট্রসমূহের সঙ্গে জল ও স্থল বহিঃসীমানা সংক্রান্ত বিরোধ নিরসনের জন্য বলিষ্ঠ কূটনৈতিক সংযোগ, প্রয়োজনীয় লবিং ও দ্বিপক্ষীয় প্রচেষ্টার সূচনা করে। তবে রাষ্ট্রীয় প্রচেষ্টায় দীর্ঘকাল ধারাবাহিকতার ঘাটতি থাকায় ১৯৭১-পরবর্তী ৪০ বছর ধরে জলসীমানা নির্ধারণের বিষয়টি অনিষ্পন্ন অবস্থায় ছিল। পরবর্তীকালে (২০০০, ২০০৭ ও ২০০৯ সালে) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিচক্ষণ, সময়োপযোগী ও সাহসী পদক্ষেপ গ্রহণের কারণে আন্তর্জাতিক আদালতের মাধ্যমে ৭ জুলাই ২০১৪ সালে ভারত ও ১৫ মার্চ ২০১২ সালে মিয়ানমারের সঙ্গে সমুদ্রসীমা-সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি সম্ভব হয়েছে। বলা বাহুল্য উভয় দেশের সঙ্গেই আমাদের প্রাপ্য বিজয় অর্জিত হয়েছে। সে সঙ্গে দেশের জন্য উন্মোচিত হয়েছে বিপুল অর্থনৈতিক সম্ভাবনার ক্ষেত্র। এই বিজয় নিশ্চিতভাবেই বাংলাদেশকে দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ায় একটি মর্যাদাপূর্ণ ও অর্থনৈতিকভাবে সমৃদ্ধ দেশ হিসেবে প্রতিষ্ঠিত হতে সহায়তা করবে। একই সঙ্গে উভয় রায়ই বিশ্বের দরবারে শান্তিপূর্ণ উপায়ে দ্বিপক্ষীয় বিরোধ মীমাংসার এক উত্তম ও অনন্য দৃষ্টান্ত হিসেবে শত শত বছর উচ্চারিত হবে বলে আমরা নিশ্চিত।

আন্তর্জাতিক সমুদ্রসীমা নির্ধারণ ও সমুদ্র-সংক্রান্ত সব বিষয় ইউনাইটেড নেশন কনভেনশন অন দ্য ল অব দ্য সি (UNCLOS)-এর ধারা অনুযায়ী মীমাংসিত ও পরিচালিত হয়। এ আইন মেনে বিচারকার্য পরিচালনা করার জন্য আন্তর্জাতিকভাবে সর্বজনস্বীকৃত দুটি আদালত রয়েছে। এর একটি জার্মানিতে অবস্থিত ইন্টারন্যাশনাল ট্রাইব্যুনাল ফর দ্য ল অব দ্য সি (ইটলস) এবং অন্যটি হল্যান্ডের দ্য হেগে অবস্থিত ইন্টারন্যাশনাল কোর্ট অব জাস্টিস (আইসিজে)। আনক্লজ-এর আর্টিকেল ২৮৭ এবং ক্রোড়পত্র ০৭, ১৯৮২ অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০০৯ সালের ৮ নভেম্বর মিয়ানমারের সঙ্গে সমুদ্রসীমা নির্ধারণের কাজ শুরু করে এবং একই বছর ১৩ ডিসেম্বর উভয় দেশ ITLOS-এর বিচারকার্য মেনে নিতে সম্মতি জানায়। অতঃপর প্রয়োজনীয় পূর্বপ্রস্তুতি, তথ্য-উপাত্ত সংগ্রহ, উপযুক্ত আদালত নির্বাচন ও আইনজীবী নিয়োগ, যুক্তিতর্ক উপস্থাপন ও সর্বোপরি শক্তিশালী লবিং, কূটনৈতিক দৃঢ়তা ও বিচক্ষণতার স্বাক্ষর রেখে ২০১২ সালে ট্রাইব্যুনাল প্রদত্ত রায়ে মিয়ানমারের বিপক্ষে বাংলাদেশ জয়ী হয়। একইভাবে ২০১৪ সালে দ্য হেগের সালিশি ট্রাইব্যুনাল কর্তৃক ভারতের সঙ্গে সমুদ্রসীমা বিরোধের মামলায় প্রদত্ত রায়ও মূলত বাংলাদেশের পক্ষেই যায়। যার ফলে চার দশকের বেশি সময় ধরে বিরাজমান সমুদ্রসীমা-সংক্রান্ত সমস্যার শান্তিপূর্ণ নিষ্পত্তি ঘটে এবং সমুদ্র হতে সম্পদ আহরণের পথে যে প্রতিবন্ধকতা সৃষ্টি হয়েছিল, তা-ও দূর হয়ে যায়।

আন্তর্জাতিক আদালতে পাওয়া সমুদ্রসীমা সংক্রান্ত রায়ে মূলত আমাদেরই বিজয় হয়েছে। বিষয়টি সাধারণ মানুষের চোখে যেমনি, তেমনি সমুদ্র বিশেষজ্ঞদের বিশ্লেষণেও একইভাবে স্বীকৃত হয়েছে। কেননা, এই রায়ের মাধ্যমে আমাদের দাবীকৃত সুবিশাল এলাকার প্রায় পুরোটাই আমরা পেয়েছি এবং যুদ্ধকালীন সম্ভাব্য সমুদ্রপথে আবদ্ধ (সি-লকড্) অবস্থা থেকে মুক্ত হয়েছি। এর ফলে আমাদের জাতীয় প্রতিরক্ষা ব্যবস্থা

আরও শক্তিশালী ও কার্যকর হবে। এ ছাড়া রায়ের পর এখন বিরোধপূর্ণ কোনো অঞ্চলের অস্তিত্ব না থাকায় এখানে অর্থনৈতিক কর্মকাণ্ড সম্ভব হবে, যা বাংলাদেশের সামগ্রিক আর্থসামাজিক উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করবে। এসবের পাশাপাশি বড় প্রতিবেশী রাষ্ট্রকে পারস্পরিক বিরোধপূর্ণ দ্বিপক্ষীয় বিষয়ে কৌশলে আন্তর্জাতিক আদালতে নিয়ে যেতে পারাটাও ছিল আমাদের জন্য এক অসামান্য কূটনৈতিক সাফল্য। এ অর্জন শুধু সরকারের নয়, বরং রাষ্ট্র হিসেবে পুরো বাংলাদেশের। তাই এ সম্বন্ধে সব সচেতন নাগরিকের মৌলিক ও প্রাথমিক জ্ঞান থাকা একান্ত প্রয়োজন। আর সেই প্রয়োজনীয়তার প্রতি লক্ষ্য রেখে সরল ভাষায় বাংলাদেশের সমুদ্র বিজয় সম্বন্ধে সবাইকে ধারণা দেওয়াই এ লেখার উদ্দেশ্য। তবে লেখার পরিধি সীমিত রাখার জন্য এখানে সমুদ্রজয় থেকে সৃষ্ট সম্ভাবনাসমূহ বিস্তারিতভাবে আলোচনা করা হবে না, বরং সমুদ্রসীমা সংক্রান্ত বিরোধ নিষ্পত্তিকে কেন আমরা আমাদের বিজয় বলছি, কেবল সে বিষয়েই আলোচনা করা হবে।

সমুদ্র অঞ্চল নিয়ে চলা দীর্ঘ বিরোধের উপযুক্ত সমাপ্তি

